পুরুলিয়ায়
গীতাঞ্জলি
ফরেস্ট রিট্রিট
পাহাড় আর সবুজের মাঝে এক অপরূপ ডেস্টিনেশন

দুরন্ত বার্তা

সুচিকিৎসা
মাসিক স্বাস্থ্য পত্রিকা
দামঃ ১৫ টাকা
পত্রিকা সংগ্রহ করতে আজই নিকটবর্তী এজেন্টের সাথে যোগাযোগ করুন।

১ ইন্টারনেট সংস্করণ http://durantbarta.com কলকাতা Volume No. 29, Issue No.: 212 Tuesday, 2 July, 2024 ❋ ২৯ বর্ষ, ২১২ সংখ্যা ❋ ১৭ আষাঢ়, ১৪৩১, মঙ্গলবার, ২ জুলাই, ২০২৪ ❋ আজ ৮ পাতা ❋ মূল্য- ৩ টাকা

রাহুল-বাণে ছিন্নভিন্ন মোদি-শাহ, শিবের ছবি তুলে ধরে প্রতিবাদ

‘যারা নিজেদের হিন্দু বলে দাবি করেন, তারা ঘৃণা ছড়াতে চান’

নয়াদিল্লি, ১ জুলাইঃ লোকসভায় সোমবার ভগবান শিবের ছবি তুলে ধরে সরকারি নীতি ও বিধিবিধানের প্রতিবাদ জানালেন বিরোধী দলনেতা রাহুল গান্ধি। প্রায় সঙ্গে সঙ্গেই ট্রেজারি বেঞ্চ থেকে হইহই রব উঠে যায়। শুধু শিবের ছবিই নয়, ভাষণে গুরু নানক, যিশু খ্রিস্টের প্রসঙ্গেরও অবতারণা করেন কংগ্রেস নেতা। শিবের পোস্টার তুলে ধরায় লোকসভার স্পিকার ওম বিড়লা আপত্তি জানিয়ে বলেন, ‘‘সভার বিধি অনুযায়ী এখানে প্যাকার্ড দেখানো যায় না।’’ কিন্তু, অদম্য রাহুল বলে চলেন, ‘‘ভারতের চিন্তাভাবনার বিরুদ্ধে একটি সংগঠিত, কৌশলগত, সর্বাত্মক আঘাত চলছে। সংবিধান রক্ষা এবং সংবিধানের উপর আক্রমণ যারা প্রতিরোধ করার চেষ্টা করছে তাদের নিশানা করা হচ্ছে।’’ রাহুলের বক্তব্য, ‘‘আমাদের অনেকের বিরুদ্ধে ব্যক্তি আক্রমণ করা হচ্ছে। কয়েকজন নেতা এখনও জেলে রয়েছেন। ক্ষমতা, সম্পদ, দলিত, সংখ্যালঘু ও গরিবের উপর আগ্রাসনের বিরুদ্ধে যারাই সরব হচ্ছে, তাদের গুঁড়িয়ে দেওয়া হচ্ছে।’’ তিনি আরও বলেন, ‘‘ভারত সরকারের নির্দেশে আমাকে আক্রমণ করা হয়েছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নির্দেশে ইডি আমাকে ৫৫ ঘণ্টা ধরে জেরা করেছে।’’ প্রধানমন্ত্রী মহাত্মা গান্ধি মারা গিয়েছেন বলায় রাহুল তা নিয়েও খড়্গহস্ত হন মোদির বিরুদ্ধে। রাহুল বলেন, ‘‘গান্ধি মারা যাননি, আজও তিনি বেঁচে আছেন। তাঁর আদর্শ বেঁচে আছে।’’ রাহুলের কথায়, ‘‘যারা নিজেদের হিন্দু বলে গর্ববোধ করে, তারা কেবলমাত্র হিংসা, ঘৃণা ও অসত্য বলে। বিজেপি এবং আরএসএসই হিন্দু সম্প্রদায়ের পরাকাষ্ঠা নয়।’’ হাতে ভারতের সংবিধান নিয়ে এদিনের রাহুলের আক্রমণের মুখে মোদিকেও খানিকটা নিষ্প্রভ দেখায় কিছুক্ষণের জন্য। রাহুলের এইসব কথার মধ্যে সরকারপক্ষের এমপিরা রে রে করে ওঠেন বারবার। রাহুল বলেন, ‘‘আমাদের মহাপুরুষরা অহিংসার কথা বলে গিয়েছেন। কিন্তু, এখন যারা নিজেদের হিন্দু বলে দাবি করেন, তারা আসলে ঘৃণা ছড়াতে চান। হিন্দিতে বলেন, আপ হিন্দু হো হি নেহি।’’ রাহুলের এই কথার জবাব দিতে দাঁড়িয়ে পড়েন খোদ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিও। তিনি বলেন, ‘‘সভার ভিতরে হিন্দুত্ব নিয়ে কথা বলা বিধিভঙ্গের শামিল। সংসদের ভিতরে হিন্দুদের হিংসাত্মক বলা গুরুতর বিষয়।’’ কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহও কংগ্রেস নেতার বক্তব্যের বিরোধিতা করেন। তিনি রাহুলকে ক্ষমা চাইতে বলেন। নিট পরীক্ষার দুর্নীতি নিয়েও এদিন ছেড়ে কথা বলেননি কংগ্রেস এমপি। তিনি বলেন, ‘‘সরকার এই পরীক্ষাকে ব্যবসার পরীক্ষা বানিয়ে ছেড়েছে।’’ তিনি দাবি করে বলেন, ‘‘লিখে রাখুন গুজরাতের বিধানসভা ভোটে ইন্ডিয়া জোট জিতবে।’

৫ দিনের পুলিশি হেফাজতে জেসিবি, খুনের অভিযোগ সহ ১২ কেসের উল্লেখ আদালতে

দুরন্ত বার্তা, ইসলামপুর, ১ জুলাইঃ ৫ দিনের পুলিশি হেফাজতে সালিশিকাণ্ডে ধৃত তৃণমূল নেতা তাজমূল ওরফে জেবিসি। ১০ দিনের পুলিশ হেফাজত চেয়েছিল পুলিশ। কিন্তু, পাঁচদিনের হেফাজত মঞ্জুর ইসলামপুর আদালতের। জেসিবির বিরুদ্ধে খুনের চেষ্টা, গুরুতর জখম করা, শ্লীলতাহানি, মহিলার সঙ্গে অভব্য আচরণ, ষড়যন্ত্র করে অপরাধ ঘটনোর মতো একাধিক গুরুতর ধারায় মামলা হয়েছে তাঁর বিরুদ্ধে। সরকারি আইনজীবী সঞ্জয় ভাওয়াল বলছেন, ‘‘ভারতীয় দণ্ডবিধির বিভিন্ন ধারায় মামলা হয়েছে। খুনের চেষ্টা, শ্লীলতাহানির মতো গুরুতর অভিযোগ রয়েছে। ৫ দিনের পুলিশ হেফাজত দিয়েছেন বিচারক। তবে ওর বিরুদ্ধে তদন্তকারী অফিসার এদিন ১২টি কেসের উল্লেখ করেছেন। তার মধ্যে খুনের কেসও

রয়েছে। পুলিশ তো এই কেসে সুয়োমোটো মামলা করেছিল। প্রথমে পুলিশের কাছে ওই ভিডিয়োটা আসে। তারপর পুলিশ নিজেই কেস দায়ের করে।’’ এদিকে পুলিশ তাঁর বিরুদ্ধে ১২টি কেসের কথা বলছে, তার মধ্যে খুনের অভিযোগও রয়েছে। কিন্তু তারপরেও এই তাজমূল ওরফে জেসিবি মাথা উঁচু করে এতদিন এলাকায় দাপটের সঙ্গে ঘুরল সেই প্রশ্ন উঠছে রাজনৈতিক মহলে। প্রশ্ন ঘোরাফেরা করছে আম-আদমির মনেও। বাহুবল, শাসকদলের সঙ্গে ওঠাবসা, বিধায়কের ‘ঘরের ছেলে’ হওয়ার কারণেই কী এত দাপট? প্রশ্ন রয়েই যাচ্ছে। একইসঙ্গে সব জানার পরেও পুলিশ কেন কোনও ব্যবস্থা নেয়নি, কেন এতদিন পর গ্রেফতার, সেই প্রশ্ন ঘোরাফেরা করছে। এদিকে চোপড়ায় প্রকাশ্য রাস্তায় ফেলে যুবক-যুবতীকে পেটানোর ঘটনা বাংলার পাশাপাশি শোরগোল ফেলেছে গোটা দেশেই। তৃণমূলের বিরুদ্ধে সুর চড়িয়েছে বিজেপি। রাজনৈতিক মহলেও চলছে জোর বিতর্ক। অন্যদিকে এই ঘটনায় অবশেষে আইসির বিরুদ্ধে পদক্ষেপ করল পুলিশ। ওই ঘটনায় চোপড়ার আইসিকে শো-কজ করা হয়েছে বলে সোশ্যাল মিডিয়ায় পশ্চিমবঙ্গ পুলিশের তরফে পোস্ট করে জানানো হয়েছে। সোমবার দুপুরে পশ্চিমবঙ্গ পুলিশের তরফে সোশ্যাল মিডিয়ায় পোস্ট করে লেখা হয়েছে, চোপড়ায় মহিলাকে প্রকাশ্যে মারধরের ঘটনায় কিছু লোক রাজনীতির রং লাগানোর অপচেষ্টা করছেন। কিন্তু ঘটনা হল, ঘটনার কথা জানতে পেরেই পুলিশ দ্রুত অভিযুক্তকে গ্রেফতার করে চিহ্নিত করেছে। স্বতঃপ্রণোদিত মামলা করে পুলিশ তদন্ত চালিয়ে যাচ্ছে।

‘আপনি আসুন, আমি গেট থেকে রিসিভ করে বিধানসভায় আনব’

রাজ্যপালকে আহ্বান স্পিকারের

দুরন্ত বার্তা, কলকাতা ১ জুলাইঃ জয়ী বিধায়করা শপথ নিতে পারছেন না। কারণ রাজ্যপাল সিভি আনন্দ বোস জেদ ধরে বসে রয়েছেন। তাই বরাহনগরের জয়ী তৃণমূল কংগ্রেস প্রার্থী সায়ন্তিকা বন্দ্যোপাধ্যায় ও ভগবানগোলার তৃণমূল কংগ্রেসের প্রার্থী রেয়াত হোসেনের শপথগ্রহণ ঘিরে টালবাহানা চলছে বলে দাবি তৃণমূল কংগ্রেসের। আজ, সোমবারও বিধানসভা চত্বরে ওই দুই জয়ী বিধায়ক ধরনায় বসেন। এই রোজ ধরনায় বসে থাকা এবং শপথ না হওয়া নিয়ে আজও তাঁরা রাজ্যপালকে চিঠি পাঠান। যা নিয়ে আজ সাংবাদিকদের মুখোমুখি হলেন বিধানসভার অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায়। তিনি আবারও সৌজন্য দেখিয়ে রাজ্যপালের উদ্দেশে বার্তা দিয়েছেন। রাজ্যপাল সিভি আনন্দ বোসের অনড় অবস্থানের মুখে দুই বিধায়কের বক্তব্য, উনি বিধানসভায় আসুন। আর বিধানসভাতেই শপথবাক্য পাঠ করান। এবার বিধানসভার অধ্যক্ষ এমন পরিস্থিতি দেখে আজ সাংবাদিকদের বলেন, ‘‘আমি চাই আজই শপথ হোক বিধায়কদের। সারা রাজ্যের মানুষ এটা দেখছেন। তামাশার জায়গা করে দিচ্ছেন। রাজ্যপালের এটা বোঝা উচিত। এখনও আমি তাঁর কাছে সৌজন্যের সঙ্গে আবেদন করব, আপনি আসুন ওদের শপথবাক্য পাঠ করান। আমি আপনাকে গেট থেকে রিসিভ করে বিধানসভায় নিয়ে আসব।’’ আজও রাজ্যপাল সিভি আনন্দ বোসের কাছে চিঠি পাঠিয়েছেন সায়ন্তিকা-রেয়াতরা। সে কথা সাংবাদিকদের নিজেই জানালেন অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায়। তাঁর বক্তব্য, ‘‘ওদের চিঠির প্রেক্ষিতে আমিও আজ চিঠি লিখব। আমি আগেই বলেছি আবারও বলছি, রাজ্যপাল আসুন বিধানসভায় এবং ওদের শপথবাক্য পাঠ করান। আর যদি ওনার এখানে আসতে অসুবিধা থাকে তাহলে পরিষদীয় গণতন্ত্রের কনভেশন অনুযায়ী স্পিকারের উপর দায়িত্ব দিন শপথবাক্য পাঠ করানোর।’’ অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায় ইতিমধ্যেই গোটা ঘটনা নিয়ে আক্ষেপ করে নিজে রাজ্যপালকে চিঠি লিখে বিধানসভায় আসার আবেদন করেছেন। এছাড়া বিকল্প কোনও পথ খুঁজে পাওয়া যায় কি না তা নিয়ে ভাবনা রয়েছে তাঁর। আইনি পরামর্শ নেওয়া চলছে বলে খবর। ইতিমধ্যেই রাজ্যের অ্যাডভোকেট জেনারেলের সঙ্গে কথা বলেছেন অধ্যক্ষ। স্পিকার বিমান বন্দ্যোপাধ্যায়ের কথায়, ‘‘ওঁরা বিধানসভার সদস্য তাই এখানেই ওঁদের শপথ নেওয়া বাঞ্ছনীয়। এটা এর আগেও একাধিকবার হয়েছে। রাজ্যপাল থাকাকালীন জগদীপ ধনখড় বিধানসভায় এসে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়-সহ আরও দু’জনকে শপথবাক্য পাঠ করিয়েছিলেন। ওর অসুবিধা কোথায়? এটা তো জেদাজেদির বিষয় নয়। সাংবিধানিক প্রধান হিসাবে নিজের দায়িত্ব নিয়ে চিন্তাভাবনা করা উচিত।’’

দিল্লি থেকে ফিরে সোজা উত্তরবঙ্গে রাজ্যপাল! যাবেন চোপড়া ও কোচবিহারে

দুরন্ত বার্তা, কলকাতা ১ জুলাইঃ চোপড়ার ঘটনার আঁচ বাংলার সীমানা ছাড়িয়ে পৌঁছে গিয়েছে দিল্লির রাজনীতির অলিন্দেও। সরব হয়েছেন জে পি নাড্ডা থেকে শুরু করে বিজেপির প্রথম সারির নেতারা। রাজ্যপাল সিভি আনন্দ বোসও এখন রয়েছেন দিল্লিতে। তিনি ইতিমধ্যেই চোপড়ার ঘটনায় রাজ্যের থেকে রিপোর্ট তলব করেছেন। আগামিকাল দিল্লি থেকে ফেরার কথা রয়েছে রাজ্যপাল বোসের। বাংলায় ফিরেই চোপড়া ও কোচবিহারে যাওয়ার কথা রয়েছে তাঁর। রাজভবন সূত্রে খবর, দিল্লি থেকে সোজা তিনি পৌঁছে যাবেন উত্তরবঙ্গে। দিল্লি থেকে বাগডোগরা হয়ে কোচবিহার ও চোপড়া উভয় জায়গাতেই যাবেন বাংলার সাংবিধানিক প্রধান। তবে রাজপালের সফরসূচিতে কোচবিহার ও চোপড়ার কোন কোন জায়গা রয়েছে সে বিষয়টি এখনও জানা যায়নি। যদিও রাজভবন সূত্রে খবর, কোচবিহার ও চোপড়ার আক্রান্তরা রাজ্যপালের সঙ্গে দেখা করতে চেয়েছিলেন। সেই সূত্র ধরেই রাজ্যপাল বোস দিল্লি থেকে সরাসরি উত্তরবঙ্গে যাচ্ছেন। উল্লেখ্য, কোচবিহারের মাথাভাঙায় বিজেপির এক মহিলা কর্মীকে বেধড়ক মারধরের অভিযোগ উঠেছে। জাতীয় মহিলা কমিশনের প্রতিনিধি ইতিমধ্যেই কোচবিহারে গিয়ে আক্রান্তের সঙ্গে কথা বলেছেন। তারপর গতকাল উত্তর দিনাজপুরের চোপড়াতে এক যুবতীকে জনসমক্ষে বেধড়ক মারধরের অভিযোগে শিউরে উঠেছে বাংলা। চোপড়ার ঘটনায় সোমবারই রাজ্যের থেকে রিপোর্ট তলব করেছেন রাজ্যপাল। আর এবার দিল্লি থেকে ফিরেই প্রথমেই উত্তরবঙ্গে যাচ্ছেন তিনি।

‘কালা আইন’-এর বিরুদ্ধে প্রতিবাদ, রাজ্যের একাধিক আদালতেই বন্ধ রইল কাজ

দুরন্ত বার্তা, কলকাতা, ১ জুলাইঃ ‘ভারতীয় ন্যায় সংহিতা’ সহ তিন নতুন আইনের বিরোধিতায় সোমবার রাজ্যের বহু আদালতেই বন্ধ রইল কাজ। কলকাতা হাইকোর্টে আগেই মামলার শুনানি করে জানিয়ে দেওয়া হয়, এদিন যাঁরা কাজে যোগ দেবেন না, তাঁদের বিরুদ্ধে কোনও পদক্ষেপ করা হবে না। মূলত বার কাউন্সিলের তৃণমূলপন্থী আইনজীবীরা কালো ব্যাজ পরে প্রতিবাদ জানান এদিন। হাইকোর্টে অধিকাংশ আইনজীবী এদিন প্রতিবাদে এজলাসে না যাওয়ায়, হাইকোর্টের অধিকাংশ বিচারপতি সকাল সাড়ে ১১টার পর উঠে যান। আবার নিম্ন আদালতেও আইনজীবীরা কাজে যোগ না দেওয়ায় কাজ ব্যাহত হয়েছে অনেকাংশেই। বারের প্রাক্তন ভাইস প্রেসিডেন্ট ললিত মাহাত এদিন জানান, বার কাউন্সিলের তরফ থেকে, ‘কালা কানুনে’র বিরুদ্ধে প্রতিবাদ জানানো হবে। সব আইনজীবীদের জন্যই এটা প্রযোজ্য। রাজ্যের অন্যান্য আদালতেও একই ছবি দেখা যায় এদিন। আইনজীবী সঞ্জয় বর্ধন উল্লেখ করেছেন, মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় ইতিমধ্যেই প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিকে চিঠি দিয়ে জানিয়েছেন, কোনও আলোচনা না করেই আইন পাশ করা হয়েছে। সেই ফৌজদারী আইন নিয়েই কালা দিবসের ডাক দিয়েছে কাউন্সিল। আইনজীবী বলেন, ‘‘এটি কঠোর আইন, সংবিধান বিরোধী, অগণতান্ত্রিক। এই আইন কার্যকর না করার আবেদন জানাচ্ছি।’’ সোমবার থেকে দেশ জুড়ে কার্যকর হয়েছে ভারতীয় ন্যায় সংহিতা, ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা ও ভারতীয় সাক্ষ্য অধিনিয়ম।

‘দ্রৌপদীর মতো বস্ত্রহরণ হয়েছে, কৃষ্ণ হয়েছেন জনতা, প্রধানমন্ত্রী শুনুন’, লোকসভায় সোচ্চার মহুয়া

নয়াদিল্লি, ১ জুলাইঃ সোমবার রাহুল গান্ধি সহ ইন্ডিয়া জোটের লাগাতার ক্ষেপণাস্ত্র হামলার মুখে পড়ল প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির বিজেপি সরকার। এদিন তৃণমূল এমপি মহুয়া মৈত্র লোকসভায় অভিযোগ তোলেন, সদ্য অনুষ্ঠিত নির্বাচন ও তার আগে থেকে মহাভারতের দ্রৌপদীর মতো আমার বস্ত্রহরণ করেছে শাসকদল। কিন্তু, জনতা জনার্দন কৃষ্ণ হয়ে দাঁড়ানোয় তাঁর লাজরক্ষা পেয়েছে। রাষ্ট্রপতির ভাষণের উপর আলোচনায় মহুয়া এদিন একতরফা আক্রমণ শানান মোদি সরকারের বিরুদ্ধে। রাহুলের বক্তব্যের শেষে বলতে উঠে মহুয়া বলেন, ‘‘আমাকে এই সভাতেই কথা বলার সুযোগ দেওয়া হয়নি। আমাকে বসতে দেওয়া হয়নি। কিন্তু, সেটা যারা করেছে আজ তাদেরই ৬৩ জন এমপিকে জনতা চিরকালের জন্য বাড়িতে বসিয়ে রেখে দিয়েছে। দেশের মানুষ বিজেপিকে ৩০৩ থেকে ২৪০-এ নামিয়ে এনেছে।’’ তৃণমূল সাংসদ মহুয়া মৈত্র যখন বলতে ওঠেন, তখন প্রধানমন্ত্রী মোদি আসন ছেড়ে বেরিয়ে যাওয়ার উদ্দেশ্য উঠে পড়েন। তখন মহুয়া

বলেন, ‘‘মাননীয় প্রধানমন্ত্রীজি আপনাকে অনুরোধ করছি আজ অন্তত আমার কথা শুনে যান। আপনি এখানে আড়াই ঘণ্টা ধরে আপনি বসে আছেন আমার এই কথাটাই শুনতে। স্যার, ভয় পাবেন না, ভয় পাবেন না। স্যার আপনি আমার কেন্দ্রে দুবার এসেছিলেন ভোটের আগে। ভোট প্রচার করেছিলেন। স্যার শুনুন, ওকে, আমার দুর্ভাগ্য’’ বলেন মহুয়া। কৃষ্ণনগরের লোকসভা এমপি ভোটে বিজেপির বিপর্যয়কে উপহাসের সুরে বলেন, ‘‘জনপ্রতিনিধিদের কণ্ঠরোধ করার মূল্য চোকাতে হয়েছে শাসকদলকে।’’ মহুয়ার বক্তব্যের সময় ট্রেজারি বেঞ্চ থেকে বিপুল হট্টগোল শুরু হয়। সেই সময় তৃণমূলের সতীর্থরা তাঁদের চুপ করতে বলেন। মহুয়া বলেন, ‘‘যার ইচ্ছে হয় চলে যান। আমি আমার ভাষণ শেষ করে যাব। কারণ আমাকে এখানে বসতে দেওয়ার জন্য ভোটাররা শাসকদলের ৬৩ জনকে ছাঁটাই করে দিয়েছেন।’’ তিনি আরও বলেন, ‘‘সংখ্যালঘু বিজেপি সরকার টিকবে না। কারণ এরা জোটের উপর ভর দিয়ে সরকার গড়েছে।’’ যে কোনওদিন এই সরকার পড়ে যাবে বলে দাবি মহুয়ার।

ন্যাশনাল মেডিকেলে পুলিশের ‘দাদাগিরি’, রোগীর পরিজনদের করা হল লাঠিপেটা!

দুরন্ত বার্তা, কলকাতা, ১ জুলাইঃ ন্যাশনাল মেডিক্যাল কলেজ হাসপাতালে ধুন্ধুমার। হাসপাতাল চত্বরে রোগী পরিবারকে লাঠিপেটা করার অভিযোগ উঠল পুলিশের বিরুদ্ধে। এই ঘটনাকে কেন্দ্র করে রবিবার দুপুরে উত্তপ্ত হয়ে উঠেছিল পরিস্থিতি। সোমবার ওই ভিডিও ভাইরাল হতে শোরগোল পড়ে যায়। যদিও সেই ভিডিওর সত্যতা যাচাই করেনি দুরন্ত বার্তা। ইতিমধ্যেই এমএসভিপি’র কাছে অভিযোগ দায়ের করেছেন রোগীর পরিজনেরা। রবিবার বুকে ব্যথা ওঠায় পার্ক সার্কাসের বাসিন্দা শাহনাজ বেগমকে চিত্তরঞ্জন ন্যাশানাল মেডিক্যাল কলেজ হাসপাতালে নিয়ে গেছিলেন তাঁর আত্মীয়রা। রোগীকে প্রথমে এমার্জেন্সি অবজারভেশন ওয়ার্ডে নিয়ে যাওয়া হয়। সেখান থেকে চিকিৎসকরা তাঁকে কার্ডিওলজি বিভাগে স্থানান্তরিত করা হয়েছিল। কার্ডিওলজি বিভাগের চিকিৎসক তাঁকে পরীক্ষা করে কর্তব্যরত নার্সকে একটি ইঞ্জেকশন দিতে বলেন। ওই ইঞ্জেকশন দেওয়ার পরে মহিলার হাতে যন্ত্রণা শুরু হয়। তাঁর হাত সঙ্গে সঙ্গে ফুলে যায়। এমন অবস্থায় রোগীকে কীসের ইঞ্জেকশন দেওয়া হয়েছে তা জানতে চান

পরিবারের লোকজন। তখনই নার্সের সঙ্গে রোগীর পরিবারের গন্ডগোলের সূত্রপাত ঘটে। রোগী পরিবারের লোকজনের অভিযোগ, কীসের ইঞ্জেকশন জানতে চাওয়া হলে কর্তব্যরত নার্স তাদের সঙ্গে দুর্ব্যবহার করেন। পুলিশ ডেকে তাঁদের ওয়ার্ডের বাইরে বের করে দেন। ওয়ার্ডের বাইরে পুলিশ তাঁদের লাঠিপেটা করেছে। হাসপাতাল কর্তৃপক্ষের পাল্টা অভিযোগ, রোগীর আত্মীয়রা কর্তব্যরত নার্স ও ডাক্তাদের ধাক্কা দিয়েছিল। হাসপাতালের ভিতর শৃঙ্খলা বজায় রাখতে পুলিশ তাঁদের ওয়ার্ড থেকে বের করে দিতে বাধ্য হয়েছে।

কলকাতা-চট্টগ্রাম বাস পরিষেবার পরিকল্পনাকে স্বাগত জানালেন মুখ্যসচিব

দুরন্ত বার্তা, কলকাতা, ১ জুলাইঃ দেশের উত্তর পূর্বাঞ্চলের রাজ্যগুলির সঙ্গে বাণিজ্যিক সম্পর্ক বৃদ্ধিতে বাংলাদেশের মধ্যে দিয়ে পণ্যবাহী গাড়ি চলাচলের জন্য একটি সুনির্দিষ্ট করিডর চালু করার প্রস্তাব দিয়ে রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারকে চিঠি দিয়েছে। মুখ্য সচিব ভগবতী প্রসাদ গোপালিকা সম্প্রতি কেন্দ্রীয় বিদেশ সচিব কে লেখা চিঠিতে শুধুমাত্র পণ্যবাহী গাড়ি চলাচলের জন্য বাংলাদেশের মধ্য দিয়ে একটি করিডর চালু হলে এই রাজ্যের সঙ্গে উত্তর পূর্বাঞ্চলের আসাম, ত্রিপুরা মেঘালয়ের মতো রাজ্যগুলির সড়কপথে দূরত্ব অনেক কমে যাবে বলে উল্লেখ করেছেন বলে নবান্ন সূত্রে জানা গিয়েছে। পাশাপাশি কলকাতা থেকে বাংলাদেশের চট্টগ্রাম পর্যন্ত নতুন বাস রুট চালু করার যে সিদ্ধান্ত কেন্দ্রীয় সরকার নিয়েছে সেই প্রস্তাবকেও স্বাগত জানিয়েছেন মুখ্যসচিব ভগবতী প্রসাদ।

‘দিদির বাংলায় মহিলারা নিরাপদ নন’ চোপড়াকাণ্ড নিয়ে তৃণমূলের তীব্র নিন্দা নড্ডার

নয়াদিল্লি, ১ জুলাইঃ উত্তর দিনাজপুরের চোপড়ায় যুগলকে রাস্তায় ফেলে মধ্যযুগীয় অত্যাচারের ঘটনায় ব্যাপক আলোড়ন পড়ে গিয়েছে রাজ্যসহ গোটা দেশে। ঘটনার ভিডিয়ো সামনে আসতেই তৃণমূলের বিরুদ্ধে তীব্র নিন্দায় সরব হয়েছেন বিরোধীরা। এবার এই ঘটনা নিয়ে প্রতিক্রিয়া জানালেন বিজেপির সর্বভারতীয় সভাপতি জে পি নড্ডা। বিজেপির সর্বভারতীয় সভাপতি সোমবার সমাজ মাধ্যমে ভাইরাল হওয়া ভিডিয়োকে ‘ভয়ঙ্কর’ বলে মন্তব্য করে রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বাধীন সরকারে মহিলাদের নিরাপত্তা নিয়ে প্রশ্ন তুলেছেন। সোমবার সকালে নিজের এক্স হ্যান্ডেলে একটি পোস্ট করে চোপড়ার ঘটনার তীব্র নিন্দা করছেন সভাপতি। তিনি লিখেছেন, ‘পশ্চিমবঙ্গের একটি ভয়ঙ্কর ভিডিয়ো সামনে এসেছে। ধর্মতান্ত্রিক রাষ্ট্রে যে নিষ্ঠুরতা দেখা যায়, এই ঘটনা সে কথা মনে করিয়ে দিচ্ছে। আর তৃণমূলের ক্যাডার ও বিধায়করা সেই কাজে উস্কানি দিচ্ছে।’’ এরপরই সন্দেশখালি সহ একাধিক

জায়গায় এই ধরনের কথা উল্লেখ করে কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী লিখেছেন, ‘সন্দেশখালি হোক বা উত্তর দিনাজপুর অন্য অনেক জায়গা, দিদির পশ্চিমবঙ্গ মহিলাদের জন্য নিরাপদ নয়।’ উল্লেখ্য, ঘটনাটি ঘটেছে শুক্রবার বিকেলে চোপড়ার লক্ষ্মীপুর গ্রামের দীঘলগাঁও এলাকায়। বিবাহ বহির্ভূত সম্পর্কের জেরে যুগলকে রাস্তায় ফেলে মারধর করে সেখানকার বাহুবলী তৃণমূল নেতা তাজমুল ওরফে জেসিবি। সোশ্যাল মিডিয়ায় ভাইরাল হওয়া ভিডিয়োতে দেখা যায়, ওই যুবক তরুণীকে রাস্তায় ফেলে পশ্চাতদেশে বারবার সজোরে আঘাত করছে। তরুণীর পাশে এক যুবক বসে রয়েছে। তাকেও মারধর করছে। মারধরে দুজনেই মাটিতে গড়াগড়ি খাচ্ছে। আর চারপাশে জড়ো হয়ে সেই দৃশ্য দেখছেন স্থানীয় মানুষজন। এমনকী মেয়েটির চুলের মুঠি ধরেও মারধর করতে দেখা যায়। ঘটনায় আলোড়ন পড়তেই তজমুল ওরফে জেসিবিকে গ্রেফতার করে ইসলামপুর থানার পুলিশ। যদিও চোপড়ার তৃণমূল বিধায়ক হামিদুল রহমান অভিযুক্তের সঙ্গে দলের কোনও যোগ নেই বলেই দাবি করেছেন। একইসঙ্গে মহিলা অসামাজিক কাজ করেছেন বলে দাবি করেন। শুধু তাই নয় মহিলাকে তিনি ‘জানোয়ার’ বলেও মন্তব্য করেন। তারপরেই বিধায়কের এরকম মন্তব্যকে কেন্দ্র করে নতুন করে বিতর্ক তৈরি হয়েছে। বিজেপির মুখপাত্র শেহজাদ পুনাওয়ালাও তৃণমূলকে তীব্র আক্রমণ করেছেন। তৃণমূলকে ‘তালিবানি মানসিকতা’ এবং ‘তালিবানি সংস্কৃতি’ বলে কটাক্ষ করেছেন।



চিকিৎসকরা সত্যিই ঈশ্বরের পুনর্জন্মঃ জে পি নাড্ডা

নয়াদিল্লি, ১ জুলাই ঃ চিকিৎসক দিবসে চিকিৎসকদের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করলেন কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী জগৎ প্রকাশ নাড্ডা। সোমবার সামাজিক মাধ্যম এক্স-এ কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী জে পি নাড্ডা লিখেছেন, জাতীয় চিকিৎসক দিবসে সমস্ত চিকিৎসকদের জানাই আন্তরিক শুভেচ্ছা। এটা বললে ভুল হবে না যে চিকিৎসকরা সত্যিই ঈশ্বরের পুনর্জন্ম।কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী জে পি নাড্ডা আরও লিখেছেন, অসংখ্যবার চিকিৎসকরা জীবন রক্ষাকারী হিসাবে আবির্ভূত হয়েছেন। কোভিড মহামারীর সময় ভারতীয় ডাক্তার এবং স্বাস্থ্যসেবা পেশাদারদের দক্ষতা এবং শ্রেষ্ঠত্ব প্রত্যক্ষ করেছে বিশ্ব। আমি সমস্ত চিকিৎসকদের আমার শুভেচ্ছা জানাই, যারা নিজেদের দক্ষতা এবং মানবিক চেতনা দিয়ে আমাদের অনুপ্রাণিত করে চলেছেন।

নির্বাচনে সংবিধান ও গণতান্ত্রিক ব্যবস্থার প্রতি অটুট আস্থা প্রকাশ করেছে জনগণঃপ্রধানমন্ত্রী

নয়াদিল্লি, ১ জুলাইঃ লোকসভা নির্বাচনে সংবিধান ও গণতান্ত্রিক প্রক্রিয়ার প্রতি অটুট আস্থা প্রকাশ করেছে জনগণ। গত রবিবার মন-কি-বাত অনুষ্ঠানে এই মন্তব্য করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। প্রধানমন্ত্রীর কথায়, মন কি বাত রেডিও অনুষ্ঠান হয়তো কয়েক মাসের জন্য বন্ধ ছিল...কিন্তু মন-কি-বাতের প্রতি চেতনা...দেশের জন্য করা কাজ, নিঃস্বার্থ মনোভাব নিয়ে করা কাজ... সমাজে ইতিবাচক প্রভাব অবিচ্ছিন্নভাবে অব্যাহত ছিল।দেশবাসীকে ধন্যবাদ জানিয়ে মোদী বলেছেন, আমি দেশবাসীকেও ধন্যবাদ জানাই, তাঁরা আমাদের সংবিধান এবং দেশের গণতান্ত্রিক ব্যবস্থার প্রতি নিজেদের অটুট আস্থা পুনর্ব্যক্ত করেছেন। ২০২৪ সালের লোকসভা নির্বাচন ছিল বিশ্বের সবচেয়ে বড় নির্বাচন। এত বড় নির্বাচন পৃথিবীর কোনও দেশে হয়নি, যেখানে ৬৫ কোটি মানুষ ভোট দিয়েছেন। আমি নির্বাচন কমিশন এবং নির্বাচনী প্রক্রিয়ার সঙ্গে যুক্ত সবাইকে অভিনন্দন জানাই।

বিচারব্যবস্থায় নতুন যুগের সূচনা, ভারতে লাগু ৩টি নতুন ফৌজদারি আইন

নয়াদিল্লি, ১ জুলাই ঃ ভারতীয় বিচার ব্যবস্থায় সূচনা হল এক নতুন যুগের। ১ জুলাই, সোমবার থেকে দেশের বলবৎ হল ৩টি নতুন ফৌজদারি আইন। নতুন ৩টি ফৌজদারি আইন - ভারতীয় ন্যায় সংহিতা ২০২৩, ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা ২০২৩ এবং ভারতীয় সাক্ষ্য অধিনিয়ম ২০২৩ সোমবার থেকে কার্যকর হয়েছে। এই ৩টি নতুন ফৌজদারি আইনের সৌজন্যে বিচার ব্যবস্থা আরও সুগম ও কার্যকরী হিসেবে উঠে আসবে বলে আশা করা হচ্ছে। এই নতুন আইনের ফলে কোনও ঘটনা অনলাইনে রিপোর্ট করা যাবে ও যে কোনও থানায় এফআইআর ও তার প্রতিলিপি বিনামূল্যে পাবেন অভিযোগকারী। ২০২৩ সালের ডিসেম্বর মাসে প্রায় বিরোধীশূন্য লোকসভায় নতুন ফৌজদারি আইন সংক্রান্ত তিনটি বিল পাশ হয়। রাজ্যসভা হয়ে তা রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর সম্মতি স্বাক্ষরের পরেই দেশে কার্যকর হল ১ জুলাই। সোমবার থেকেই ভারতে কার্যকর হল দণ্ডসংহিতা সংক্রান্ত তিনটি নতুন আইন। ফলে ভারতীয় আইন ব্যবস্থা থেকে পুরোপুরি মুছে যাচ্ছে ব্রিটিশ আমলে তৈরি হওয়া নিয়মগুলি। ১৮৬০ সালে তৈরি 'ইন্ডিয়ান পেনাল কোড' (ভারতীয় দণ্ডবিধি) প্রতিস্থাপিত হয়েছে ' ন্যায় সংহিতা' দিয়ে। ১৮৯৮ সালের 'ক্রিমিনাল প্রসিডিওর অ্যাক্ট' (ফৌজদারি দণ্ডবিধি) প্রতিস্থাপিত হয়েছে ' নাগরিক সুরক্ষা সংহিতা' দিয়ে এবং ১৮৭২ সালের ' এভিডেন্স অ্যাক্ট'-এর বদলে আসতে চলেছে ' ভারতীয় সাক্ষ্য আইন'।

সোমবার সংসদে ভারতীয় দলকে শুভেচ্ছা স্পিকার ও সাংসদদের



নয়াদিল্লি, ১ জুলাই ঃ গত শনিবার রাতে বার্বাডোজের স্টেডিয়ামে এক নতুন ইতিহাসের জন্ম দিয়েছে ভারতীয় ক্রিকেট দল। বিরাট, বুমরা, সূর্যের জাদুতে দীর্ঘ ১৭ বছর পর টি-২০ বিশ্বকাপে ঐতিহাসিক জয় পেয়েছে রোহিতের দল। বিশ্বসেরা ভারতীয় ক্রিকেট দলের এই জয়জয়কার এবার সংসদ ভবনেও। সোমবার সংসদ বসতেই লোকসভা অধিবেশনের শুরুতেই দক্ষিণ আফ্রিকার বিরুদ্ধে ভারতীয় ক্রিকেট দলের এমন অভূতপূর্ব জয়কে শুভেচ্ছা জানান স্পিকার ওম বিড়লা এবং অন্যান্য সাংসদরা। উল্লেখ্য, এর আগে ব্যক্তিগতভাবে টিম ইন্ডিয়াকে শুভেচ্ছা জানিয়েছিলেন রাষ্ট্রপতি, উপরাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী, স্বরাষ্ট্রমন্ত্রী, কেন্দ্রীয় ক্রীড়ামন্ত্রী, লোকসভার বিরোধী দলনেতা রাহুল গান্ধী-সহ বহু বিশিষ্ট ব্যক্তি।

জন্মদিনে নাইডুকে শুভেচ্ছা মোদীর, প্রাক্তন উপ-রাষ্ট্রপতির সুস্বাস্থ্য কামনা প্রধানমন্ত্রীর

নয়াদিল্লি, ১ জুলাই ঃপ্রাক্তন উপ-রাষ্ট্রপতি এম বেঙ্কাইয়া নাইডুকে তাঁর জন্মদিনে হার্দিক শুভেচ্ছা জানালেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। প্রাক্তন-উপরাষ্ট্রপতি দীর্ঘায়ু ও সুস্বাস্থ্য কামনা করেছেন প্রধানমন্ত্রী মোদী। নাইডুর জন্মদিনে তাঁর জীবন, সেবা এবং দেশ গঠনের অঙ্গীকারের কথা স্মরণ করেছেন মোদী।প্রধানমন্ত্রী নরে ঃদ্র মোদী সোমবার সকালে তাঁর এক্স হ্যান্ডেলে লিখেছেন, ভারতের প্রাক্তন উপ-রাষ্ট্রপতি এম বেঙ্কাইয়া নাইডু ৭৫ বছর বয়সী হলেন। আমি তাঁর দীর্ঘ ও সুস্থ জীবন কামনা করছি। রাজনৈতিক অঙ্গনে তাঁর প্রথম দিন থেকে উপ-রাষ্ট্রপতি হিসাবে তাঁর মেয়াদ পর্যন্ত, বেঙ্কাইয়াজির কর্মজীবন ভারতীয় রাজনীতির জটিলতাগুলিকে স্বাচ্ছন্দ্য এবং নম্রতার সঙ্গে পরিচালনা করার অনন্য উদাহরণ তুলে ধরে। তাঁর বাকপটুতা, বুদ্ধি এবং উন্নয়নমূলক ইস্যুতে অবিচল মনোনিবেশ তাঁকে বিশেষ সম্মান অর্জন করিয়েছে।

'হোলি আর্টিজান' দিবস স্মরণ করলেন তসলিমা নাসরিন

কলকাতা, ১ জুলাই ঃ সোমবার 'হোলি আর্টিজান' দিবস স্মরণ করলেন নির্বাসিত লেখিকা তসলিমা নাসরিন।সামাজিক মাধ্যমে তিনি লিখেছেন, আজ হোলি আর্টিজান দিবস। ২০১৬ সালের ১ জুলাই তারিখে দেশি বিদেশি ২২ জনকে নৃশংসভাবে খুন করেছিল কলেজ বিশ্ববিদ্যালয়ে পড়া কয়েকজন ছাত্র, যারা বিশ্বাস করতো জি-হা-দে, বিশ্বাস করতো কোরানের প্রতিটি অক্ষরে এবং আল্লাহর প্রতিটি আদেশে। সে কারণে তারা হোলি আর্টিজান ক্যাফেতে বসা বিধর্মীদের কণ্ঠদেশ কেটেছিল ধারালো ছুরিতে, শুধু তাই নয় সেই মুসলমানদেরও কণ্ঠদেশ কেটেছিল যারা কোরানের আয়াত মুখস্ত বলতে পারেনি।এই হত্যাকাণ্ডের বা এই পূণ্যকর্মের পুরস্কার তারা বিশ্বাস করতো তারা পাবে, তারা শর্টকাটে কোনও বিচার ছাড়াই বেহেস্তে যাবে এবং ৭২টি সু ন্দরী হুরের সঙ্গে অনন্তকাল যৌনসঙ্গমে লিপ্ত থাকবে।ঢাকার গুলশানে হোলি আর্টিজান বেকারিতে জঙ্গিদের হামলা ও নৃশংস হত্যাযজ্ঞের ঘটনায় করা মামলায় হাইকোর্টের পূর্ণাঙ্গ রায় এখনো প্রকাশিত হয়নি। রাষ্ট্রপক্ষ ও আসামিপক্ষের আইনজীবীরা বলছেন, হাইকোর্টের পূর্ণাঙ্গ রায় পাওয়ার পর তা পর্যালোচনা করে পরবর্তী আইনি পদক্ষেপ নেওয়া হবে। হাইকোর্টের রায়ের বিরুদ্ধে পরবর্তী আইনি প্রক্রিয়ায় সংক্ষুব্ধ পক্ষের আপিল করার সুযোগ রয়েছে।আট মাস আগে গত বছরের ৩০ অক্টোবর এ মামলায় রায় ঘোষণা করেন হাইকোর্ট। রায়ে সাত জঙ্গিকে আমৃত্যু কারাদণ্ড ও অর্থদণ্ড দেওয়া হয়। বিচারিক আদালতের রায়ে সাত জঙ্গিকে মৃত্যুদণ্ড দেওয়া হয়েছিল।

জুলাইয়ের শুরুতেই স্বস্তি, দেশজুড়ে অনেকটাই সস্তা হল বাণিজ্যিক সিলিন্ডার

নয়াদিল্লি ও কলকাতা, ১ জুলাই ঃ জুলাই মাসের শুরুতেই সুখবর! ১৯ কেজি বাণিজ্যিক গ্যাস সিলিন্ডারের দাম কমলো অনেকটাই। দেশের তেল বিপণন সংস্থাগুলি সোমবার বাণিজ্যিক গ্যাস সিলিন্ডারের মূল্য হ্রাসের কথা জানিয়েছে। ১৯ কেজি বাণিজ্যিক গ্যাসের দাম সিলিন্ডার প্রতি ৩০ টাকা কমানো হয়েছে।মূল্য হ্রাসের পর সোমবার দিল্লিতে বাণিজ্যিক গ্যাসের দাম হয়েছে ১,৬৪৬ টাকা। দাম কমার ফলে কলকাতায় এখন ১৯ কেজি বাণিজ্যিক গ্যাসের একটি সিলিন্ডারের দাম ১,৭৫৬ টাকা। মুম্বইতে ওই সিলিন্ডার মিলছে ১,৫৯৮ টাকায়। চেন্নাইতে বাণিজ্যিক গ্যাসের একটি সিলিন্ডারের দাম কমে হয়েছে ১,৮০৯ টাকা।

দূষিত জল পান করে অসুস্থ মহারাষ্ট্রের একই গ্রামের ৯৩ জন

মুম্বই, ১ জুলাই ঃ মহারাষ্ট্রে দূষিত জল পান করে অসুস্থ ৯৩ জন। ঘটনাটি ঘটেছে মহারাষ্ট্রের মুগাঁও তান্ডা গ্রামে। নলকূপের জল পান করে অসুস্থ হয়ে পানে এই গ্রামের বাসিন্দারা। নানা পেটের সমস্যায় ভুগছেন তাঁরা। জানা গেছে, এই গ্রামে ১০৭টি পরিবার বাস করে। মোট জনসংখ্যা ৪৪০। দূষিত জল পান করে অসুস্থ হয়ে পড়েন তার মধ্যে ৯৩ জন।সোমবার জেলা স্বাস্থ্য দফতরের তরফে জানা গেছে, গত কয়েকদিন যাব পেটের নানা সমস্যা নিয়ে ৯৩ জন স্থানীয় স্বাস্থ্য কেন্দ্রে আসতে থাকেন। সেখানেই ৫৬ জনের চিকিৎসা করা হয়। বাকি ৩৭ জনকে পাশের গ্রামের একটি স্বাস্থ্য কেন্দ্রে চিকিৎসার জন্য পাঠানো হয়। এই ঘটনার পর চিকিৎসকদের একটি বিশেষ দল গ্রাম ঘুরে দেখে দূষিত পানীয় জলের নলকূপটি চিহ্নিত করে বন্ধ করে দেন।

বীর আবদুল হামিদকে তাঁর জন্মবার্ষিকীতে শ্রদ্ধা অমিত শাহর

নয়াদিল্লি, ১ জুলাই ঃ সোমবার বীর আবদুল হামিদকে তাঁর জন্মবার্ষিকীতে শ্রদ্ধা জানালেন ভারতের স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ।এক্স বার্তায় স্বরাষ্ট্রমন্ত্রী লিখেছেন, 'পরমবীর চক্র'-এ ভূষিত বীর আবদুল হামিদকে তাঁর জন্মবার্ষিকীতে শ্রদ্ধা জানাই। বীর আবদুল হামিদ ১৯৬৫ সালের ভারত-পাকিস্তান যুদ্ধে অদম্য সাহস প্রদর্শন করেছিলেন। তিনি একা হাতে সাতটি শত্রু প্যাটন ট্যাঙ্ক ধ্বংস করেছিলেন। দেশের নিরাপত্তার জন্য সর্বোচ্চ আত্মত্যাগ করেছিলেন। আবদুল হামিদের বীরত্ব ও সাহসিকতার গল্প দেশবাসীকে সবসময় অনুপ্রাণিত করবে।

তৃণমূল মানে তালিবানি মানসিকতা ও সংস্কৃতিঃশেহজাদ পুনেওয়ালা

নয়াদিল্লি, ১ জুলাই ঃ উত্তর দিনাজপুর জেলার চোপড়ায় প্রকাশ্যে যুগলকে মারধরের ঘটনায় তৃণমূল কংগ্রেসের তীব্র সমালোচনা করলেন বিজেপি মুখপাত্র শেহজাদ পুনেওয়ালা। তৃণমূলকে একহাত নিয়ে শেহজাদ বলেছেন, তৃণমূল মানে তালিবানি মানসিকতা ও সংস্কৃতি। সোমবার শেহজাদ বলেছেন, বাংলার রাস্তায় প্রকাশ্য দিবালোকে তালিবানি-শৈলীর নৃশংস ভিডিও দেখে সমগ্র দেশ হতবাক। যে ব্যক্তি এমনটা করেছে সে সেখানে তৃণমূল বিধায়কের ঘনিষ্ঠ সহযোগী হিসেবে পরিচিত। এই মর্মান্তিক ঘটনার নিন্দা করার পরিবর্তে তৃণমূল বিধয়াক বলছেন, মহিলাকে মারধর করা হয়েছে যেহেতু তাঁর আচরণ খারাপ। তিনি নির্যাতিতাকে লজ্জিত করেছেন।ইন্ডি জোটের উদ্দেশ্যে শেহজাদ বলেছেন, দুর্ভাগ্যের বিষয় হল, যারা মণিপুর নিয়ে কথা বলে, তাঁরা এখন মহিলাদের সমস্যা নিয়ে চুপ। রাহুল গান্ধী, পিয়াঙ্কা, পিয়াঙ্কা চতুর্বেদী, মহুয়া মৈত্র, সাগরিকা ঘোষের মতো নেতা-নেত্রীদের চুপ থাকা নিয়ে প্রশ্ন তুলেছেন শেহজাদ। পুনেওয়ালা বলেছেন, বোঝাই যাচ্ছে, মহিলাদের সমস্যাকে তাঁরা গুরুত্ব দেয় না। তাঁরা শুধুমাত্র নিজেদের রাজনৈতিকভাবে সুবিধাজনক এজেন্ডা নিয়ে চিন্তা করে।

চিকিৎসকদের প্রাপ্য সম্মান নিশ্চিত করতে সরকার প্রতিশ্রুতিবদ্ধ, এক্স-বার্তায় মোদী

নয়াদিল্লি, ১ জুলাই ঃচিকিৎসক দিবসে চিকিৎসকদের এক্স-বার্তায় শ্রদ্ধা জানালেন ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।সোমবার প্রধানমন্ত্রী লিখেছেন, চিকিৎসক দিবসে শুভেচ্ছা। এটি আমাদের স্বাস্থ্যসেবার নায়কদের অবিশ্বাস্য উৎসর্গ এবং সমবেদনাকে সম্মান করার একটি দিন। তাঁরা উল্লেখযোগ্য দক্ষতার সাথে সবচেয়ে দুরূহ নানা জটিলতা নিয়ন্ত্রণ করতে পারেন। আমাদের সরকার ভারতে স্বাস্থ্য পরিকাঠামোর উন্নতি করতে এবং চিকিৎসকরা তাঁদের প্রাপ্য ব্যাপক যাতে সম্মান পান, তা নিশ্চিত করতে সম্পূর্ণভাবে প্রতিশ্রুতিবদ্ধ।

জাতির সেবায় তাঁদের চেতনাকে পুনরুজ্জীবিত করুক, সিএ-দের শ্রদ্ধা অমিত শাহর

নয়াদিল্লি, ১ জুলাই ঃসিএ দিবসে সিএ-দের শুভেচ্ছা জানালেন ভারতের স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ।সোমবার তিনি এক্স বার্তায় লিখেছেন, সিএ দিবসের শুভেচ্ছা। আমাদের চার্টার্ড অ্যাকাডন্ট্যান্ট দের নিবেদিত পরিষেবাগুলি আমাদের অর্থ ও বাণিজ্য খাতের উন্নয়নে প্রচুর অবদান রেখেছে। ব্যবসা এবং ব্যক্তিদের আর্থিক স্বাস্থ্য বজায় রাখতে সহায়ক হয়েছে। এই উপলক্ষ নতুন উদ্দীপনার সাথে জাতির সেবা করার জন্য তাঁদের চেতনাকে পুনরুজ্জীবিত করুক।

পশ্চিমবঙ্গে আচমকাই বাড়ল পেট্রোল ও ডিজেলের দাম, মধ্যবিত্তের মাথায় হাত

কলকাতা, ১ জুলাই ঃ পশ্চিমবঙ্গে আচমকাই দাম বাড়ল পেট্রোল ও ডিজেলের। পেট্রোলে লিটারপিছু দাম বো।ছে ১ টাকা ১ পয়সা। ফলে কলকাতায় পেট্রোলের প্রতি লিটারের নতুন দাম হল ১০৪ টাকা ৯৫ পয়সা। ডিজেলে লিটারপিছু দাম বো।ছে ১ টাকা। শহরে প্রতি লিটারে ডিজেলের নতুন দাম ৯১ টাকা ৭৬ পয়সা।সংশ্লিষ্ট মহলের অনুমান, ২০২১ সালে পেট্রোল-ডিজেলে ১ টাকা করে ছা। দেওয়ার কথা ঘোষণা করে রাজ্য সরকার। সেই ছাড় সম্ভবত তুলে নেওয়ার ফলেই লিটারে প্রায় ১ টাকা করে দাম বাড়ল পেট্রোল ও ডিজেলের। যদিও সরকারিভাবে এ নিয়ে কিছু জানানো হয়নি। যাইহোক, জ্বালানি তেলের দাম বাড়ায় মাথায় হাত মধ্যবিত্তের।

২৬ জন তামিল মৎস্যজীবী গ্রেফতার, ৪টি নৌকায় বাজেয়াপ্ত করল শ্রীলঙ্কা নৌসেনা

রামেশ্বরম, ১ জুলাই ঃ আন্তর্জাতিক জলসীমা লঙ্ঘনের দায়ে ২৬ জন তামিল মস্যজীবীকে গ্রেফতার করল শ্রীলঙ্কা নৌসেনা। এই গ্রেফতারির প্রেক্ষিতে তামিলনাড়ুর রামেশ্বরমে আলোড়ন পড়ে গিয়েছে। ২৬ জন তামিল মৎস্যজীবীকে গ্রেফতার করার পাশাপাশি তাঁদের মাছ ধরার ৪টি নৌকাও বাজেয়াপ্ত করা হয়েছে। পাম্বান মৎস্যজীবী অ্যাসোসিয়েশনের পক্ষ থেকে সোমবার সকালে জানানো হয়েছে, পল্ক বে সামুদ্রিক এলাকার কাছে রামেশ্বরম দ্বীপ এলাকায় পাম্বান থেকে মাছ ধরতে গিয়েছিলেন মৎস্যজীবীরা। শ্রীলঙ্কা নৌসেনা এই ২৬ জন মস্যজীবীকে গ্রেফতার করেছে, পাশাপাশি তাঁদের মাছ ধরার নৌকাও বাজেয়াপ্ত করেছে।

মানহানির মামলায় তৃণমূল সাংসদ সাকেতকে ৫০ লক্ষ জরিমানা আদালতের

নয়াদিল্লি, ১ জুলাই ঃ প্রাক্তন কূটনীতিক লক্ষ্মী পুরীর দায়ের করা মানহানির মামলায় তৃণমূল কংগ্রেস নেতা এবং রাজ্যসভার সাংসদ সাকেত গোখলেকে ৫০ লক্ষ টাকা ক্ষতিপূরণ দেওয়ার নির্দেশ দিল আদালত। সোমবার দিল্লি হাইকোর্ট এই নির্দেশ দিয়েছে। পাশাপাশি গোখলেকে একটি সর্বভারতীয় সংবাদপত্রের মাধ্যমে এবং তাঁর এক্স হ্যান্ডেলে ক্ষমা চাওয়ার নির্দেশ দিয়েছে আদালত। নির্দেশ পালনের জন্য তৃণমূল কংগ্রেস সাংসদকে আট সপ্তাহ সময় দেওয়া হয়েছে। আর এক্স হ্যান্ডেলে ক্ষমাপ্রার্থনার পোস্ট ৬ মাস রাখতে হবে বলেও নির্দেশ দিয়েছে আদালত।২০২১ সালের জুন মাসে এক্স হ্যান্ডেলের (টুইটার) পোস্টে সাকেত অভিযোগ করেন, রাষ্ট্রসংঘে নিযুক্ত ভারতের প্রাক্তন কূটনীতিক লক্ষ্মী পুরী আয়ের সঙ্গে সংগতিহীন রোজগার দিয়ে সুইজারল্যান্ডে জমিবাড়ি কিনেছেন। তা নিয়ে ব্যাপক শোরগোল হয়েছিল। এরপর লক্ষ্মী পুরী বিষয়টি নিয়ে আদালতের দ্বারস্থ হন। সাকেতের বিরুদ্ধে মানহানির মামলা করেন। পুরী আদালতে বলেন, সাকেত গোখেলের দাবি সম্পূর্ণ মিথ্যা এবং ভিত্তিহীন। সাকেত যা লিখেছেন তাতে তাঁর এবং পরিবারের সম্মানহানি হয়েছে। তিন বছর মামলা চলার পর অবশেষে তৃণমূল সাংসদকে দোষী সাব্যস্ত করেছে দিল্লি হাইকোর্ট।

ফ্রান্সে পিছিয়ে ম্যাক্রোঁর দল, নির্বাচনে এগিয়ে কট্টর ডানপন্থীরা

প্যারিস, ১ জুলাইঃ রবিবার ফ্রান্সে অনুষ্ঠিত হয়েছে প্রথম দফার সংসদীয় নির্বাচন। এই নির্বাচনের পর বুথফেরত সমীক্ষায় এগিয়ে রয়েছে মারিন লি পেনের ন্যাশনাল র‍্যালি পার্টি। সমীক্ষায় হতাশাজনক ফল ফ্রান্সের প্রেসিডেন্ট ইমানুয়েল ম্যাক্রোঁর মধ্যপন্থী এনসেম্বল অ্যালায়েন্স-এর। তবে আগামী ৭ জুলাই রয়েছে দ্বিতীয় দফার নির্বাচন। সেদিনই প্রকাশ্যে আসবে চূড়ান্ত ফলাফল।গত মাসের ইউরোপিয়ান ইউনিয়নের নির্বাচনে খারাপ ফলাফলের পরই সংসদ ভেঙে দেন ম্যাক্রোঁ। সেসময় আগাম নির্বাচনের ঘোষণা করেছিলেন তিনি। বেশ কয়েকটি সমীক্ষায় আভাস পাওয়া গিয়েছিল যে এবারে ক্ষমতায় আসতে চলেছে লি পেনের ডানপন্থী দল। ফ্রান্সের সংসদে একক সংখ্যাগরিষ্ঠতা পেতে ২৮৯ আসন প্রয়োজন। তবে দ্বিতীয় দফার নির্বাচনে ন্যাশনাল র‍্যালি পার্টি একক সংখ্যাগরিষ্ঠতা পাবে কি না তা এখনও স্পষ্ট নয়।

হ্যারিকেনের দাপট বার্বাডোজে আটকে টিম ইন্ডিয়া, জারি কারফিউ

বার্বাডোজ, ১ জুলাই ঃ হ্যারিকেন বেরিলের দাপটে বার্বাডোজে বন্ধ বিমান চলাচল। ফলে সেখানেই আটকে রয়েছে ভারতীয় পুরুষ ক্রিকেট দলের সদস্যরা। ইতিমধ্যেই সারা শহরে জারি হয়েছে কারফিউ। স্থানীয় সময় সন্ধ্যে ৬টা পর্যন্ত এই কারফিউ চলবে বলে জানা গিয়েছে। প্রাকৃতিক দুর্যোগের জেরে বন্ধ রাখা হয়েছে স্কুল-কলেজ থেকে সমস্ত প্রশাসনিক দফতর। এছাড়া বন্ধ রয়েছে শহরের সমস্ত দোকান এবং শপিং মল।হ্যারিকেন বেরিলের দাপটে তছনছ হয়ে গিয়েছে বার্বাডোজ। তাই বন্ধ রাখা হয়েছে বিমান চলাচল। সমস্ত ফ্লাইট বাতিল হওয়ায় বার্বাডোজে আটকে পড়েছে টিম ইন্ডিয়া এবং ভারতের মিডিয়া। পরবর্তী নির্দেশ পর্যন্ত বিমানবন্দর বন্ধ রয়েছে। কারফিউ জারি রয়েছে, সমস্ত দোকান ও দফতর আপাতত বন্ধ রাখা হয়েছে।

বর্বর মধ্যযুগীয় অত্যাচার, এক্স-বার্তায় শুভেন্দু

কলকাতা, ১ জুলাই ঃ 'তৃণমূল নেতাদের বর্বর মধ্যযুগীয় অত্যাচার' নিয়ে সরব হলেন পশ্চিমবঙ্গের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী।চোপড়ার নারী-নির্যাতনের প্রতিবাদে সোমবার অগ্নিমিত্রাদের ধর্নার ভিডিয়ো এক্স (সাবেক টুইটার) হ্যান্ডলে পোস্ট করেন শুভেন্দুবাবু। সেখানে তিনি লেখেন, ' রাজ্যে সংখ্যালঘু সম্প্রদায়ের মহিলাদের উপর তৃণমূল নেতাদের বর্বর মধ্যযুগীয় অত্যাচার জাতীয় স্তরে নিন্দনীয়। সেটা কোচবিহার হোক বা চোপড়া কিংবা ইসলামপুর। এ ধরনের ঘটনা ব্যতিক্রম নয়। এটাই পশ্চিমবঙ্গের করুণ ছবি।'' প্রসঙ্গত, কোচবিহারের ঘটনায় রাজ্যে এসেছে জাতীয় মহিলা কমিশন। কথা বলেছেন নির্যাতিতার সঙ্গে।

ভারতীয় সেনাবাহিনী সব চ্যালেঞ্জ মোকাবেলা করতে প্রস্তুত ও সক্ষমঃউপেন্দ্র দ্বিবেদী

নয়াদিল্লি, ১ জুলাই ঃ ভারতীয় সেনাবাহিনী সব চ্যালেঞ্জ মোকাবেলা করতে প্রস্তুত ও সক্ষম। জোর দিয়ে বললেন নতুন সেনাপ্রধান জেলারেল উপেন্দ্র দ্বিবেদী। তিনি বলেছেন, এটা আমার জন্য অত্যন্ত গর্বের ও সম্মানের মুহূর্ত যে, আমি ভারতীয় সেনাবাহিনীর নেতৃত্ব দেওয়ার সুযোগ পেয়েছি। ভারতীয় সেনাবাহিনীর গর্বিত ঐতিহ্য আমাদের জওয়ানদের আত্মত্যাগ এবং অবদানের উপর ভিত্তিশীল। রবিবারই দেশের নতুন সেনাপ্রধান হিসেবে দায়িত্বভার গ্রহণ করেছেন জেনারেল উপেন্দ্র দ্বিবেদী। এরপর সোমবার সকালে জাতীয় যুদ্ধস্মারকে শ্রদ্ধা নিবেদন করেন তিনি। পা ছুঁয়ে দাদা ও বড়দের আশীর্বাদ নেন তিনি।এরপর সেনাপ্রধান জেনারেল উপেন্দ্র দ্বিবেদী বলেছেন, এই উপলক্ষে, আমি সেই সমস্ত সাহসী জওয়ানদের শ্রদ্ধা জানাই যারা কর্তব্যরত অবস্থায় নিজেদের জীবন উৎসর্গ করেছেন। এখন বৈশ্বিক সমীকরণ বদলে যাচ্ছে। বর্তমান যুদ্ধগুলি একটি নতুন রূপ নিচ্ছে এবং আমাদের কেবল এই দিকে অগ্রসর হওয়া নয় বরং জওয়ানদের আধুনিক অস্ত্র এবং নতুন যুগের প্রযুক্তিতে সজ্জিত করে যুদ্ধ ব্যবস্থা এবং কৌশলগুলিকে উন্নত করতে হবে। এখন ভারতীয় সেনাবাহিনী আধুনিকীকরণের পথে অগ্রসর হচ্ছে। এই বিষয়ে ভারতীয় সেনাবাহিনী আত্মনির্ভরতা অর্জনের জন্য সর্বদা প্রস্তুত। এ জন্য সেনাবাহিনী দেশীয় উদ্যোগকে উৎসাহিত করবে এবং আরও বেশি করে দেশীয় যুদ্ধ ব্যবস্থা ও সরঞ্জাম যোগ করবে। আমার চেষ্টা থাকবে ভারতীয় সেনাবাহিনী, নৌবাহিনী এবং বিমান বাহিনী এবং অন্যান্যদের মধ্যে সমন্বয়ের সঙ্গে, আমরা সর্বদা সংঘর্ষের সম্পূর্ণ বর্ণালীর অধীনে অপারেশনের জন্য প্রস্তুত থাকি। এর মাধ্যমে, আমরা ভারতের জাতীয় স্বার্থ সুরক্ষিত করতে সক্ষম হব এবং আমরা বিকশিত ভারত ২০৪৭-এর দিকে দেশ গঠনের একটি প্রধান স্তম্ভ হয়ে উঠতে সক্ষম হব। আমি দেশ এবং সমস্ত ভারতীয়কে আশ্বস্ত করছি, ভারতীয় সেনাবাহিনী সব চ্যালেঞ্জ মোকাবেলা করতে প্রস্তুত এবং সক্ষম।

দিদির পশ্চিমবঙ্গ মহিলাদের জন্য নিরাপদ নয়ঃজে পি নাড্ডা

নয়াদিল্লি, ১ জুলাই ঃউত্তর দিনাজপুরের চোপড়ার ঘটনায় মমতা বন্দ্যোপাধ্যায় সরকারের বিরুদ্ধে তীব্র আক্রমণ শানালেন বিজেপির সর্বভারতীয় সভাপতি জগ প্রকাশ নাড্ডা। তৃণমূল কংগ্রেসকে একহাত নিতে নাড্ডা মন্তব্য করেছেন, দিদির পশ্চিমবঙ্গ মহিলাদের জন্য মোটেও নিরাপদ নয়।উত্তর দিনাজপুর জেলার চোপড়ায় যুগলকে রাস্তায় ফেলে পেটানোর ঘটনা আলোড়ন ফেলে দিয়েছে বঙ্গ রাজনীতিতে। একটি ভিডিও-তে দেখা গিয়েছে, এক তরুণীকে রাস্তার মধ্যে ফেলে লাঠি দিয়ে বেধড়ক মারছে এক তৃণমূল নেতা। মার খেতে খেতে গুটিয়ে যাওয়া মেয়েটিকে চুলের মুঠি ধরে টেনে এনে ধাক্কা দিচ্ছে। তার পরে আবার শুরু হচ্ছে মার। একইসঙ্গে এক তরুণকেও একই ভাবে মারতে দেখা যায় ওই তৃণমূল নেতাকে। অভিযুক্তকে ইতিমধ্যেই গ্রেফতার করেছে পুলিশ।এই ঘটনার তীব্র নিন্দা করে সোমবার সকালে এক্স বার্তায় জে পি নাড্ডা মন্তব্য করেছেন, পশ্চিমবঙ্গ থেকে একটি ভয়ঙ্কর ভিডিও প্রকাশ্যে এসেছে, যা শুধুমাত্র ধর্মতান্ত্রিকতায় বিদ্যমান নৃশংসতার কথা মনে করিয়ে দেয়। বিষয়গুলিকে আরও খারাপ করার জন্য, তৃণমূল ক্যাডার এবং বিধায়করা সেটিকে মান্যতা দিচ্ছেন। সন্দেশখালি হোক অথবা উত্তর দিনাজপুর কিংবা অন্য কোনও জায়গা, দিদির পশ্চিমবঙ্গ মহিলাদের জন্য নিরাপদ নয়।

পূর্ণাঙ্গ পঞ্জিকা

কলকাতা,২জুলাই মাস মার্ট ঃ রবিবার, ১৭ আষাঢ় মাস ১৪৩১ বঙ্গাব্দ, ইংরেজীঃ১৭ আষাঢ় মাসঃ ২০২৩, ৫৩৬ চৈতন্যাব্দ, কলিঃ ৫১২৩, সৌরঃ১৭ আষাঢ় মাস, চান্দ্র ৭ মধুসুধন মাস, ১৯৪৪ শকাব্দ ২০৭৯ বিক্রম সাম্ব, ২৫৬৫ বুদ্ধাব্দাঃ, বাংলাদেশঃ১৭ আষাঢ় মাস ১৪৩১, ভারতীয় সিভিলঃ ১৭ আষাঢ় মাস ১৯৪৪, মৈতৈঃ ১৪ শজিবু, আসামঃ২৬ চ'ত, মুসলিমঃ৬-ইদ-১৪৪৩ হিজরী শ্রীশ্রী অন্নপুর্নাপুজার গতস্থাপন (সপ্তমী)সূর্য উদয়ঃ সকাল ০৫ঃ২৪ঃ২৫ এবং অস্তঃবিকাল ০ঃ৫ঃ০০। চন্দ্র উদয়ঃসকাল ১০ঃ১ঃ২২(৮) এবং অস্তঃরাত্রি ১২ঃ১৬ঃ৫০(৮)।শুক্ল পক্ষ ।তিথিঃসপ্তমী (ভদ্রা) রাত্রিঃ০৮ঃ২৮ঃ০১ দং ৩৭৩৮৪৫ পর্যন্ত নক্ষত্রঃআর্দ্রা রাত্রিঃ ১১ঃ২৮ঃ০১ দং ৪৫৮৪৫ পর্যন্ত পরে পুনর্বসুকরণঃবণিজ রাত্রিঃ০৮ঃ২৮ঃ০১ দং ৩৭৩৮৪৫ পর্যন্ত পরে বিষ্টিযোগঃঅতিগণ্ড অমৃতযোগঃদিন ০৫ঃ২৪ঃ৩১ থেকে - ০৭ঃ০৪ঃ১২ পর্যন্ত, তারপর ০৭ঃ৫৪ঃ০২ থেকে - ১০ঃ২৩ঃ৩৩ পর্যন্ত, তারপর ১২ঃ৫৩ঃ০৪ থেকে - ০২ঃ৩২ঃ৪৫ পর্যন্ত, তারপর ০৪ঃ১২ঃ২৫ থেকে - ০৫ঃ৫২ঃ০৬ পর্যন্ত এবং রাত্রি ০৭ঃ২৪ঃ২৫ থেকে - ০৮ঃ৫৬ঃ৪৫ পর্যন্ত, তারপর ০৩ঃ০৬ঃ০২ থেকে - ০৩ঃ৫২ঃ১২ পর্যন্ত। মহেন্দ্রযোগ রাত্রি ১০ঃ২৯ঃ০৪ থেকে - ১১ঃ১৫ঃ১৪ পর্যন্ত, তারপর ০৩ঃ৫২ঃ১২ থেকে - ০৫ঃ২৪ঃ৩১ পর্যন্ত। কুলিক বেলাঃদিন ০৭ঃ৫৪ঃ০২ থেকে - ০৮ঃ৪৩ঃ৫২ পর্যন্ত। কুলিক রাত্রিঃ০৭ঃ২৪ঃ২৫ থেকে - ০৮ঃ১০ঃ৩৫ পর্যন্ত। বারবেলাঃ দিন ০৮ঃ৩১ঃ২৫ থেকে - ১০ঃ০৪ঃ৫২ পর্যন্ত। কালবেলাঃদিন ১০ঃ০৪ঃ৫২ থেকে - ১১ঃ৩৮ঃ১৮ পর্যন্ত। কালরাত্রিঃ০৮ঃ৪৫ঃ১২ থেকে - ১০ঃ১১ঃ৪৫ পর্যন্ত। গ্রহস্ফুট (সূর্য উদয় কালীন)ঃরবিঃ১১২৪৪ ৬১৯ (২৭) ৩ পদচন্দ্রঃ২২১৫২৫০ (৭) ১ পদমঙ্গলঃ৯২৭৫৩৫৯ (২৩) ২ পদবুধঃ০২২২৫ (১) ১ পদবৃহস্পতিঃ১০২৯৪২২৩ (২৫) ৩ পদশুক্রঃ১০৮১৭৩ (২৪) ১ পদশনিঃ৯২৫৪৩০ (২৩) ১ পদরাহুঃ১২২৭৫৩ (৩) ২ পদকেতুঃ৭২২৭৫৩ (১৬) ৪

আবহাওয়া

বৃষ্টির হতে পারে নাও হতে পারে। তাপমাত্রা সর্বোচ্চ ৩১.৬ডিগ্রী সেলসিয়াস ও (২) সর্বনিম্ন ২৭.০৩ডিগ্রী সেন্টিগ্রেড ও (১) দিনের বেলায়। আপেক্ষিক আর্দ্রতা হবে ৯৫শতকরা এবং ৮৪শতকরা। বৃষ্টিহয়েছে সোমবার। জোয়ার- সকাল ৭টা ৪৯ মিনিট এবং রাত৯টা ৪৪মিনিট হবে। ভাটা-সকাল -৭টা ২০মিনিট। রাত-৯টা ২০ মিনিট। সূর্য উদয় আজঃ ৪ টা ৫৬মিনিটে এবং সূর্য অস্ত যাবে ঃ ৬ টা ২০ মিনিটে।

রাশিফল

মেষরাশিঃযারা মজা করার উদ্দেশ্য নিয়ে বেরিয়েছেন তাঁদের জন্য নিছকই আনন্দ এবং উপভোগ।। **বৃষভ রাশিঃ**সীমাহীন শক্তি ও উদ্যম আপনাকে চেপে ধরবে এবং আপনি যে কোন প্রদত্ত সুযোগ আপনার সুবিধামত কাজে লাগাবেন। । **মিথুন রাশিঃ** আপনার ঝগড়াটে ব্যবহার জন্য আপনার শত্রুর তালিকা বৃদ্ধি পাবে। সংসারে শান্তি হতে পারে। **কর্কট রাশিঃ**আপনি আপনার আবেগ নিয়ন্ত্রণ করুন এবং যত তাড়াতাড়ি সম্ভব আপনার ভয় থেকে পরিত্রাণ পাওয়ার চেষ্টা করুন, কারণ তাৎক্ষণিকভাবে আপনার স্বাস্থ্যের প্রভাবিত হওয়ার সম্ভাবনা আছে এবং ভাল স্বাস্থ্য উপভোগে আপনার প্রতিবন্ধকতা আছে। বিবাহের যোগ হতে পারে। **সিংহ রাশিঃ** ভয় আপনার খুশিকে বিঘ্নিত করতে পারে। আপনাকে বুঝতে হবে যে এটি আপনার নিজস্ব ভাবনা এবং কল্পনার ফসল। মানসিক রোদ থেকে মুক্তি। **কন্যা রাশিঃ**মদ্যপানের অভ্যাস থেকে মুক্তি পাওয়ার পক্ষে এটি একটি অত্যন্ত শুভ দিন। শুভদিন **তুলারাশিঃ**অতীতের ভুল সিদ্ধান্তগুলি আজ হতাশা এবং মানসিক অশান্তির দিকে নিয়ে যাবে- আপনি নিরুপায় এবং তার পরে কি করতে হবে তা নির্ধারণ করতে অসমর্থ হতে পারেন- অন্যদের থেকে সাহায্য চান। **বৃশ্চিক রাশিঃ** অসুস্থতা থেকে সেরে ওঠার সুযোগ বেশী যা আপনাকে প্রতিযোগিতামূলক খেলাধুলাতে অংশ নিতে সাহায্য করবে।। **ধনু রাশিঃ**আপনি ক্ষিপ্রগতিতে পদক্ষেপ গ্রহণ করার ফলে আপনার দীর্ঘদিনের সমস্যার সমাধান হবে। আর্থিক উন্নতিহবে **মকর রাশিঃ**বিদেশ যাত্রা শুভ। বাড়িতে অতিথি আসতে পারে। **কুম্ভ রাশিঃ**দুর্দশায় থাকা কারোকে সাহায্য করতে আপনার শক্তি ব্যবহার করুন। সন্তান হতে পারে। **মীন রাশিঃ** বিশ্রাম নিন এবং কাজের ফাঁকে যতটা সম্ভব ততটা আরাম করার চেষ্টা করুন। আজ, আপনি অর্থ জমা এবং সঞ্চয় করার দক্ষতা শিখতে পারেন এবং

ম্যানগ্রোভের প্রাচীর সাগরদ্বীপে পালিত হলো ম্যানগ্রোভ গাছ উৎসব

দুরন্ত বার্তা, জয়নগর, ১ জুলাই ঃ ম্যানগ্রোভের প্রাচীর সাগরদ্বীপের পালিত হলো 'ম্যানগ্রোভ গাছ উসব'। ম্যানগ্রোভ গাছের প্রাচীর গড়ে ঝড়ের হাত থেকে সাগরদ্বীপ কে রক্ষা করতে এগিয়ে এসেছেন গঙ্গাসাগরের মানুষ। এই কাজে আরও বেশি স্বতস্ফূর্ত ভাবে এগিয়ে এসে অংশ নিতে স্থানীয় মানুষকে আহ্বান জানানো হয়েছে।১-৭ জুলাই ' উপলক্ষে সাগরদ্বীপের ধবলাট লালপুর উত্তরপাড়া মিলন সংঘ এবং ' বেঙ্গল চেম্বার' নামে একটি সংস্থার যৌথ উদ্যোগে এই বিষয়ে প্রচার শুরু হয়েছে সমগ্র সাগরজু।েসোমবার সংস্থা দুটির মিলিত উদ্যোগে স্থানীয় মানুষজন এবং বিভিন্ন বয়সের স্কুল পড়ুয়াদের নিয়ে একটি বর্ণাঢ্য শোভাযাত্রা করা হয়। পরিবেশ দূষণরোধ, বৃক্ষরোপন এবং ম্যানগ্রোভ রক্ষার বিষয়ে বিভিন্ন ধরণের বার্তা লেখা প্ল্যাকার্ড, ব্যানার হাতে নিয়ে এদিন মানুষজন গঙ্গাসাগর, ধবলাট, কালীবাজার,বাগবাজার, রুদ্রনগর, মু।গিঙ্গা সহ বিভিন্ন নদী এলাকায় পথ পরিক্রমা করেন। অনুষ্ঠান শেষে ' বেঙ্গল চেম্বার' অধিকর্তা সোমা মিত্র মুখার্জি বলেন, ' দুর্যোগের হাত থেকে সাগর দ্বীপকে বাঁচাতে আমরা দ্বীপের চারপাশে ম্যানগ্রোভ গাছের প্রাচীর গ।ার কাজ করছি। এই কাজে স্থানীয় মানুষদের যুক্ত করা হচ্ছে।'এদিনে ' (গাছ দিবস)-এর পাশাপাশি ধবলাট-লালপুর উত্তরপাড়া মিলন সংঘের একক উদ্যোগে থ্যালাসেমিয়া রোগীদের বাঁচাতে এদিন গ্রামে একটি ' অনুষ্ঠানের আয়োজন করা হয়েছিল। এই মহ উৎসবে অংশ নিয়ে ছিলেন এই দ্বীপের বিভিন্ন গ্রামের অগণিত মানুষজন। এ দিনের অনুষ্ঠানে ১৯৮ জন মহিলা এবং পুরুষ স্বেচ্ছায় রক্তদান করেছেন। উদ্যোক্তা সংস্থান প্রধান শঙ্কর বেরা ও মদনমোহন দাস বলেন,রক্তদানের মতো এমন একটি মহতী অনুষ্ঠানের অয়োজন করতে পেরে আমরা খুব খুশি। সাগরদ্বীপের কোনও মানুষের রক্তের প্রয়োজন হলে আমরা সব রকম সহযোগিতা করে থাকি।

আলো ও মেকাপ নিয়ে এষণার উদ্যোগে আলোচনা সভা জয়নগরে

দুরন্ত বার্তা, জয়নগর, ১ জুলাই ঃ এষণা জয়নগরের উদ্যোগে ৫৭ তম বর্ষ উদযাপন করা হলো ১ লা জুলাই শিবনাথ শাস্ত্রী সদনে জমাটি আসরের মধ্যে দিয়ে। এ দিন আলো নিয়ে সুব্রত সরকার ও মেকাপ নিয়ে বিধাতৃ দেব সরকার বিশদভাবে আলোচনা করে।একটা নাটকের মূল অংশ আলো ও মেকাপের উপর নির্ভরশীল।আর তা নিয়ে খুটিনাটি বিষয় তুলে ধরলেন আলোচকেরা।আর এ দিনের এই জমাটি আসরে অংশ নেন এষণা নাট্য গোষ্ঠীর সদস্যরা সহ এলাকার বহু নাট্যপ্রেমী মানুষ জন।এই ধরনের অনুষ্ঠানের আয়োজন করতে পেরে খুশি এষণা নাট্য গোষ্ঠীর কর্ণধার এষণার প্রতিষ্ঠাতা বিখ্যাত নাট্যকার সুভাষ বসুর সুপুত্র নাট্যকার কিশলয় বসু। তিনি এদিন বলেন,এষণার ৫৭ তম বর্ষে আগামী ১২ ই জুলাই থেকে ২১ শে জুলাই নাট্য উসবের আয়োজন করা হয়েছে শিবনাথ শাস্ত্রী সদনে। নাট্য মোদী মানুষ এই কদিন ভালো ভালো নাটক দেখতে পাবেন।

কেওড়াতলা মহাশ্মশানে কলকাতা পৌরসভা কর্তৃক আয়োজিত পশ্চিম বাংলার প্রাক্তন মুখ্যমন্ত্রী বিধান চন্দ্র রায় এর জন্ম ও মৃত্যু দিন উপলক্ষে তাঁর মূর্তিতে মাল্যদান করছেন কলকাতার মহানাগরিক। এছাড়াও মাল্যদান করেন কলকাতা পৌরসভা র চেয়ারপারসন,মেয়র পারিষদ(উদ্যান), মেয়র পারিষদ (আইন)বোরো ৮ এর চেয়ারপারসন এবং কলকাতা পৌরসভা র আধিকারিক।

রিষড়া মাতৃ সদন হাসপাতালে চিকিৎসকদের সংবর্ধনা

দুরন্ত বার্তা, হুগলি, ১ জুলাই ঃ বিধান চন্দ্র রায়ের জন্ম ও প্রয়াণ দিবসটি জাতীয় চিকিৎসক দিবস হিসাবে পালন করা হয়। আজ এই দিবসকে স্মরণ করে রিষরা মাতৃ সদন হাসপাতালে চিকিৎসক দিবসের অনুষ্ঠানে রিষড়া পৌরসভার পৌর প্রধান বিজয় সাগর মিশ্রা র উদ্যোগে চিকিৎসকদের সম্বর্ধনা দেয়া হয়। প্রারম্ভে রিষড়া মাতৃসদন হলে ডাক্তার বিধানচন্দ্র রায়ের প্রতিকৃতিতে মাল্য দান করে অনুষ্ঠানের শুভ সূচনা করা হয়। মাল্যদান করেন পৌরসভার চেয়ারম্যান বিজয় সাগর মিশ্রা, স্থানীয় বিধায়ক ডাক্তার সুদীপ্ত রায় কাউন্সিলর মনোজ সাউ , উসা দেবী সাউ, তাপস সরখেল প্রমূখ। পৌর প্রধান বিজয় সাগর মিশ্রা রিষড়া মাতৃ সদন হাসপাতালের সমস্ত ডাক্তারদের পুষ্পস্তবক উত্তরীয় ও মিষ্টির প্যাকেট দিয়ে সম্বর্ধনা জানান। অনুষ্ঠানে বিভিন্ন বক্তা চিকিৎসক বিধানচন্দ্র রায়ের কর্মকুশলতার কথা তুলে ধরেন। তারা বলেন অনেকেই ডাক্তারকে পৃথিবীতে ঈশ্বরের রূপ বলে মনে করেন। অনেক কঠিন রোগে রোগীদের চিকিৎসা করে নতুন জীবন দেন চিকিৎসকরা। করোনার মতো মহামারীর সময় চিকিৎসকরা দিনরাত কাজ করে মানুষকে বিপদ থেকে বাঁচাতে এগিয়ে এসেছেন তাই তারা সমাজে এক বিশেষ স্থানে অবস্থান করছেন, তারা বলেন ডাক্তার বাবুদের প্রতি সাধারণ মানুষের কৃতজ্ঞতাবোধ আরো বেশি জাগ্রত হওয়া দরকার। অনুষ্ঠানে রিষড়া মাতৃ সদন হাসপাতালের চিকিৎসক স্বাস্থ্যকর্মী সহ এলাকার মানুষজন উপস্থিত ছিলেন।

বারুইপুরে ফুটপাতে বেআইনি দোকান উচ্ছেদ অভিযান

দুরন্ত বার্তা, জয়নগর, ১ জুলাই ঃএবারে ফুটপাত দখলমুক্ত করতে পথে নামলেন বারুইপুর পুরসভার প্রশাসন ও বারুইপুর থানার পুলিশ আধিকারিকরা। রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যাপাধ্যায়ের নির্দেশে জবর দখল ও বেআইনিভাবে যে সমস্ত হকাররা রাজপথ দখল করে ব্যবসা করছে তাঁদেরকে হুঁশিয়ারি দিয়েছিলেন। মুখ্যমন্ত্রী বলেছিলেন,আপনারা নির্দিষ্ট স্থানে ব্যবসা করুন। সরকার সেটা সিদ্ধান্ত করে দেবে। আপনারা অযথা ফুটপাত দখল করে বেআইনিভাবে দোকান দেবেন না। সেইমতো বিভিন্ন জায়গায়. সরকারি জায়গা ও রাজপথ দখলমুক্ত করে দিয়েছিল প্রশাসনের আধিকারিকেরা। সোমবার বারুইপুর পুরসভা থেকে পুরাতন বাজার পর্যন্ত রাস্তার পাশে বড় বড় দোকানগুলি ফুটপাত দখল করে আছে তাদেরকে তুলে দিলেন প্রশাসনের আধিকারিকরা।অভিযানে উপস্থিত ছিলেন বারুইপুর পুরসভার চেয়ারম্যান শক্তিরায় চৌধুরী ও উপ পুরপ্রধান গৌতমকুমার দাস।

মেট্রোতে মোটরম্যানদের পরিবারের সদস্যদের কাউন্সেলিং

দুরন্তার্তা, কলকাতা, ১জুলাই ঃ মেট্রো রেলওয়ে তার লক্ষাধিক যাত্রীদের জন্য নিরাপদ এবং সুরক্ষিত পরিষেবা নিশ্চিত করার জন্য সমস্ত সম্ভাব্য নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করছে। শ্রী পি উদয় কুমার রেড্ডি, মহাব্যবস্থাপক, মেট্রো রেলওয়ের নির্দেশ অনুসারে, মেট্রো কর্মীদের যথাযথ এবং আপডেট প্রশিক্ষণ দেওয়ার জন্য নিয়মিত মক ড্রিল, টিউটোরিয়াল, বিশেষ সেশন ইত্যাদির আয়োজন করা হচ্ছে। একটি অনন্য উদ্যোগে, মেট্রো কর্তৃপক্ষ মোটরম্যানদের পরিবারের সদস্যদের মেট্রোর কাজের পরিস্থিতি সম্পর্কে সচেতন করার পাশাপাশি তাদের অভিযোগ জানার জন্য কাউন্সেলিং সেশনেরও আযয়েজন করেছে। বৈদ্যুতিক প্রকৌশল বিভাগ ২৯.০৬.২০২৪ তারিখে নোয়াপাড়ার ট্রেনিং ইনস্টিটিউটে এরকম একটি সেশনের আয়োজন করে। এই অধিবেশনে মেট্রো মোটরম্যানদের স্ত্রীরা সংখ্যায় উপস্থিত ছিলেন এবং তাদের সিমুলেশন রুমে নিয়ে যাওয়া হয়েছিল যাতে তাদের স্বামীরা কীভাবে মহান দায়িত্ব এবং সতর্কতার সাথে ভূগর্ভস্থ টানেল এবং ভায়াডাক্টের উপর দিয়ে যাত্রী ভর্তি মেট্রো রেকগুলি প্রতিদিন চালায়। তাদের একটি রেফারেল ভিডিওও দেখানো হয়। এই অধিবেশনে, তাদের মোটরম্যানদের যথাযথ, পর্যাপ্ত এবং মানসম্পন্ন বিশ্রাম নিশ্চিত করার জন্য অনুরোধ করা হয়েছিল যা দায়িত্বে যোগদানের আগে তাদের জন্য অপরিহার্য। মোটরম্যানদের স্ত্রীদেরও তাদের ফিট রাখতে এবং তাদের একটি স্বাস্থ্যকর জীবনযাপন করার অনুমতি দেওয়ার জন্য যথাযথ স্বাস্থ্যকর খাদ্য পরিবেশন করার জন্য অনুরোধ করা হয়েছিল। মানসিক চাপ মোকাবেলা করার জন্য, প্রতিটি অংশগ্রহণকারীকে প্রতিদিন যোগব্যায়াম, ধ্যান বা অন্য যে কোনও ক্রিয়াকলাপ অনুশীলন করার জন্য অনুরোধ করা হয়েছিল যা চাপমুক্ত থাকতে এবং যে কোনও পরিস্থিতি শান্তভাবে মোকাবেলা করতে সহায়তা করে। মোটরম্যানদের, যাদের খুব ভোরে ডিউটিতে যোগ দিতে হবে তাদের তাড়াতাড়ি ঘুমাতে এবং অযথা সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মে সময় নষ্ট না করার পরামর্শ দেওয়া হয়েছিল। এটি নিশ্চিত করতে তাদের স্ত্রীদের সতর্ক থাকার অনুরোধ করা হয়েছিল। পরিবারের সকল সদস্য যারা এই কাউন্সেলিং সেশনে উপস্থিত ছিলেন তাদের একসাথে মানসম্পন্ন সময় কাটানোর জন্য এবং মেট্রো মোটরম্যানদের আরামদায়ক জায়গা দেওয়ার জন্য অনুরোধ করা হয়েছিল যাতে তারা বাড়িতে নিজেকে পুনরুজ্জীবিত করতে পারে। এই প্রোগ্রামে একটি ইন্টারেক্টিভ সেশনও পরিচালনা করা হয় যেখানে মোটরম্যানদের পরিবারের সদস্যরা মেট্রো কর্মকর্তাদের সাথে তাদের মতামত, ধারণা এবং অভিজ্ঞতা বিনিময় করেন।মেট্রো কর্তৃপক্ষ আগামী দিনে এই ধরনের আরও কাউন্সেলিং সেশনের আয়োজন করার পরিকল্পনা করেছে যাতে সমস্ত মোটরম্যানের পরিবারের সদস্যদের সাথে যোগাযোগ করা যায়, যারা কলকাতা মেট্রোর অন্যতম চালিকা শক্তি তাদের সচেতন করতে এবং সম্মিলিত দায়িত্বের বার্তা ছড়িয়ে দেওয়ার জন্য, ঐক্য এবং সতর্কতা।

আধুনিক বাংলার রূপকার ডাঃ বিধান চন্দ্র রায়ের জন্ম ও মৃত্যু দিনে চিকিৎসক দিবসে শ্রদ্ধাঞ্জলি

দুরন্ত বার্তা, নববারাকপুর, ১ জুলাই ঃ বিধান চন্দ্র রায়ের নাম মূলত দুটি কারনে সব থেকে বেশি জনপ্রিয়তা লাভ করেছে এখনো এ জন্য তাকে শ্রদ্ধা নিবেদন করা হয়। প্রথমত ১৯৪৮ থেকে তিনি আমৃত্যু পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী (দ্বিতীয়) গুরুদায়িত্ব সফল ভাবে পালন করে নজির সৃষ্টি করেছেন। এজন্য তাকে আধুনিক বাংলার রূপকার বলে অভিহিত করা হয়। তার পরিকল্পনাতেই দুর্গাপুর, কল্যাণী ও বিধাননগর উপনগরী গড়ে তোলা হয়েছে। অন্য যে পরিচয় টি তাঁকে প্রবাদপ্রতিম ব্যক্তিত্ব করে তুলেছে সেটি হল তার চিকিৎসক পরিচিত। ভারত সরকার তাঁর জন্মদিনকে জাতীয় চিকিৎসক দিবস হিসেবে ঘোষণা করেছে। বহুমুখী প্রতিভার অধিকারী বিধান চন্দ্র রায়কে ভারত সরকার ১৯৬১র প্রজাতন্ত্র দিবসে ভারত রত্ন সম্মানে ভূষিত করে তাকে উপযুক্ত স্বীকৃতি দেয়। সোমবার সকালে যথাযথ মর্যাদা সহকারে ডাঃ বিধান চন্দ্র রায়ের জন্ম ও মৃত্যু দিনে চিকিৎসক দিবসে শ্রদ্ধাঞ্জলি জানাল নববারাকপুর পুরসভা ।এদিন সকালে পুরসভার ৫নং ওয়ার্ডে মাসুন্দা বড়বটতলায় বিধান চন্দ্র রায়ের মর্মর মূর্তিতে মালা ও ফুল দিয়ে শ্রদ্ধা জানান স্থানীয় পুর প্রতিনিধি নির্মিকা বাগচী, পুরসভার হেডক্লার্ক সজল নন্দী মজুমদার, পুর আধিকারিক প্রশান্ত চট্টোপাধ্যায়, পুর কর্মী শম্ভু নাথ মন্ডল সহ ওয়ার্ডের বিশিষ্ট জনেরা। এরপর পুরসভার ৪নং ওয়ার্ডে ডাঃ বি সি রায় জেনারেল হাসপাতাল ও মাতৃসদনের সামনে ডাঃ বিধান চন্দ্র রায়ের মর্মর মূর্তিতে মালা ও ফুল দিয়ে শ্রদ্ধা জানান

পুরসভার পুরপ্রধান প্রবীর সাহা, উপপুরপ্রধান স্বপ্না বিশ্বাস , স্থানীয় পুর প্রতিনিধি কৃষ্ণা বোস,বেবী চক্রবর্তী, পূজা গুপ্ত, শোভা রায়, নির্মিকা বাগচী, হাসপাতালের সুপার ডাঃ অলোক পাল, হাসপাতালের চেয়ারম্যান পুর প্রতিনিধি হৃষিকেশ রায়, ডাঃ বিধূ ভূষন গিরি, পুরসভার বড় বাবু সজল নন্দী মজুমদার সহ বিভিন্ন ওয়ার্ডের কাউন্সিলর গন, স্বাস্থ্যকর্মী নার্স রা পুরকর্মী গন।পুরপ্রধান প্রবীর সাহা বলেন কৃতি মানুষ কে শ্রদ্ধা জ্ঞাপন করতে পেরে আমরা সবাই গৌরবান্বিত হলাম ।তার চিন্তা ভাবনা জীবন দর্শন কে সামনে নিয়ে এগিয়ে নিয়ে যেতে হবে সকলকে। তিনি বাংলার নবরূপকার ছিলেন এই বাংলা কে নতুন ভাবে তৈরি করার জন্য। তার জীবন দর্শন হোক প্রত্যেকের চলার পথের অধ্যায়। সর্বকালের সর্বশ্রেষ্ঠ ডাক্তার ছিলেন। মানুষের সেবায় নিয়োজিত ছিলেন। তার জন্ম মৃত্যু দিনের পাশাপাশি দিনটি চিকিৎসক দিবস হিসেবে পালন করা হয়। ডাঃ বিধান চন্দ্র রায়ের স্মরণে পুরসভার ৪,৫ ও ৬ নং ওয়ার্ড তৃণমূল কংগ্রেস কমিটির ব্যবস্থাপনায় কস্তুরি ভবনে হল রক্তদান শিবির । ভারতে দেশ স্বাধীন হলেও দ্বিতীয় মুখ্যমন্ত্রী হিসেবে অত্যন্ত সাফল্যের সাথে তার সময়ে কাজ করে গেছেন। পুর প্রতিনিধি হৃষিকেশ রায় বলেন সারা রাজ্যে জুড়ে আজকের দিনটি পালিত হচ্ছে চিকিৎসক দিবস হিসেবে। আমরা গর্বিত চিকিৎসক দিবসে তাকে শ্রদ্ধা জানাতে পেরে। একদিকে চিকিৎসক অন্যদিকে প্রশাসকের পাশাপাশি মানব দরদী ছিলেন ।যেটা রাজনীতিতে বিরল নজির দৃষ্টান্ত। দ্বিতীয় মুখ্যমন্ত্রীর হিসেবে ও ১৫ জন রোগী কে বিনা পয়সায় চিকিৎসা করতেন। সবথেকে বড় কথা তার সৃষ্টি চিত্তরঞ্জন ক্যান্সার হাসপাতাল। উন্নয়নের দিকে তাকালে সব কিছুতেই তার নাম রয়েছে। দুর্গাপুর কল্যাণী বিধাননগর পুর নিগম প্রমুখ ।

হাওড়া স্টেশন থেকে ভিস্টাডোম কোচ-যুক্ত নিউ জলপাইগুড়ি শতাব্দী এক্সপ্রেসের সূচনা

দুরন্ত বার্তা, হাওড়া,১ জুলাই ঃ ভিস্টাডোম কোচ-যুক্ত নিউ জলপাইগুড়ি শতাব্দী এক্সপ্রেসের সূচনা হাওড়া স্টেশন থেকে। মূলত উত্তরবঙ্গের ডুয়ার্স, দার্জিলিং সহ বিভিন্ন পর্যটন কেন্দ্রে যাতায়াতের পথে যাত্রীদের বাড়তি সুবিধা যুক্ত করার লক্ষ্য নিয়েই রেলের এই উদ্যোগ। হাওড়া নিউ জলপাইগুড়ি শতাব্দী এক্সপ্রেসে সোমবার থেকেই যুক্ত হলো 'ভিস্টাডোম কোচ'। ওই কোচে রয়েছে অত্যাধুনিক রিভলভিং চেয়ার। যা এই ট্রেনের সফরকে আরামদায়ক করে তুলবে যাত্রীদের জন্য। এতদিন পর্যন্ত হাওড়া নিউ জলপাইগুড়ি শতাব্দী ১৪ কোচের ট্রেন ছিল। ভিস্টাডোম কামরা যুক্ত হওয়ায় এদিন থেকে তা ১৫ কোচ বিশিষ্ট দূরপাল্লার ট্রেনে পরিণত হলো। প্রসঙ্গত, এদিন সোমবার থেকে উত্তরবঙ্গগামী ওই ট্রেনে এই বিশেষ কোচটি যোগ হলো। এই কোচগুলির ছাদ স্বচ্ছ কাচ দিয়ে মোড়া রয়েছে। এর পাশাপাশি আকারে বড় কাচের জানলাও থাকছে এই ট্রেনে। ফলে যাত্রীরা ট্রেন সফরের সময় বাইরের প্রাকৃতিক দৃশ্য দেখতে পাবেন। ফলে আরও আকর্ষণীয় হয়ে উঠবে যাত্রাপথ। এছাড়াও বসবার আসনগুলিতে থাকছে পুসব্যাক চেয়ারের ব্যবস্থা। যা অত্যন্ত আরামদায়ক হবে। হাওড়ার ডিআরএম সঞ্জীব কুমার জানান, জনপ্রিয়তা এবং যাত্রীদের চাহিদার কথা মাথায় রেখে হাওড়া-নিউ জলপাইগুড়ি শতাব্দী এক্সপ্রেসে ভিস্টাডোম কোচের ব্যবস্থা করা হলো। এই কোচের চারদিকের দেওয়াল কাচের। এখানে রিভলভিং চেয়ার থাকায় এনজিপি পর্যন্ত যাত্রাপথে যাত্রীরা চারদিক দিয়ে প্রাকৃতিক সৌন্দর্য উপভোগ করতে পারবেন। এখনে ইনফোটেইনমেন্ট, ওয়াইফাই প্রভৃতির মতো অত্যাধুনিক ব্যবস্থা থাকবে। এই ভিস্টাডোম কোচের ভাড়া হবে ২ হাজার ৪৩০ টাকা। হাওড়া থেকে নিউ জলপাইগুড়ি যেতে যাত্রাপথে রযেছে সৌন্দর্যের প্রাচুর্য। সেই কথা মাথায় রেখেই হাওড়া এনজেপি শতাব্দী এক্সপ্রেসে প্রথম ভিস্টাডোম কোচ চালু করা হয়েছে। যদি এই ধরনের কোচের চাহিদা আরও বেশি হয় তাহলে অন্যান্য ট্রেনেও এই কোচ বাড়ানো হবে। এর আগেও আরাকু ভ্যালি শিমলা সেকশন সহ অন্যান্য জায়গায় ভিস্টাডোম কোচের ব্যবস্থা করা হয়েছে। পূর্ব রেলের মুখ্য জনসংযোগ আধিকারিক কৌশিক মিত্র বলেন, বাংলা থেকে বেশিরভাগ মানুষ দার্জিলিং যেতে চায়। দার্জিলিং যেতে অনেক ভালো ট্রেন আছে। তারমধ্যে উল্লেখযোগ্য এই ট্রেনটি। যাত্রীরা যাতে প্রাকৃতিক সৌন্দর্য্য উপভোগ করতে করতে পারেন এটাই আমরা চাইছিলাম। সেই চিন্তা মাথায় রেখে ভিস্টাডোম কোচের ব্যবস্থা করা হয়েছে। এই কোচের বৈশিষ্ট্য এটি বিশেষ ধরনের কোচ যার চারদিক স্বচ্ছ, শক্ত কাচ দিয়ে তৈরি। রিভলভিং চেয়ারের ব্যবস্থা করা হয়েছে। মনে হয় এই ধরনের কোচ জনপ্রিয়তা অর্জন করবে। এখানে চেয়ারকার থেকে উন্নত ক্যাটারিং সার্ভিস থাকবে। এদিন এক যাত্রী অর্ণব দাস বলেন, ভিস্টাডোম কোচ দেখেই টিকিট কেটেছিলাম। খুব ভালো সার্ভিস ছিল। পরিস্কার ছিল। ভালো পরিষেবা ছিল। এখানে উঠে ভালো অভিজ্ঞতা হলো। এই ধরনের কোচ বাচ্চাদের পক্ষেও আদর্শ।

ডাউন আমতা হাওড়া লোকালের ওভারহেড তার ছিড়ে বিপত্তি

দুরন্ত বার্তা, হাওড়া,১ জুলাই ঃ ডাউন আমতা হাওড়া লোকালের ওভারহেড তার ছিড়ে বিপত্তি। সকাল ৬.০৫ মিনিট নাগাদ দক্ষিণ পূর্ব রেলে ব।গাছিয়া স্টেশনের কাছে ঘটনাটি ঘটে। প্রায় দুঘন্ট। দাঁ।িয়ে ট্রেনটি। সমস্যায় পড়েন যাত্রীরা। দক্ষিণ পূর্ব রেলের মুখ্য জনসংযোগ আধিকারিক ওমপ্রকাশ চরণ তিনি জানিয়েছেন সকালবেলা এই ঘটনা ঘটেছে হাওড়া আমতা সেকশনে বড়গাছিয়া স্টেশন কাছে।যারফলে আপাতত দুটোই লোকাল ট্রেন বাতিল করা হয়েছে, ওভারহেড তার ছিড়ে যাওয়ার পাশাপাশি প্যানটোগ্রাফ এর সঙ্গে তারটি জড়িয়ে যায়। ঘটনাস্থলে রেলে আধিকারিকরা পৌঁছেছেন।এক থেকে দেড় ঘন্টার মধ্যে ট্রেন পরিষেবা স্বাভাবিক হবার সম্ভাবনা রয়েছে।

বাবাকে খুন করে পুঁতে দিয়ে আত্মঘাতী পুত্র কুলতলিতে

দুরন্ত বার্তা, কুলতলি,১ জুলাই ঃ বাবাকে খুন করে দেহ মাটির মধ্যে পুঁতে দিযে.আত্মঘাতী হওয়ার চেষ্টা গুণধর সন্তানের কুলতলিতে।বাবা মা ও সন্তান-তিনে মিলে কাটছিল তাদের সুখের সংসার। তারপরেই ঘটে ছ ন্দ পতন ,বেশ কিছুদিন ধরে সন্তান নেশাগ্রস্ত হয়ে পড়েছিল, আর এতেই বাবা প্রতিবাদ করতে থাকে। আর এতেই বাবার প্রতি সন্তানের রাগ চরমে পৌঁছায়। ঘটনাটি ঘটেছে দক্ষিণ চব্বিশ পরগনার কুলতলি থানার জালাবেড়িয়া ২ নম্বর গ্রাম পঞ্চায়েতের জামতলা গ্রামে। পরিমল হালদার নামের এক যুবক প্রতিনিযত় নেশাগ্রস্থ অবস্থায়.থাকতো সে,এ নিয়ে.বাবার সঙ্গে দৈনন্দিন তার ঝগড়া ঝামেলা লেগেই থাকতো । প্রতিবেশীদের দাবি বেশ কিছুদিন আগে পরিমল হালদার তার বাবাকে মেরে মাথা ফাটিয়ে দেয়। গত চার পাঁচ দিন আগে পরিমলের বাবা হঠাৎ বাড়ি থেকে নিখোঁজ হয়ে যায়। প্রতিবেশীরা পরিমলকে তার বাবার বিষয়ে জিজ্ঞাসা করতে থাকে। পরিমল কিন্তু বলতো আমি জানিনা বাবা কোথায় গেছে। রবিবার দুপুরে পরিমল কীটনাশক খেয়ে আত্মঘাতী হওয়ার চেষ্টা করে। প্রতিবেশীরা তাকে তড়িঘড়ি জয়নগর কুলতলি গ্রামীন হাসপাতালে নিয়ে যায় চিকিৎসার জন্য। প্রতিবেশীরা সেখানে তাকে জিজ্ঞাসাবাদ করলে পরিমল তাদেরকে বলে, প্রতিনিয়ত আমি নেশা করতাম আর আমার বাবা বারে বারে আমাকে বকুনি দিত তাই আমি বাবাকে খুন করে এলাকার বাঁশ বাগানে মাটিতে পুঁথে দিয়েছি । প্রতিবেশীরা কুলতলি থানায় এই খবর দেয়। পরিমলের অবস্থার অবনতি হওয়ায় চিকিৎসকরা পরিমলকে বারুইপুর মহকুমা হাসপাতালে স্থানান্তরিত করে। আর এদিন রাতে প্রচন্ড বৃষ্টির মধ্য ও কুলতলি থানার বিশাল পুলিশ বাহিনীর উপস্থিতি ও ম্যাজিস্ট্রেট পর্যায়ে বিডিও সুচন্দন বৈদ্যের উপস্থিতিতে ঘটনাস্থল জামতলায় বাঁশ বাগানের গর্তের মধ্যে পুঁতে রাখা মৃত কাশীনাথ হালদারের দেহটি উদ্ধার করে।সোমবার মৃতদেহটি ময়নাতদন্তের জন্য পাঠিয়ে তদন্ত শুরু করেছে কুলতলি থানার পুলিশ। গুণধর সন্তানের এমনি কান্ড দেখে এলাকায় মানুষ স্তম্বিত।শেষে জন্মদাতা পিতাকে খুন করে তার দেহ লোপাটের চেষ্টা গুণধর সন্তানের।

পাটের সহায়ক মূল্য ৫ হাজার ৩৩৫টাকা ধার্য

দুরন্তবার্তা, কলকাতা, ১ জুলাই ঃ কেন্দ্রীয় সরকার এবছরও পাটের সহায়ক মূল্য বৃদ্ধি করেছে। কলকাতায় আজ ভারতীয় পাট নিগম বা জুট কর্পোরেশন অফ ইন্ডিয়ার ম্যানেজিং ডায়রেক্টর অজয় কুমার জলি জানিয়েছেন, পাটের সহায়ক মূল্য কুইন্টাল প্রতি ৫হাজার ৩৩৫টাকা ধার্য করা হয়েছে। গত বছর এই সহায়ক মূল্য ছিল কুইন্টাল প্রতি ৫হাজার ৫০টাকা। তিনি বলেন,বাজারে পাটের মূল্য কমে গেলে কেন্দ্রীয় সরকারের নোডাল এজেন্সি হিসেবে ভারতীয় পাট নিগম সরকার নির্ধারিত নূন্যতম সহায়ক মূল্যে কৃষকদের থেকে পাট কিনে থাকে। রাজ্যে নিগমের ১১০টি স্থায়ী কেন্দ্র থেকে পাট কেনা হয়। তিনি আরও জানান,কাছাকাছি বিক্রয় কেন্দ্র না থাকলে কৃষকরা ফোন করে জানালে পাট নিগমের প্রতিনিধিরা গিয়ে তাদের থেকে পাট কিনবে। শ্রী জলি কৃষকদের কোন গুজবে কান না দিয়ে সরাসরি পাট নিগমের কাছে পাট বিক্রি করার আবেদন জানিয়েছেন। জুট কমিশনার মলয় চন্দন চক্রবর্তী সাংবাদিক বৈঠকে উপস্থিত ছিলেন।

ডেঙ্গু আক্রান্তের সংখ্যা বৃদ্ধি

দুরন্তবার্তা, কলকাতা, ১ জুলাই ঃ রাজ্যে বর্ষার আগমনের সঙ্গে সঙ্গে ডেঙ্গু আক্রান্তের সংখ্যা বাড়তে শুরু করেছে। স্বাস্থ্য দফতর সূত্রে খবর, রাজ্যের ১৬টি জেলায় ডেঙ্গু আক্রান্ত হওয়ার খবর মিলেছে। ২৬তম সপ্তাহে মালদহ, মুর্শিদাবাদকে পিছনে ফেলে আক্রান্তের সংখ্যার নিরিখে শীর্ষস্থানে উঠে এসেছে উত্তর ২৪ পরগনা। পয়লা জানুয়ারি থেকে ২৬ জুন পর্যন্ত পাওয়া স্বাস্থ্যদফতরের রিপোর্ট থেকে এই তথ্য পাওয়া গিয়েছে।

বৌবাজারের ছাত্রাবাসে ফরেন্সিক দল, পুনর্নির্মাণের প্রস্তুতি

দুরন্ত বার্তা, কলকাতা, ১ জুলাই ঃ বৌবাজারের উদয়ন ছাত্রাবাসে মোবাইল চুরির সন্দেহে যুবককে পিটিয়ে খুনের ঘটনায় এ বার আসরে নামল ফরেন্সিক দল। সোমবার তারা ওই হস্টেলে পৌঁছেছে। সেখান থেকে নমুনা সংগ্রহের কাজ চলে। ঘটনার দিন কী কী ঘটেছিল, যুবককে মারধরের কোনও চিহ্ন হস্টেলে রয়েছে কি না, তার খোঁজ চলছে। ধৃতদের হস্টেলে এনে ঘটনার পুনর্নির্মাণ করা হবে বলে খবর পুলিশ সূত্রে। তবে পুনর্নির্মাণ কবে হবে, তা জানা যায়নি। হস্টেলে কোথাও অসংলগ্ন কিছু চোখে পড়ে কি না, কোথাও রক্তের দাগ রয়েছে কি না, মারধরের অন্য কোনও চিহ্ন পাওয়া যায় কি না, দেখতে সোমবার পৌঁছোন ফরেন্সিক আধিকারিকেরা। তাঁরা হস্টেলের এক তলা এবং দোতলায় তল্লাশি চালান। সংগ্রহ করা হয় নমুনা। এর আগে ওই হস্টেল থেকে একাধিক ব্যাট এবং লাঠি পেয়েছিল পুলিশ। যুবককে মারধরে তা ব্যবহার করা হয়েছিল কি না, তা খতিয়ে দেখা হচ্ছে। বৌবাজারের ঘটনায় এখনও পর্যন্ত মোট ১৪ জনকে গ্রেফতার করেছে মুচিপাড়া থানার পুলিশ। ধৃতদের আগামী ৪ জুলাই পর্যন্ত পুলিশি হেফাজতে থাকতে হবে। এই সময়ের মধ্যে তাঁদের জিজ্ঞাসাবাদ করবেন তদন্তকারীরা। ফলে ৪ তারিখের আগেই তাঁদের নিয়ে হস্টেলে যেতে হবে পুলিশকে। ঘটনার দিন যুবককে নিয়ে কোথা থেকে কারা কী ভাবে হস্টেলে ঢুকেছিলেন, ভিতরে তাঁকে কোথায় নিয়ে যাওয়া হয়েছিল, হস্টেলের দোতলায় কী হয়েছিল, পুনর্নির্মাণের মাধ্যমে এই সব নিয়ে আরও স্পষ্ট ধারণা পাবেন তদন্তকারীরা।

এফএমসি ইন্ডিয়া বের করেছে ফলনের ক্ষতি রোধ করার সমাধান

দুরন্ত বার্তা, কলকাতা, ১ জুলাই ঃ এফএমসি ইন্ডিয়া, একটি কৃষি বিজ্ঞান সংস্থা, দুটি নতুন উদ্ভাবনী প্রোডাক্ট, ভেলজোঅ এবং কোসুটঅ ফাঙ্গিসাইড লঞ্চ করেছে, যা ফসল চক্রের শুরু থেকেই ধ্বংসাত্মক ছত্রাকজনিত (ফাঙ্গি) রোগ থেকে ফল এবং উদ্ভিজ্জ ফসল রক্ষা করার জন্য ডিজাইন করা হয়েছে। এই প্রোডাক্টসগুলি কৃষকদের তাদের জমির উপাদনশীলতা এবং স্থায়িত্ব বাড়াতে উদ্ভাবনী সমাধান প্রদান করে, যা এফএমসি ইন্ডিয়ার প্রতিশ্রুতি প্রতিফলিত করে। ভেলজোঅ এবং কসুটঅ ফাঙ্গিসাইড বিশেষভাবে ভারতে ফল এবং সবজি চাষীদের সাহায্য করার জন্য ডিজাইন করা হয়েছে। এর সাহায্যে, তারা কার্যকরভাবে ফসলের রোগ মোকাবেলা করতে এবং ফলনের ক্ষতি রোধ করতে সক্ষম হবে, যার ফলে তাদের উচ্চ মানের ফসল সরবরাহ করা হবে। ভেলজোঅ ফাঙ্গিসাইড আঙ্গুর, টমেটো এবং আলু উপাদনে ব্যবহারের জন্য রেজিস্টার হয়েছে। এটি ওমাইসেট ফাঙ্গাসের বিরুদ্ধে অতুলনীয় প্রাথমিক সুরক্ষা প্রদান করার জন্য ডিজাইন করা হয়েছে। আসলে, ওমাইসেট ফাঙ্গাস ব্লাইট এবং ডাউনি মিলডিউ রোগের কারণ হয়। এইরকম পরিস্থিতিতে, ভেলজোঅ ফাঙ্গিসাইডের ব্যবহার গাছগুলিকে স্বাস্থ্যকরভাবে বেড়ে উঠতে এবং আরও উৎপাদনশীল হতে সক্ষম করে। ভেলজোঅ ফাঙ্গিসাইড ফাঙ্গাসের প্যাথোজেনের বিরুদ্ধে ডুয়াল-মোড, মাল্টিসাইট অ্যাকশন অফার করে, যা এটিকে রোগ প্রতিরোধ ক্ষমতা পরিচালনার জন্য একটি অত্যন্ত কার্যকরী অস্ত্র করে তোলে। এর অতুলনীয় কার্যকারিতা, দীর্ঘস্থায়ী নিয়ন্ত্রণ, এবং সামঞ্জস্যপূর্ণ ফলাফলের সাথে, ভেলজোঅ ফাঙ্গিসাইড কৃষকদের উচ্চ ফলন অর্জনে এবং তাদের উচ্চ-মানের প্রোডাক্টসের জন্য সর্বোত্তম মূল্য পেতে সাহায্য করবে বলে আশা করা হচ্ছে। কোসুটঅ ফাঙ্গিসাইড আঙ্গুর, ধান, টমেটো, লঙ্কা এবং চায়ের মতন গুরুত্বপূর্ণ বাণিজ্যিক ফসলের জন্য কাজ করে। এটি ছত্রাকজনিত রোগের বিরুদ্ধে কার্যকর সুরক্ষার জন্য একটি বিশেষ সমাধান। কোসুটঅ ফাঙ্গিসাইড একটি উন্নত ফর্মুলেশন যা উচ্চতর জৈব-উপলব্ধ তামা প্রকাশ করে, ব্রড-স্পেকট্রাম এবং দ্রুত রোগ নিয়ন্ত্রণের জন্য শক্তিশালী যোগাযোগের ক্রিয়া অফার করে। কোসুটঅ ফাঙ্গিসাইড ছত্রাকজনিত রোগের আরও ভাল এবং দীর্ঘ সময়ের নিয়ন্ত্রণ প্রদান করে এবং রোগ প্রতিরোধের ব্যবস্থাপনায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। এফএমসি ইন্ডিয়ার প্রেসিডেন্ট রবি আন্নাভারাপু বলেছেন, এফএমসি ইন্ডিয়াতে, আমরা উন্নত সমাধানের মাধ্যমে কৃষকদের সমস্যার মোকাবেলা করে কৃষিতে বিপ্লব ঘটাতে প্রতিশ্রুতিবদ্ধ। আমাদের উদ্ভাবন, ভেলজোঅ এবং কোসুটঅ ফাঙ্গিসাইড, সেই প্রতিশ্রুতির উদাহরণ দেয় - উভয় পণ্যই উচ্চতর ফর্মুলেশন যা ব্রড-স্পেকট্রাম রোগ নিয়ন্ত্রণের প্রস্তাব দেয়। এফএমসি ইন্ডিয়া উদ্ভাবন এবং উৎকর্ষ সাধন করে চলেছে, কৃষকদের এমন সরঞ্জাম সরবরাহ করে যা তাদের উৎপাদনশীলতা বাড়ায় এবং আরও ভারসাম্যপূর্ণ কৃষি বাস্তুতন্ত্রে অবদান রাখে। আমরা আত্মবিশ্বাসী যে ভেলজোঅ এবং কোসুটঅ ফাঙ্গিসাইডগুলি ভারতের কৃষি ল্যান্ডস্কেপের মধ্যে ফসলের সমাধানগুলিকে পুনরায় সংজ্ঞায়িত় করবে।ভেলজোঅ এবং কোসুটঅ ফাঙ্গিসাইডগুলির লঞ্চ কৃষি বিজ্ঞানের অগ্রগতির দিকে এফএমসি ইন্ডিয়ার প্রচেষ্টাকে আরও শক্তিশালী করে তুলেছে, কৃষকদের ক্রমবর্ধমান চ্যালেঞ্জগুলির মোকাবেলা করতে ক্রমাগত ভাবে কাজ করে চলেছে। কোম্পানিটি বলেছে যে এটি উদ্ভাবনী, নিরাপদ এবং টেকসই সমাধানগুলির ব্যবহারকে প্রচার করতে থাকবে যা তার ওয়ার্ল্ড ক্লাস সিন্থেটিক সলিউশন্সের পরিপূরক।

আলোই ঈশ্বরের প্রতিবিম্ব

দুরন্ত বার্তা

২৯ বর্ষ, দৈনিক ২১২ সংখ্যা, মঙ্গলবার, ১৭ আষাঢ়, ১৪৩১

ভারতের ওপরে পশ্চিমী চাপ

ভারতের ওপরে পশ্চিমী চাপ বৃদ্ধি পেতে শুরু করে দিয়েছে। রাশিয়াকে জব্দ করতে তেল আমদানি বন্ধ করে দিয়েছে গোটা ইউরোপ। তার সঙ্গে যোগ দিয়েছে আমেরিকা। এখন বহু দেশকে বাধ্য করছে রাশিয়ার কাছ থেকে তেল না কিনতে। জাপান যদিও রাশিয়ার কাছ থেকে তেল কেনে না। কিন্তু তবুও জাপান কিন্তু ইউক্রেন যুদ্ধকে সমর্থন করছে না। জাপান এবং ভারত চেষ্টা করতে শুরু করে দিয়েছিল ইউক্রেন যুদ্ধ বন্ধ করতে। কিন্তু রাশিয়ার প্রেসিডেন্ট পুতিন যেভাবে গোঁ ধরে বসে রয়েছে তাতে ইউক্রেন যুদ্ধ সহজে থামবে বলে মনে হচ্ছে না। ইউক্রেন যুদ্ধ চলতে থাকবে। আর আমেরিকাসহ ইউরোপের দেশগুলি ভারতের ওপরে চাপ সৃষ্টি করতে থাকবে। ভারত আগে রাশিয়ার কাছ থেকে তেল কিনতো। তবে সেই পরিমান একেবারে অতি কম। এবারে ভারতকে রাশিয়ার কাছ থেকে বেশি পরিমানে তেল কিনতে হচ্ছে। তার কারণ হচ্ছে বন্ধুত্ব। ভারত

সম্পাদকীয়

রাশিয়া এখন মৈত্রী অটুট রয়েছে। রাষ্ট্রপুঞ্জে ভারত রাশিয়ার প্রস্তাবের বিরুদ্ধে ভোট দেয়নি বলে গোঁসা হয়েছে আমেরিকা এবং ইউক্রেনের। ইউক্রেনবাসীরা ভারতের নাম শুনতে চাইছে না। তারা মনে করতে শুরু করে দিয়েছে যে ভারত যুদ্ধের ব্যাপারে রাশিয়াকে কেন এখনও বোঝাতে পারছে না। কিন্তু পুতিন যে কারোর কথা শোনার লোক নন সেটা ইউক্রেনের প্রেসিডেন্ট জেলেনস্কি ভালো করেই জানেন। তিনি জানেন যে পুতিন কারোর কথায় কান দেবে না। তাঁকে শায়েস্তা করতে পারে একমাত্র অস্ত্র। অস্ত্র দিয়ে পুতিনকে জব্দ করতে হবে। সেই কারণে ইউক্রেন এখন আমেরিকার অস্ত্র নিতে শুরু করে দিয়েছে। জার্মান সরকার ইউক্রেনকে বুলেট সরবরাহ করতে শুরু করে দিয়েছে। ব্রিটেন ইউক্রেনকে সেনা এবং অস্ত্র দুই দিয়ে সহযোগিতা করছে। এদিকে জাপানের প্রাক্তন প্রধানমন্ত্রী শিনজে আবে নিহত হওয়ার ফলে ভারতের পাশে প্রকৃত বন্ধু বলে এখন আর কেউ থাকলো না। সকলেই এখন বন্ধুত্ব রাখতে চায় প্রতিশ্রুতি আদায় করে। প্রতিশ্রুতির বিনিময়ে বন্ধুত্ব রাখতে চাইছে আমেরিকা থেকে শুরু করে রাশিয়া পর্যন্ত। রাশিয়া বরাবর ভারতকে সতর্ক করে দিয়েছে। তারা বলতে শুরু করে দিয়েছে বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ কালে ভারতের পাশে রাশিয়া এসে দাঁড়িয়েছিল। সেই সময়ে ভারতের বিরুদ্ধে নিন্দা প্রস্তাব গৃহীত হলেও রাশিয়া তাতে ভেটো দিয়ে বাতিল করে দিয়েছিল। এদিকে চিনের যুদ্ধের সময়ে ভারতের পাশে এসে দাঁড়িয়েছিল আমেরিকা। সেই কথাও এখন আমেরিকা তুলতে শুরু করে দিয়েছে। ভারতের সবচেয়ে বেশি ভয় হচ্ছে চিনকে।

চিনের রাশিয়ার মৈত্রী

চিন তার আগ্রাসী নীতি ত্যাগ করছে না। চিনের চেয়ারম্যান ভারত সফর করলেও চিন পরিস্কার করে বলে দিয়েছে তারা তাদের স্বার্থের দিতে তাকিয়ে কাজ করবে। সেখানে কোনও রকম আপোষ করা হবে না। ভারতকে আমেরিকার সঙ্গে অতিরিক্ত মেলামেশা বন্ধ করে দিলে চিন ভারতের সঙ্গে মৈত্রী স্থাপন করার কথা ভাবতে পারে। ভারত কিন্তু চিনের এই কথাকে একেবারে বিশ্বাস করতে পারছে না। চিন বরাবরই চেষ্টা করছে ভারতকে আর্থিক দিক দিয়ে দুর্বল করে দেওয়ার। সেটা করতে পারছে না তার একটি মাত্র কারণ হচ্ছে ভারতের শিল্পপতিরা আন্তর্জাতিক জুড়ে ব্যবসা বাণিজ্য করছে। তার ফলে ভারতের বিদেশি মুদ্রা জমতে শুরু করে দিয়েছে। ভারতের শিল্পপতিদের চিন দেশে শিল্প গড়তে এক সময়ে আহ্বান করেছিল চিন সরকার। তারপরে হঠাৎ করে চিন একেবারে এ ব্যাপারে চুপ হয়ে গেল। চিন সরকার থেকে বলা হয়েছে যে ভারত তাইওয়ানের সঙ্গে ব্যবসা করতে শুরু করে দিয়েছে। সে ব্যাপারে চিনের কাছ থেকে আগাম কোন অনুমতি গ্রহণ করেনি ভারত। তাইওয়ানের সঙ্গে যাদের ব্যবসা বাণিজ্য রয়েছে চিন তাদেরকে এড়িয়ে চলবে। তাদের সঙ্গে মৈত্রী রাখবে না। এদিকে চিনের রাশিয়ার মৈত্রী থাকলেও চিন কিন্তু

সম্পাদকীয়

পরোক্ষভাবে রাশিয়া শক্তিশালী হয়ে উঠুক এটা চায় না। তারণ রাশিয়া শক্তিশালী হলে চিনের বিপদ বৃদ্ধি পাবে। এদিকে রাজনৈতিক পর্যবেক্ষকেরা বলতে শুরু করে দিয়েছেন যে আগামি দিনে বিশ্বের বড় দেশগুলি সারা পৃথিবীর ওপরে আধিপত্য বিস্তার করতে থাকবে। তার মধ্যে রয়েছে চিন, রাশিয়া এবং আমেরিকা। এই তিনটে দেশ সারা বিশ্বকে গ্রাস করে ফেলবে বলে মনে করছেন রাজনৈতিক পর্যবেক্ষকেরা। তারা বলতে শুরু করে দিয়েছে চিন চেষ্টা করছে এশিয়া ভূখণ্ডের ওপরে তাদের আধিপত্য বিস্তার রাখতে। সেখানে প্রধান বাধা হয়ে দাঁড়াতে শুরু করে দিয়েছে জাপান এবং ভারত। জাপানের প্রাক্তন প্রধানমন্ত্রী শিনজো আবে কোয়াড তৈরি করে চিনের অগ্রগতিকে একেবারে রুখে দেওয়ার ব্যবস্থা করেছিলেন। তিনি কোয়াড তৈরি করতে সহযোগিতা করেছিলেন। সেখানে অস্ট্রেলিয়া, ভারত, জাপান এবং আমেরিকা ছিল। এই কোয়াড ক্রমশ শক্তিশালী জোটে পরিণত হতে থাকে। এই জোটের মূল লক্ষ্য হচ্ছে চিনের অগ্রগতিকে রুখে দাও যা চিন একেবারে অপচ্ছন্দ করতে শুরু করে দিয়েছিল। চিন সাগরে চিনের আধিপত্যকে একেবারে অস্বীকার করতে থাকে জাপান। সেখানে সেনা মহড়ার আয়োজন করেছিল জাপান। সঙ্গে ছিল ভারত এবং আমেরিকা। চিন সরকার এটাকে ভালো নজরে দেখেনি। এদিকে শিনজো আবে নিহত হলে চিনের রাজনৈতিক সুবিধা পেয়ে গেল। তবে বর্তমান জাপানের প্রধানমন্ত্রী বলেছেন, শিনজো আবের কথাকে মান্যতা দেওয়া হবে। শিনজো আবের পথ ধরে চলবে বর্তমান সরকার। চিন সরকার চুপ করে রয়েছে। তারা এই ব্যাপারে একটি কথাও বলতে চাইছে না। জাপানের বর্তমান প্রধানমন্ত্রী ভারতের প্রতি আগ্রহ দেখাতে শুরু করে দিয়েছেন।

অনুকূলচন্দ্র ঠাকুরের অমৃত বাণী



শ্রীশ্রীঠাকুর অনুকূল বলেছেন, সত্যের উপাসক হতে হবে। তবেই মাতৃশক্তি অর্জন করতে পারবি। মা জাগতিক শক্তির অধিকারিণী। মা এর মধ্যেই প্রকৃত মাতৃশক্তি নিহিত। শারীরিক শক্তি, মানসিক শক্তি ধারন করতে গেলে মাতৃভক্ত। সৎ শক্তি দিয়ে দেশের সেবা করতে হবে। এটা যিনি করতে পারেন তিনি হচ্ছেন সার্থক সাধক। জীবন সার্থক হয় তাঁর। তিনিই সিদ্ধ পুরুষ। মহা মানবে পরিণত হন তিনি। মায়ের শক্তি থেকেই আসে সেই অভয় শক্তি। সেই শক্তির কোনদিন ক্ষয় হয় না। এই শক্তি হচ্ছে সর্বজয়ী। যে কোনও স্থানে এই শক্তিকে প্রয়োগ করা সম্ভব হবে। মায়ের শক্তির ওপরে নির্ভর করে জাগতিক নিয়ম কানুন চলে। সঙ্গীত সাধনার মধ্যে মায়ের সাধন শক্তি রয়েছে।

স্বামী বিবেকানন্দ

স্বামী বিবেকানন্দ শক্তির কথা বলতেন অর্ধমকে ত্যাগ করে মানব ধর্মকে গ্রহণ করতে হবে। তবেই মানব জীবন মহৎ পথ ধরে এগিয়ে যেতে পারবে। ধর্ম মানুষকে আলোর পথ দেখাবে। সে ধর্ম হচ্ছে সেবা। সেবাই হচ্ছে পরম ধর্ম। সব ধর্মে ওপরে তার স্থান। সত্যের বিকাস করতে হবে। জ্ঞানের বিকাশ করতে হবে। প্রাণের বিকাশ করতে হবে। ঠাকুর রামকৃষ্ণদেব বলতেন, মানব শক্তি হচ্ছে এই জগতের সবচেয়ে বড় শক্তি। এই শক্তিকে উন্নয়নের কাজে ব্যবহার করতে হবে। মানুষের বিপদের সময়ে গিয়ে পাশে দাঁড়াতে হবে। নিজের মনকে সম্পদশালী করতে হবে। পিছনে দিকে তাকালে চলবে না। সব সময়ে সমানে দিকে তাকিয়ে চলবে হবে। বিপদের সঙ্গে মোকাবিলা করতে হবে। তাদেরকে পরাস্ত করতে হবে। জয়ী হওয়ার বাসনা নিয়ে এগিয়ে যেতে হবে। মায়ের কাছ থেকে সেই শক্তি গ্রহণ করতে হবে। মা সরদা সেই শক্তি সবাইকে দিয়ে থাকেন। স্বামী বিবেকানন্দকে তিনি জয়ী হওয়ার শক্তি দিয়েছিলেন। শত্রুকে পরাস্ত করার শক্তি দিয়েছিলেন। নিজেকে প্রতিষ্ঠিত করার শক্তি তিনি দিয়েছিলেন।

রবীন্দ্রনাথের টেলিফোন নম্বর ছিল ১৯৪৫

কৌশিক দাস

বিংশ শতাব্দীর বিকাশ। ১৯০৪ সাল নাগাদ মার্কিন যুক্তরাষ্ট্রে তিন মিলিয়নেরও বেশি ফোন ম্যানয়াল সুইচবোর্ড এক্সচেঞ্জের মাধ্যমে সংযুক্ত হয়েছিল। ১৯১৪ সাল নাগাদ টেলিফোনের ঘনত্বের ক্ষেত্রে আমেরিকা বিশ্ব সেরা স্থানে ছিল এবং সুইডেন, নিউজিল্যান্ড, সুইজারল্যান্ড এবং নরওয়ের দ্বিগুণ টেলিফোন ঘনত্ব ছিল। টেলিফোন নেটওয়ার্ক গুলি আন্তঃসংযোগ স্থাপন না করে প্রতিযোগিতামূলক হওয়া সত্ত্বেও মার্কিন যুক্তরাষ্ট্রে তুলনামূলক। ভাবে ভাল অবস্থানে ছিল। ১৯২৭ সালের ৬ জানুয়ারি আমেরিকান টেলিফোন ও টেলিগ্রাফ কোম্পানির সভাপতি ডব্লিউ এস জিফফোর্ড আটলান্টিক মহাসাগর পেরিয়ে প্রথম বাণিজ্যিক টেলিফোন লাইন পরীক্ষা করার জন্য এভলিন পি মারিকে কল করেছিলেন। প্রাথমিক টেলিফোনগুলি প্রযুক্তিগতভাবে বৈচিত্র্যময় ছিল। তাদের মধ্যে কিছু তরল ট্রান্সমিটার ব্যবহার করেছিল যা শীঘ্রই ব্যবহারের বাইরে চলে যায়। অন্যরা গতিশীল ছিলঃ তাদের ডায়াফ্রামগুলি স্থায়ী চৌম্বকক্ষেত্রে তারের একটি কুণ্ডলীকে স্পন্দিত করে। এই ধরনের শব্দচালিত টেলিফোনগুলি বিংশ শতাব্দীতে সামরিক এবং সামুদ্রিক প্রয়োগে অল্প সংখ্যায় ব্যবহৃত হয়েছিল যেখানে নিজস্ব বৈদ্যুতিক শক্তি তৈরি করার ক্ষমতা অত্যন্ত গুরুত্বপূর্ণ ছিল। বেশিরভাগে এডিসন বার্লিনার কার্বন ট্রান্সমিটারগুলি ব্যবহৃত হয়েছিল যা অন্যান্য ধরনের তুলনায় অনেক জোরে ছিল, যদিও এগুলোর আনয়ন কয়েলের প্রয়োজন ছিল। এটি লাইন প্রতিবন্ধের সাথে সামঞ্জস্য করার জন্য প্রতিবন্ধের সামঞ্জস্যপূর্ণ ট্রান্সফর্মার হিসাবে কাজ করে। এডিসনের পেটেন্ট সমূহ বিংশ শতাব্দীতে বেলের একচেটিয়া ব্যবহার টেকসই করে তুলেছিল, যার মাধ্যমে সেই সময়ে টেলিফোনের নেটওয়ার্কগুলি উপকরণের চেয়ে বেশি গুরুত্বপূর্ণ ছিল। বৈদ্যুতিক টেলিফোন উদ্ভাবনের কৃতিত্ব প্রায়শই বিতর্কিত এবং সময়ে সময়ে এই বিষয়ে নতুন বিতর্ক দেখা দেয়। অ্যান্টোনিও মেউচি, আলেকজান্ডার গ্রাহাম বেল, এবং অন্যদের মধ্যে এলিশা গ্রে সকলকেই টেলিফোনের আবিষ্কারের কৃতিত্ব দেওয়া হয়েছে। টেলিফোনের প্রাথমিক ইতিহাসে এখনও দাবি ও পাল্টা দাবিগুলির বিভ্রান্তিমূলক ঝামেলা রয়ে গেছে, যেগুলি বহু ব্যক্তি এবং বাণিজ্যিক প্রতিযোগীদের পেটেন্ট দাবীগুলি সমাধান করার জন্য বিশাল মামলা মোকদ্দমা দ্বারা পরিষ্কার করা হয়নি। বেল এবং এডিসনের পেটেন্ট গুলি অবশ্য বাণিজ্যিকভাবে গ্রহণযোগ্য ছিল, কারণ তারা টেলিফোন প্রযুক্তিতে আধিপত্য বিস্তার করেছিল। সময়কাল ২৮ জানুয়ারি ১৮৮২। ভারতীয় টেলিফোনের ইতিহাসে সেটি এক স্মরণীয় দিন। ওই দিন গভর্নর জেনারেল'স কাউন্সিলের সদস্য মেজর ই বারিং কলকাতার টেলিফোন এক্সচেঞ্জের উদ্বোধন করেন। আর তার নাম দেওয়া হয় 'সেন্ট্রাল এক্সচেঞ্জ'। একেবারে গোড়ার দিকে কলকাতায় টেলিফোন ব্যবহারকারীর সংখ্যা

ছিল ৫০। সেটা ধীরে ধীরে বাড়তে থাকে। ব্যক্তিগত কাজে কলকাতায় প্রথম টেলিফোন ব্যবহার করেন বাবু সাগরলাল দত্ত। তাঁর ছিল ব্যবসা। থাকতেন ১৪ গোপালচন্দ্র লেনে। এই রাস্তা মধ্য কলকাতার কলুটোলা অঞ্চলে অবস্থিত। প্রাতিষ্ঠানিক বিচারে একটি মাত্র বাঙালি প্রতিষ্ঠান তখন টেলিফোন ব্যবহার করত শিবকৃষ্ণ দাঁ অ্যান্ড কোং। আগেই বলেছি প্রথম দিকের তুলনায় টেলিফোন কোম্পানির ব্যবসা ধীরে ধীরে বাড়ছিল। ১৮৮২ সালের জুন মাসে কলকাতায় টেলিফোন ব্যবহারকারীর সংখ্যা বেড়ে হয় ৯৩। তার ফলে টেলিফোন কোম্পানি কলকাতায় প্রথম যে গাইড বই বা ডিরেক্টরি প্রকাশ করে তার ১ পাতার মধ্যেই সমস্ত গ্রাহকের নাম ধরে গিয়েছিল। ১৮৭৬ সালে গ্রাহাম বেলের টেলিফোন আবিষ্কারের ৩ বছরের মধ্যে যোগাযোগের এই যন্ত্র গোটা বিশ্বে ছড়িয়ে পড়ে। ১৮৭৯ সালে লন্ডনের অনেকেই যখন টেলিফোন ব্যবহার করতে শুরু করেছেন, তখন ইংরেজ ব্যবসায়ীরা দ্রুত ভারত তথা কলকাতায় টেলিফোন নিয়ে আসতে চাইল।

'দি অ্যাংলো ইন্ডিয়ান টেলিফোন কোম্পানি লিমিটেড' প্রাথমিক ভাবে এই ব্যবসা করার আবেদন করলেও সে সময়ে সরকারের একচেটিয়া ভাবে রমরম করে চলতে থাকা টেলিগ্রাফের ব্যবসার মার খাওয়ার ভয়ে সরকারি তরফে টেলিফোনের ব্যবসা করার অনুমতি দেওয়া হয়নি। তবে টেলিফোনের জনপ্রিয়তার অপ্রতিরোদ্ধ গতিকে বেশি দিন ও ভাবে রুদ্ধ করে রাখা যায়নি। ১৮৮১ সালে 'দি ওরিয়েন্টাল টেলিফোন কোম্পানি লিমিটেড' ব্যবসার ছাড়পত্র পেয়ে যায়। এরা ছিল ইংল্যান্ডের আন্তর্জাতিক টেলিফোন ব্যবসাকারী সংস্থা। ওই বছরের ১৫ নভেম্বর কিছু শর্ত সাপেক্ষে ভারতে টেলিফোন এক্সচেঞ্জ বানানোর অনুমতি দেওয়া হয়। ৭ কাউন্সিল হাউস স্ট্রিটের চারতলায় প্রথম এক্সচেঞ্জ স্থাপিত হয়। ব্যবসা ছড়িয়ে দেওয়া হয় বোম্বাই, মাদ্রাজ, করাচি ও আহমেদাবাদেও। সেখানেও এক্সচেঞ্জ স্থাপিত হয়।

ক্রিং ক্রিং ক্রিং ক্রিং মধুর ধ্বনি
শুনি তোমার আগমনী...'

আহা কী মধুর সে শব্দ। কোনো গান নয়, বা বাদ্যযন্ত্রের অপূর্ব রাগ নয়। স্রেফ যান্ত্রিক ক্রিংক্রিং আর তাতেই মজে গিয়েছিল কলকাতা শহর। টেলিফোনের কী অপূর্ব অনুবাদই না হয়েছিল বাংলায় দূরভাষ। কতরকম বিবর্তনের ভিতর দিয়ে গিয়ে, কতরকম রূপ পালটে টেলিফোন দৌড়েছিল প্রায় দেড়শো বছর। আজও চলছে বটে, তবে ধিকিধিকি। সেই দুরন্তবেগ ক্রমহ্রাসমান।

রবীন্দ্রনাথের ব্যবহৃত টেলিফোন নম্বরঃ ১৯২৪ সালের টেলিফোন ডাইরেক্টরি তে রবীন্দ্রনাথের নাম পাওয়া যাচ্ছে। তাঁর ফোন নম্বর ছিল ১৯৪৫। ডাইরেক্টরিতে লেখা ছিল স্যার রবীন্দ্রনাথ টেগোর, বড়বাজার ১৯৪৫। দেশবন্ধু চিত্তরঞ্জন দাসের ফোন নম্বর ছিল দক্ষিণ -৬১৮। শান্তিনিকেতনে যেদিন টেলিফোন এল সেদিন তো রীতিমতো আড়ম্বর লেগে গিয়েছিল। কবিতা শুনিয়ে টেলিফোন কেন্দ্রের উদ্বোধন করেছিলেন স্বয়ং রবীন্দ্রনাথ।

এটিই ছিল কোনো দেশে আমার প্রথম দ্বিপাক্ষিক সফর ঃ শেখ হাসিনা

শ্যামল সান্যাল, ঢাকা, ১ জুলাই ঃ প্রধানমন্ত্রী শেখ হাসিনা গত ২১-২২ জুন, ২০২৪ ইং ভারতে রাষ্ট্রীয় সফর করেন। তাঁর এই দ্বিপাক্ষিক সফরের ফলাফল সম্পর্কে তাঁর সরকারি বাসভবন গণভবনে সংবাদ সম্মেলনে বক্তব্য রাখেন। সংবাদ সম্মেলনের শুরুতেই তিনি লিখিত বক্তব্য পাঠ করেন। নিঅঙ্কে তাঁর লিখিত ভাষণের পূর্ণ বিবরণ তুলে ধরা হলো বিসমিল্লাহির রাহমানির রাহিমপ্রিয় সাংবাদিকবৃন্দ, ও সহকর্মীবৃন্দ।আসসালামু আলাইকুম! শুভ সকাল!ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর আমন্ত্রণে আমি ২১ও২২ জুন ২০২৪ ভারতে রাষ্ট্রীয় সফর করি।২০২৪ সালের জানুয়ারি মাসে দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের মাধ্যমে আমাদের নতুন সরকার গঠনের পর এটিই ছিল কোনো দেশে আমার প্রথম দ্বিপাক্ষিক সফর।একইসঙ্গে,ভারতের ১৮তম লোকসভা নির্বাচনপরবর্তী সরকার গঠনের পর ভারতেও ছিল এটি প্রথমবারের মত কোন রাষ্ট্র প্রধান বা সরকারপ্রধানের দ্বিপাক্ষিক সফর।এটি অবশ্যই আমার এবং বাংলাদেশের মানুষের জন্য অত্যন্ত সম্মানের। পাশাপাশি বাংলাদেশের সঙ্গে ভারতের সহযোগিতামূলক বিশেষ সম্পর্কেরই বহিঃপ্রকাশ। ভারত বাংলাদেশের সবচেয়ে বড়ও নিকটতম প্রতিবেশি,বিশ্বস্ত বন্ধু এবং আঞ্চলিক অংশীদার। ১৯৭১ সালে মহান মুক্তিযুদ্ধের মাধ্যমে যে সম্পর্কের সূচনা হয় তাকে বাংলাদেশ সবসময়ই বিশেষ গুরুত্ব দিয়ে আসছে। সাম্প্রতিক বছরগুলোতে দু'দেশই রাষ্ট্রের সর্বোচ্চ পর্যায়সহ উচ্চপর্যায়ের মধ্যে যোগাযোগও সহযোগিতা অব্যাহত রেখেছে।আপনারা জানেন, ভারতের টানা তিনবারের নির্বাচিত প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং তাঁর নবগঠিত মন্ত্রিসভার শপথগ্রহণ অনুষ্ঠান গত ৯ জুন ২০২৪ ইং অনুষ্ঠিত হয়। সেই অনুষ্ঠানে যোগ দিতে আমি ৮ থেকে ১০ জুন নয়াদিল্লি সফর করি।সেখানে প্রতিবেশি দেশগুলোর রাষ্ট্রও সরকার প্রধানসহ অনেক বিশিষ্ট ব্যক্তিবর্গকে আমন্ত্রণ জানান হয়। সেই সফরে আমি ভারতের রাজনৈতিক ব্যক্তিবর্গের সঙ্গে কুশল বিনিময়ের পাশাপাশি ওই অনুষ্ঠানে আমন্ত্রিত দক্ষিণ এশিয়াসহ অন্যান্য দেশসমূহের একাধিক সরকার প্রধানের সঙ্গে মতবিনিময় করি। পাশাপাশি আলাদাভাবে আমার সঙ্গে ভুটান এবং শ্রীলঙ্কার সরকার প্রধানগণের দ্বিপাক্ষিক বৈঠক হয়। এসব আলোচনাওবৈঠক আমাদের মধ্যে পারস্পরিক সম্পর্ককে সুদৃঢ় করতে সহায়ক হবে। এবার২১ও২২ জুন আমি রাষ্ট্রীয় দ্বিপাক্ষিক সফর করলাম। একই মাসে সরকার প্রধান হিসেবে দু'বার দিল্লি সফর আমার জন্য এক অভূতপূর্ব ঘটনা। এসবই আমাদের দু'দেশের মধ্যে ঘনিষ্ঠভাবে একে অপরের সঙ্গে কাজ করার প্রমাণ বহন করে।এসফরে পররাষ্ট্রমন্ত্রী, আম্বাসাডর অ্যাট লার্জ,বেসরকারি শিল্পপবিনিয়োগ উপদেষ্টা,ডাক, টেলিযোগাযোগপ তথ্যপ্রযুক্তি প্রতিমন্ত্রী,বাণিজ্য প্রতিমন্ত্রী, কয়েকটি মন্ত্রণালয়ের সচিব ও উচ্চপদস্থ সরকারি কর্মকর্তা,এবং কয়েকজন বিশিষ্ট ব্যবসায়ী ও একটি সাংবাদিক প্রতিনিধিদল আমার সফরসঙ্গী ছিলেন। প্রধানমন্ত্রী উল্লেখ করেন মোদির শপথ গ্রহণ অনুষ্ঠানে দিল্লি সফরকালে তিনি সোনিয়া,প্রিয়াঙ্কা ও রাহুল গান্ধীর সঙ্গে সাক্ষাৎ করেন। এছাড়া বিজেপি'র সিনিয়র নেতা এল কে আদবানীর সঙ্গেও সাক্ষাৎ করেন। ২১জুন দিল্লি পালাম বিমানবন্দরে আমাকে বর্ণাঢ্য অভ্যর্থনাও সাংস্কৃতিক অনুষ্ঠানের মাধ্যমে স্বাগত জানানো হয়।ওই দিন সন্ধ্যায় ভারতের পররাষ্ট্রমন্ত্রী ড. এস.জয়শঙ্কর আমার সঙ্গে সাক্ষাৎ করেন। এছাড়াও, ভারতের একটি ব্যবসায়ী প্রতিনিধিদল আমার সঙ্গে সাক্ষাৎ করেন এবং দ্বিপাক্ষিক ব্যবসা বাণিজ্য প্রসারের সম্ভাবনা ওপন্থা নিয়ে আলোচনা করেন। এসময় আমার সফরসঙ্গী ব্যবসায়ী প্রতিনিধিদলও আলোচনায় অংশ নেন। ২২ জুন রাষ্ট্রপতি ভবনে আমাকে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আনুষ্ঠানিক রাষ্ট্রীয় অভ্যর্থনা জানান। সেখানে তাঁর উপস্থিতিতে আমাকে গার্ড অব অনার প্রদান করা হয়। এরপর,আমি রাজঘাটে ভারতের জাতির পিতা মহাত্মা গান্ধীর সমাধিতে তাঁর প্রতি শ্রদ্ধা নিবেদন করি।দুপুরে আমি ভারতের প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর সঙ্গে আমার একাধিক বৈঠক হয়।ঐতিহাসিক হায়দ্রাবাদ হাউজে বাংলাদেশও ভারতের মধ্যে দ্বিপাক্ষিক বৈঠক অনুষ্ঠিত হয়। আমি বাংলাদেশ প্রতিনিধিদলের নেতৃত্ব দেই। অন্যদিকে ভারতীয় প্রতিনিধিদলের নেতৃত্ব দেন নরেন্দ্র মোদী। বৈঠককালে প্রধানমন্ত্রী মোদী বলেন, বাংলাদেশ-ভারত সম্পর্ক ক্রমাগত বিকশিত এবং দ্রুত অগ্রসর হচ্ছে। বিশ্বব্যাপী চলমান অস্থিতিশীলতাও অনিশ্চয়তার মধ্যে প্রতিবেশিদের সঙ্গে সুসম্পর্ক এবং আঞ্চলিক সহযোগিতার উপর গুরুত্বারোপ করে তিনি বলেন, তাঁরা বাংলাদেশের সঙ্গে আরও গভীরভাবে কাজ করতে আগ্রহী। বাংলাদেশ তাঁদের 'প্রতিবেশি প্রথম', 'অ্যাক্ট ইস্ট',,সমুদ্র ও ইন্দো প্যাসিফিক' নীতির কেন্দ্রে রয়েছে। আমরা দু'দেশের মধ্যে পারস্পরিক সহযোগিতাও সম্পৃক্ততার পথ এবং কার্যপন্থা নিয়ে আলোচনা করেছি। আমরা আমাদের দু'দেশের এবং জনগণের কল্যাণের জন্য আন্তরিকভাবে সহযোগিতা করার বিষয়ে সম্মত হয়েছি। বৈঠকে আমরা অন্যান্য পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট বিষয়ের মধ্যে রাজনীতিও নিরাপত্তা, শান্তিপূর্ণওসুরক্ষিত সীমান্ত ব্যবস্থাপনা এবং সীমান্তে হতাহতের ঘটনা শুন্যে নামিয়ে আনা, বাণিজ্যও সংযোগ,অভিন্ন নদীর টেকসই ব্যবস্থাপনাওপানি বণ্টন, জ্বালানিওশক্তি এবং আঞ্চলিকও বহুপাক্ষিক সহযোগিতার বিষয়ে আলোচনা করি। আমি ভারতের প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীকে তাঁর সুবিধাজনক সময়ে যত দ্রুত সম্ভব বাংলাদেশে দ্বিপাক্ষিক সফরে আসার আমন্ত্রণ জানিয়েছি।বৈঠক শেষে উভয় দেশের মধ্যে ৫টি নতুন সমঝোতা স্মারক স্বাক্ষরিত ওবিনিময় হয় এবং ৩টি নবায়িত সমঝোতা স্মারক স্বাক্ষরিতওবিনিময় হয়। এছাড়া ২টি রূপকল্প ঘোষণা স্বাক্ষরিতওবিনিময় হয়। বৈঠকে ভবিষ্যত কাজের ক্ষেত্র হিসেবে১৩টি যৌথ কার্যক্রমের ঘোষণা দেওয়া হয়। (আলাদা তালিকা সংযোজিত)।সফরের গুরুত্বপূর্ণ দিকসমূহ, উভয়দেশ শান্তিপূর্ণ ও সমৃদ্ধ ভবিষ্যত নিশ্চিতকরণে একটি রূপকল্প ঘোষণা' গ্রহণ করেছে। পাশাপাশি 'ডিজিটাল অংশীদারিত্ব'এবং 'টেকসই ভবিষ্যতের জন্য সবুজ অংশীদারিত্ব' বিষয়ক দুটি সমন্বিত রূপকল্পকে সামনে রেখে কাজ করতে আমরা দু'পক্ষই সম্মত হয়েছি।রেল যোগাযোগ, সামুদ্রিক সহযোগিতাওসুনীল অর্থনীতি, তথ্য-প্রযুক্তিখাতে সহযোগিতা, স্যাটেলাইটও সামরিক শিক্ষা সহযোগিতা বিষয়ে ৫টি সমঝোতা স্মারক স্বাক্ষর হয়েছে। রেল যোগাযোগ সমঝোতা স্মারকের মাধ্যমে বাংলাদেশের সঙ্গে ভারতের বিভিন্ন শহরসহ নেপালও ভুটানের সঙ্গে যাত্রীওপণ্যবাহী রেলের যোগাযোগ স্থাপিত হবে। স্বাস্থ্যওওষুধ খাতে সহযোগিতা, দুর্যোগ মোকাবিলা, সহনশীলতাও প্রশমন এবং মৎস্যক্ষেত্রে সহযোগিতার জন্য ৩টি সমঝোতা স্মারক নবায়ন করা হয়েছে। এছাড়া,এই সফরে দু'দেশের মধ্যে গৃহীত কিছু কার্যক্রমের ঘোষণা প্রদান করা হয়। গঙ্গা নদীর জল বণ্টন চুক্তি নবায়নও বাংলাদেশের তিস্তা নদীর জল ব্যবস্থাপনা ও জল সংরক্ষণের প্রকল্পে ভারতের সহায়তার ব্যাপারে আমরা আলোচনা করেছি। তবে এর সঙ্গে দীর্ঘদিন ধরে নিষ্পত্তি না হওয়া তিস্তার জল ভাগাভাগির কোন সম্পর্ক নেই। বাংলাদেশ থেকে ভারতে চিকিৎসার জন্য যাওয়া রোগীদের ক্ষেত্রে ই ভিসা চালু এবং রংপুরে ভারতের নতুন সহকারী হাই কমিশন প্রতিষ্ঠা করা।এতে করে মুমূর্ষু রোগীদের ভিসা আগের চেয়ে দ্রুত প্রক্রিয়াকরণ করা যাবে এবং স্বল্প সময়ের মধ্যে ভ্রমণ করা যাবে। রাজশাহীও কলকাতার মধ্যে নতুন ট্রেন সার্ভিস চট্টগ্রামও কলকাতার মধ্যে নতুন বাস পরিষেবা চালু এবং গেদে দর্শনা এবং হলদিবাড়ি-চিলাহাটির মধ্যে দলগাঁও পর্যন্ত পণ্যবাহী ট্রেন পরিষেবা চালু। এতে করে দু'দেশের মধ্যে যোগাযোগ ও অর্থনৈতিক কর্মকা আরও বৃদ্ধি পাবে। অনুদান সহায়তার আওতায় সিরাজগঞ্জে ইনল্যান্ড কনটেইনার ডিপো (আইসিডি) নির্মাণ।ভারতীয় গ্রিডের মাধ্যমে নেপাল থেকে বাংলাদেশে ৪০ মেগাওয়াট বিদ্যুৎ আমদানি,যার মাধ্যমে আঞ্চলিক বিদ্যুৎ সহযোগিতা আরও বৃদ্ধি পাবে। মুক্তিযোদ্ধা

ভারত জাপান মৈত্রী অটুট থাকবে

চিন বেশ খানিকটা ক্ষুব্ধ

জাপানের প্রধানমন্ত্রী বলেছেন, জাপান ভারত মৈত্রী অটুট থাকবে। শিনজো আবে ভারত সম্পর্কে যেসব সিদ্ধান্ত গ্রহণ করেছিলেন তাকে বাস্তবে পূরণ করা দেওয়া হবে। তার ফলে চিন বেশ খানিকটা ক্ষুব্ধ। চিন চাইছে এশিয়াতে তাদের আধিপত্য বিস্তার করতে। কিন্তু কোয়াড বাধা দিতে শুরু করে দিয়েছে। সেই কারণে চিন এখন বিকস গোষ্ঠী করার চেষ্টা করছে। বিকস গোষ্ঠীতে রাশিয়া থেকে শুরু করে ইরাককে রাখা সিদ্ধান্ত গ্রহণ করেছে চিন। কিন্তু ভারত তাতে থাকতে রাজি হচ্ছে না। চিনকে পরিস্কার করে বলে দিয়েছে সীমান্ত সমস্যার সমাধান আগে করতে হবে। তারপরে চিনের সঙ্গে কথা বলবে ভারত। চিন কিন্তু সীমান্ত সমস্যার সমাধান করতে একেবারে চাইছে না। উল্টে পাকিস্তানের সঙ্গে চিন সরকার বন্ধুত্ব বজায় রাখতে শুরু করে দিয়েছে। কাশ্মীরে আর্থিক করিডর তৈরি করতে ভারত প্রতিবাদ করেছিল। চিন সেই কথায় কোনও রকম কর্ণপাত না করে আর্থিক করিডর তৈরি করেছে এবং সেখানে চিনা সেনা মোতায়েন করেছে। চিনের সেনার গাড়ি সেখানে রাখা হয়েছে নিরাপত্তা দেওয়ার জন্য। ভারত সরকার থেকে চিন সরকারকে বলে দেওয়া হয়েছিল আর্থিক করিডর অঞ্চলটি ভারতের অংশ।

পাকিস্তান ইচ্ছাকৃতভাবে কাশ্মীর দখল করে রেখে দিয়েছে। পাক কাশ্মীর ভারতকে ফেরত দিতে হবে। নাহলে কিন্তু ভারতকে এ ব্যাপারে আগামি দিনে ভাবতে হবে। কীভাবে পাক অধিকৃত কাশ্মীর পাকিস্তানের কাছ থেকে ফেরত নেওয়া যায় তা নিয়ে বহু বার সেনা কর্তাদের মধ্যে আলোচনা হয়েছে। সেনা কর্তারা বলতে শুরু করে দিয়েছে বারবার পাকিস্তানের কাছে আবেদন রাখতে হবে পাক অধিকৃত কাশ্মীর ফেরত দেওয়ার জন্য। প্রয়োজন হলে চিন, রাশিয়া এবং আমেরিকার সঙ্গে কথা বলতে হবে। এমনকী পাকিস্তানের বর্তমান সরকারের সঙ্গে ভারত সরকার কথা বলতে পারে। এদিকে নয়া পাকিস্তান সরকারের বিদেশ মন্ত্রী বিলাবল ভুট্টো বলতে শুরু করে দিয়েছেন কাশ্মীর সমস্যার সমাধান করতে ভারত পাকিস্তানের বৈঠকের প্রয়োজন রয়েছে। আগামি দিনে ভারত পাকিস্তানের সঙ্গে পাক অধিকৃত কাশ্মীর ফেরত দেওয়া নিয়ে কথা বলতে পারে। তাছাড়া আর কোনও বিষয় নিয়ে কাশ্মীরের ব্যাপারে কথা বলতে ভারত ইচ্ছুক একেবারে নয় সেটা পরিস্কার করে দিয়েছে বিদেশ মন্ত্রক। বিদেশ মন্ত্রকের মুখপাত্র বলেছেন, পাকিস্তানের সঙ্গে বহু আলোচনা হয়েছে। কিন্তু পাকিস্তান কাশ্মীর ভারতকে ফেরত দেওয়ার ব্যাপারে একটি কথাও উচ্চারণ করেনি। এবারে ভারত দাবি করতে শুরু করে দিয়েছে যে আগামি দিনে কাশ্মীর ভারতকে ফেরত দিতে হবে না। নাহলে অন্য কথা ভাববে ভারত সেটা স্পষ্ট হয়ে উঠতে শুরু করে দিয়েছে। পাকিস্তান এখন ভারতকে ভয় পেতে শুরু করে দিয়েছে। যদি ভারত পাকিস্তান যুদ্ধ হয় তাহলে পাকিস্তানের অর্থনীতিতে একেবারে ধস নামতে শুরু করবে। সেই কারণে পাকিস্তান এখন যুদ্ধ এড়িয়ে চলার চেষ্টা করছে। রুশ ইউক্রেন যুদ্ধ শুরু হওয়ার ফলে ভারতের ওপরে সবচেয়ে বেশি চাপ আসতে শুরু করেছে।

বিশ্ব একেবারে ক্ষেপে উঠেছে

দ্বিতীয় বিশ্ব যুদ্ধের সময়ে হিটলারকে নেতা বলে গ্রহণ করেছিল রাশিয়া। তারা জার্মান দেশের অর্ধেক দখল করে নিয়ে ছিল। পূর্ব জার্মানকে রাশিয়া সমাজতান্ত্রিক শোষন যন্ত্রে ফেলে পিষতে শুরু করে। ভাগ্য ভালো ছিল পশ্চিম জার্মানদের। পশ্চিম জার্মান আমেরিকার দখলে চলে যাওয়ার ফলে সেখানে গণতান্ত্রিক সরকারপ্রতিষ্ঠা লাভ করে। রাশিয়ার বর্তমান প্রেসিডেন্ট পুতিন সেই পুরানো রুশপ্রভাবকে ফিরিয়ে নিয়ে আসার কথা চিন্তা করছেন। তিনি রাশিয়ার সমাজতন্ত্রকে সারা বিশ্বে কীভাবে ছড়িয়ে দেওয়া যেতে পারে তার পরিকল্পনা করছেন। পুতিনকে এখন বেশ কয়েকদিন শারীরিক কারণে গোপনে বসবাস করতে হচ্ছে। চিকিৎসার জন্য তিনি বিশ্রাম গ্রহণ করছেন। জেলেনস্কি বলেছেন, রাশিয়া বর্তমান প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন একজন হত্যাকারী। তাকে ক্ষমা করা উচিত নয়। যুদ্ধাপরাধী বলে গণ্য করা উচিত। গোটা ইউরোপ রাশিয়ার প্রেসিডেন্টকে যুদ্ধপরাধী বলে গণ্য করতে শুরু করে দিয়েছে। তারা কিন্তু পুতিনকে রেহাই দেবে না। যতদিন পুতিন রাশিয়ার প্রেসিডেন্ট পদে থাকবেন ততদিন কিন্তু গোটা ইউরোপ জুড়ে রাশিয়ার বিরুদ্ধে নিষেধাজ্ঞা জারি করা থাকবে। রাশিয়াকে এখনই সহজে নিস্কৃতি দিতে চায় না ইউরোপের জনগণ। পুতিনকে যুদ্ধপারাধী বলে ঘোষণা করতে রাষ্ট্রপুঞ্জ এর কাছে আবেদন করেছে। এদিকে পুতিন আর দেশের জনগণের সমানে বেশি বের হচ্ছেন না। তিনি ক্রেমলিনের ভিতরে বসে রয়েছেন। সেখান থেকেই যুদ্ধ পরিচালনা করার চেষ্টা করছেন। তবে এবারে ইউক্রেনের শক্তির কাছে রুশ বাহিনী পর্যুদস্ত হয়েছে। সহজে রুশ সেনার কোনও কিছুই দখল করতে পারছে না। মারিয়ুপোল দখল করতে গিয়ে তারা বাধার সম্মুখীন হচ্ছে। ইউক্রেনের সেনাদের গেরিলা আক্রমণের ভয়ে পিছিয়ে আসছে রুশ সেনারা। রুশ সেনারা ভারি ভারি অস্ত্র ব্যবহার করছে। এদিকে নেটো বাহিনী ইউক্রেনের পক্ষে না নামলেও তারা কিন্তু অস্ত্র দিয়ে ইউক্রেন সেনাদের সাহায্য করছে। তার ফলে রাশিয়া বাহিনীর বিশাল ক্ষতির মুখে দাঁড়িয়ে রয়েছে। রাশিয়াকে বারবার এক পা এগিয়ে দিয়ে দুই পা পিছনে ফেলে আসতে হচ্ছে। ইউক্রেন দখল করা এবং দখল করে রাখাটা কিন্তু খুবই কঠিন ব্যাপার। বহু স্থান দখল করেও সেখান থেকে রুশ সেনাদের পালিয়ে আসতে হয়েছে ইউক্রেন সেনাদের গেরিলা আক্রমণের ভয়ে। বহু ক্ষয়ক্ষতি হয়েছে। রাশিয়ার সেনারা সুবিধা করতে পারছে না। এমনকী রাশিয়া সেনারা বহু নিষিদ্ধ অস্ত্র ব্যবহার করতে শুরু করে দিয়েছে। তার ফলে রাশিয়ার ওপরে গোটা বিশ্ব একেবারে ক্ষেপে উঠেছে। যুদ্ধ দীর্ঘদিন ধরে চলার ফলে ইউক্রেনের দিকে পাল্লা ভারি হতে শুরু করেছে। আমেরিকা, জার্মান, ব্রিটেন এখন অস্ত্র দিয়ে সাহায্য করছে। বিশেষ করে ক্ষেপনাস্ত্র ধ্বংস করার অস্ত্র। রুশ ক্ষেপনাস্ত্রকে ধ্বংস করে দেওয়ার অস্ত্র ইউক্রেন সেনাদের হাতে তুলে দেওয়ার ফলে রাশিয়া বিশেষ সুবিধা করতে পারছে না। ইউক্রেন প্রেসিডেন্ট বলে দিয়েছেন, তিনি যতদিন বেঁচে থাকবেন ততদিন কিন্তু রাশিয়াকে শান্তিতে থাকতে দেবেন না। তিনি রাশিয়ার শেষ দেখে ছাড়বেন।

ভরপুর তিস্তা নদীকে উপেক্ষা করে জীবনের ঝুঁকি নিয়ে চলছে পারাপার

দুরন্ত বার্তা, জলপাইগুড়ি, ১ জুলাই ঃ বর্ষার ভরপুর তিস্তা নদীকে উপেক্ষা করে জীবনের ঝুঁকি নিয়ে সাঁতার কেটে গরু পারাপার করছেন তিস্তা নদীর সংলগ্ন এলাকার মানুষরা। এমনই চিত্র ক্যামেরায় উঠে আসল। জলপাইগুড়ি সদর ব্লকের ৫ নং তিস্তা নদী এলাকায়। ওই এলাকার বাসিন্দা সুভাষ মন্ডল ও সঞ্জয় সরকাররা ভরপুর তিস্তা নদী দিয়ে সাঁতার কেটে গরু পারাপার করছেন এপারে।

উল্লেখ্য তিস্তা নদীর বাহিরচর এলাকায় অনেক মানুষরাই বসবাস করে থাকেন তাদের মূল জীবন জীবিকা কৃষিকাজ ও পশু প্রতিপালন। তবে তিস্তা নদীর চড়ের জমি চাষবাসের ক্ষেত্রে অনেকটাই উপযোগী এবং প্রচুর ফসল উৎপাদন হয়ে থাকে। তাই তিস্তা নদীর পার্বতী মানুষরা নদীর চরে চাষবাস করে থাকেন এবং গরু চড়াতে নিয়ে যান। তবে ভরপুর বর্ষাওয় জীবনের ঝুঁকি নিয়ে গরু পারাপার করেন। সুভাষবাবু বলেন বর্ষার সময়ে সাঁতার কেটে গরু পারাপার করতে একদিকে যেমন জীবনের ঝুঁকি থাকে অন্যদিকে গরু বাছুরদের ও নিয়ে পারাপার করতে অনেকেই অসুবিধার। তবুও রুজি রোজগারের টানে করতে হয়। অন্যদিকে, তিস্তার মেখলিগঞ্জ অসংরক্ষিত এলাকায় লাল সতর্কতা। পাশাপাশি এনএইচ ৩১ জলঢাকা নদীর সংরক্ষিত এলাকায় লাল সতর্কতা এবং অসংরক্ষিত এলাকায় হলুদ সতর্কতা জারি করেছে জলপাইগুড়ি সেচ দপ্তরের ফ্ল্যাড কন্ট্রোলরুম সূত্রে সোমবার সকালে জানা যায়। তিস্তা নদীর দোমহানী তে অসংরক্ষিত এলাকায় জারি করা হয়েছে হলুদ সর্তকতা। ফুঁসছে তিস্তা। জলপাইগুড়ি গজোলডোবা তিস্তা ব্যারেজ থেকে সোমবার সকাল ৫ টায় জলপাইগুশি ছাড়ার পরিমান ১৬২২.১০ কিউমেক। এরই পাশাপাশি জল বেড়েছে করলা নদীর।

কন্যাশ্রী মডেল এই হাত কেটে নেওয়ার অভিযোগ দুষ্কৃতীদের বিরুদ্ধে

দুরন্ত বার্তা, বালুরঘাট, ১ জুলাই ঃ মুখ্যমন্ত্রী স্বপ্নের প্রকল্প কন্যাশ্রী। আর এই কন্যাশ্রী প্রকল্পে জনসমক্ষে মডেলের মাধ্যমে প্রস্তুত করেছিল বালুরঘাট পৌরসভা। সেই কন্যাশ্রী মডেল এই হাত কেটে নেওয়ার অভিযোগ দুষ্কৃতীদের বিরুদ্ধে। বালুরঘাট থানা, লাগোয়া শহরের রাস্তার ডিভাইডারের মধ্যে এসেই কন্যাশ্রী মডেলটি তৈরি করা হয়। আর সেই মডেলেরই হাত কে বা কাহারা কেটে নিয়ে চলে গেল তা নিয়ে থানার সম্মুখ থেকে তা নেই উঠছে প্রশ্ন। মুখ্যমন্ত্রীর স্বপ্নের প্রকল্প কন্যাশ্রী মডেলের হাত থানার সামনে থেকে কিভাবে কেটে নিয়ে চলে যায় তাহলে শহরের মানুষ কি আদৌ নিরাপদ রয়েছে তা নিয়ে শুরু হয়েছে রাজনৈতিক তরজা। পুরা দক্ষ অশোক মিত্র জানান বিষয়টি নিয়ে থানায় জানানো হয়েছে এবং তো পদক্ষেপ নিতে ব্যবস্থা করা হয়েছে। বিজেপির সম্পাদক বাপি সরকার জানান, এই বিষয়ে নতুন কিছু না তৃণমূলের রাজত্বে এইসব হয়েই থাকে।

হোন্ডা সার্ভিস সেন্টারে ডাকাতির ঘটনায় গ্রেপ্তার এক দুষ্কৃতী

দুরন্ত বার্তা, নবদ্বীপ, ১ জুলাই ঃ হোন্ডা সার্ভিস সেন্টার দুঃসাহসিক ডাকাতির ঘটনায় এক দুষ্কৃতীকে গ্রেফতার করল পুলিশ। রবিবার ভোর রাতে নবদ্বীপ ব্লকের স্বরূপগঞ্জ ফুলতলা মোড় থেকে ওই দুষ্কৃতীকে গ্রেফতার করে পুলিশ। সোমবার দুপুরে ধৃত দুষ্কৃতীর বিরুদ্ধে ডাকাতির মামলা রুজু করে, নবদ্বীপ আদালতের জুডিশিয়াল ম্যাজিস্ট্রেটের এজলাসে পেশ করে নবদ্বীপ থানার পুলিশ। পাশাপাশি তদন্তের স্বার্থে দুষ্কৃতীকে ১৪ দিনের পুলিশি হেফাজতের আবেদন জানালে, বিচারক তা মঞ্জুর করেন। পুলিশ সূত্রে জানতে পারা যায়, ডাকাতির ঘটনায় ধৃত দুষ্কৃতীর নাম সাহেব হালদার ওরফে বিশ্বজিত। তার বাড়ি নবদ্বীপ থানার অন্তর্গত স্বরূপগঞ্জ গ্রাম পঞ্চায়েতের বিপ্রনগর এলাকায়। স্থানীয় ও পুলিশ সূত্রে জানতে পারা যায়, গত ২৬ জুন রাতে নবদ্বীপ থানার অন্তর্গত নবদ্বীপ কৃষ্ণনগর রাজ্য সড়কে মিঞাপাড়া এলাকায় একটি হোন্ডা সার্ভিস সেন্টারে ঢুকে পড়ে বেশ কয়েকজন সশস্ত্র দুষ্কৃতী,এরপর ফিল্মি কায়দায় বন্দুক উঁচিয়ে প্রায় কুড়ি লক্ষ টাকা লুট করে পালিয়ে যায় দুষ্কৃতীরা। এমনই অভিযোগ হোন্ডা সার্ভিস সেন্টারের কর্মীদের। ডাকাতির ঘটনা জানাজানি হতেই এলাকায় ছড়িয়ে পড়ে তীব্র চঞ্চল্য। গত ২৭ জুন হোন্ডা সার্ভিস সেন্টারের পক্ষ থেকে এক ব্যবসায়ী নবদ্বীপ থানায় লিখিত অভিযোগ করে। অভিযোগের ভিত্তিতে তদন্ত শুরু করে নবদ্বীপ থানার পুলিশ। ঘটনার পর থেকেই দুষ্কৃতীদের খোঁজে বিভিন্ন জায়গায় তল্লাশি অভিযান শুরু করে তদন্তকারী আধিকারিকের নেতৃত্বে পুলিশ বাহিনী। রবিবার ভোর রাতে গোপন সূত্রে খবর পেয়ে স্বরূপগঞ্জের ফুলতলা মোড় থেকে ডাকাতির ঘটনায় যুক্ত থাকার অভিযোগে সাহেব হালদার নামক দুষ্কৃতীকে গ্রেফতার করে পুলিশ। ধৃত দুষ্কৃতীকে নিজেদের হেফাজতে রেখে জিজ্ঞাসাবাদ চালিয়ে বাকি দুষ্কৃতীদের খোঁজ চালানো হবে বলে পুলিশ সূত্রের খবর।

দিনবাজার কাণ্ডে উদ্ধার চুরি যাওয়া টাকা

দুরন্ত বার্তা, জলপাইগুড়ি , ১ জুলাই ঃ জলপাইগুড়ি কোতোয়ালি থানার পুলিশের সাফল্য। গত ২০ তারিখের দিনবাজারের চুরি কান্ডে সাত দিন আগে পুলিশের হাতে ধরা পড়েছিল চার অভিযুক্ত। তাদের আদালতে তোলা হলে সাত দিনের পুলিশি হেফাজতের নির্দেশ দিয়েছিল। তাদের জিজ্ঞাসাবাদ করে গতকাল চুরি যাওয়া ২ লক্ষ ১০ হাজার টাকা উদ্ধার করে পুলিশ। তাদের ৭ দিনের পুলিশি হেফাজত সোমবার শেষ হচ্ছে। আজ আবার ধৃতদের জলপাইগুড়ি জেলা আদালতে তোলা হবে। প্রসঙ্গগত, দিন কয়েক আগে জলপাইগুড়ির দিনবাজারে বেশ কয়েকটি দোকানে চুরির ঘটনা ঘটেছিল। অভিযোগ পেতেই তদন্তে নামেন জলপাইগুড়ি কোতোয়ালি থানার পুলিশ। অবশেষে পুলিশের হাতে ধরা পরল সেই চোরের দল। ঘটনায় চারজনকে গ্রেফতার করেছে পুলিশ। ধৃতদের মধ্যে তিন জন জলপাইগুড়ির এবং একজন আলিপুরদুয়ার জেলার বাসিন্দারা। ২ লক্ষ ১০ হাজার টাকাও তাদের থেকে উদ্ধার করেছে পুলিশ। পাশাপাশি দুটি রৌপ্য মুদ্রাও উদ্ধার হয়েছে। এছাড়াও একটি টোটো বাজেয়াপ্ত করেছে পুলিশ। যা চুরির কাজে ব্যবহৃত হত।

রোটারি ক্লাব অব দুর্গাপুর সেন্ট্রালে চিকিৎসক দিবস উদ্‌যাপন

দুর্গাপুর, ১ জুলাই ঃ ০১-০৭-২৪ রোটারি ক্লাব অফ দুর্গাপুর সেন্ট্রালের উদ্যোগে এদিন চিকিৎসক দিবস পালিত হল। দুর্গাপুরের সবুজ পরিবেশকে উৎসাহিত করতে বিভিন্ন ক্ষেত্রের চিকিৎসকদের গাছের চারা উপহার দিয়ে সম্মানিত করা হয়। ১ জুলাই চিকিৎসক দিবস উপলক্ষ্যে রোটারি ক্লাবের অন্যান্য সদস্যদের উপস্থিতিতে রোটারিয়ান অনুজা আগরওয়াল ও অন্যান্য সদস্যরা

বিশিষ্ট চিকিৎসকদের মাঝে গাছের চারা বিতরণ করেন। রোটারিয়ান ডাঃ অসিত চ্যাটার্জী এবং রোটারিয়ান ডাঃ মনীশ ভার্মা এবং অন্যান্যদের চারা সরবরাহ করা হয়েছিল। রোটারি ক্লাব অফ দুর্গাপুর সেন্ট্রালের এই কাজটি চিকিৎসকদের দ্বারা প্রশংসিত হয়েছিল এবং তারা সকলেই দুর্গাপুরের পরিবেশ বান্ধব সবুজ পরিবেশের জন্য আরও গাছ লাগানোর প্রতিশ্রুতি দিয়েছিলেন।

নবদ্বীপের চিকিৎসক দিবস পালন আরসিবি সারস্বত মন্দির ও টিএমসিপি'র

দুরন্ত বার্তা, নবদ্বীপ, ১ জুলাই ঃ সারা রাজ্যের পাশাপাশি ১ জুলাই জাতীয় চিকিৎসক দিবসে প্রখ্যাত চিকিৎসক, বাংলার রূপকার, প্রাক্তন মুখ্যমন্ত্রী, ভারতরত্ন ডাঃ বিধানচন্দ্র রায়ের জন্ম ও মৃত্যুদিনে এক অনুষ্ঠান আয়োজনের মাধ্যমে তাঁর প্রতি শ্রদ্ধা জানালেন নবদ্বীপের অন্যতম শিক্ষা প্রতিষ্ঠান আরসিবি সারস্বত মন্দির উচ্চ বিদ্যালয়ের শিক্ষক- শিক্ষিকা ও ছাত্ররা। এই অনুষ্ঠানে স্কুলের পক্ষ থেকে সংবর্ধিত করা হল নবদ্বীপ শহরের প্রখ্যাত চক্ষু চিকিৎসক ডাঃ বিমল হোড়কে। অনুষ্ঠানের সূচনা হয় বিদ্যালয়ের প্রতিষ্ঠাতা প্রধান শিক্ষক শচীন্দ্রমোহন নন্দীর আবক্ষ মূর্তিতে মাল্যদান করে। মাল্যদান করে শ্রদ্ধা জানান বিদ্যালয় পরিচালন সমিতির সভাপতি ডাক্তার বিমল হোড়। মূল মঞ্চে বিধানচন্দ্র রায়ের পথিকৃতিতে মাল্যদান ও পুষ্পার্ঘ্য নিবেদন করে শ্রদ্ধা জানান ডাঃ বিমল হোড় সহ বিদ্যালয়ের শিক্ষক শিক্ষিকা ও ছাত্ররা। অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে কিংবদন্তি চিকিৎসক ডাক্তার বিধান রায়ের জীবনের নানা দিক তুলে ধরে তাঁর অনুপ্রেরণায় ছাত্রদের প্রকৃত মানুষ হিসেবে গড়ে ওঠার আহ্বান জানান ডাঃ হোড় সহ বিদ্যালয়ের রাষ্ট্রপতি পুরস্কারপ্রাপ্ত প্রধান শিক্ষক বিজন

কুমার সাহা, জয়দেব মণ্ডল, অশোক সেন, বৃন্দাবন মণ্ডল সহ ছাত্ররা। অনুষ্ঠানের শেষপর্বে বিদ্যালয় প্রাঙ্গনে এন সি সি বিভাগের পক্ষ থেকে বৃক্ষরোপণ অনুষ্ঠানে অংশ নেন ডাঃ হোড় সহ বিদ্যালয়ের শিক্ষকরা। অপরদিকে নবদ্বীপের প্রাণকেন্দ্র পোড়ামা প্রাঙ্গনে চিকিৎসক দিবস পালন করা হয় শহর তৃণমূল ছাত্র পরিষদের পক্ষ থেকে। সেখানে ভারতরত্ন ডাঃ বিধানচন্দ্র রায়ের পথিকৃতিতে মাল্যদান করে শ্রদ্ধার্ঘ্য নিবেদন করেন নবদ্বীপের বিধায়ক পুন্ডরীকাক্ষ সাহা ও নবদ্বীপ পুরসভার পুরপিতা বিমান কৃষ্ণ সাহা। এছাড়াও এদিনের অনুষ্ঠানে উপস্থিত থেকে অনুষ্ঠানকে গৌরন্বিত করেন নবদ্বীপ ব্লক তৃণমূলের সভাপতি কল্লোল কর, শহর যুব তৃণমূলের সভাপতি সুজিত সাহা, শহর তৃণমূল ছাত্র পরিষদের সভাপতি রাজদীপ চট্টোপাধ্যায় সহ ছাত্র সংগঠনের অন্যান্য নেতৃবৃন্দ।

বস্তা ওজন করে ভাঙ্গন রোধের কাজ করাচ্ছেন গ্রামবাসীরা, মহকুমা শাসকের নেতৃত্বে পরিদর্শনে প্রশাসনিক কর্মকর্তারা

দুরন্ত বার্তা, সুতি, ১ জুলাই ঃ বর্ষাকাল আসতেই চিরাচরিত রীতি মেনেই অন্যান্য প্রান্তের মতো সামসেরগঞ্জেও ক্রমশঃ বাড়ছে গঙ্গার জলস্তর। জলস্তর বাড়তেই আতঙ্ক গ্রাস করছে গঙ্গা তীরবর্তী এলাকার বাসিন্দাদের। যদিও এবছর সামসেরগঞ্জের বিভিন্ন প্রান্তে চলছে গঙ্গাভাঙ্গন প্রতিরোধের কাজ। বালির বস্তা দিয়ে কাজ চললেও কাজ নিয়ে বেশ কয়েকবার ক্ষোভ পরিলক্ষিত হয়েছিল গ্রামবাসীদের মধ্যেই। যদিও পরবর্তীতে পুনরায় জোরকদমে তৎপরতার সাথে শুরু হয়েছে বালির বস্তা দিয়ে গঙ্গাভাঙ্গন প্রতিরোধের কাজ। সামসেরগঞ্জের পশ্চিম দেবিদাসপুর,

ঘনেশ্যামপুর, ডিস্কোমোড় সহ একাধিক এলাকায় ওপার থেকে নৌকায় করে নিয়ে আসা হচ্ছে বালির বস্তা। তারপরেই প্যাকেটিং করে জাল ছাড়িয়ে খাঁচা বন্দী করে ফেলা হচ্ছে গঙ্গা নদীতে। বস্তায় ঠিকমতো বালি থাকছে কিনা সেটাও খতিয়ে দেখছেন গ্রামবাসীরা। মেপে নিচ্ছেন তারা। প্রথমদিকে ঠিকমতো বাড়ি না থাকলেও এখন প্রতিটি বস্তায় ৩৫ কেজির ওপরেই বালি থাকছে বলেই জানিয়েছেন গ্রামের বাসিন্দারা। এদিকে উপরমহলের নির্দেশে যেখানে যেখানে ভাঙ্গন প্রতিরোধের কাজ চলছে সেখানে কার্যত তদারকী করছেন জুনিয়ার এবং অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়াররা। পাশাপাশি রয়েছেন কর্মরত ঠিকাদাররাও। কড়া নজরদারিতেই কার্যত চলছে কাজ। সোমবার দুপুরে কাজ পরিদর্শন করেন জঙ্গিপুরের মহকুমা শাসক একাম জে সিংয়ের নেতৃত্বে এক বিশেষ প্রতিনিধি দল। এসময় সামসেরগঞ্জের বিডিও সহ অন্যান্য কর্মকর্তারা উপস্থিত ছিলেন। নৌকায় চেপে সামসেরগঞ্জের পশ্চিম দেবিদাসপুর, ঘনেশ্যামপুর, ডিস্কোমোড় সহ একাধিক এলাকা এলাকা পরিদর্শন করেন তারা। খতিয়ে দেখেন কাজের মান। কাজ দেখে কর্তারা সন্তোষ প্রকাশ করেছেন বলেই সূত্রের খবর।

মোবাইল ফিরিয়ে দিল পুলিশ

দুরন্ত বার্তা, মাটিগাড়া, ১ জুলাই ঃ দীর্ঘদিন থেকেই মাটিগাড়ার বিভিন্ন এলাকা থেকে ফোন চুরি যাওয়া এবং হারিয়ে যাওয়ার অভিযোগ উঠে আসে। সেই ঘটনার তদন্তে নেমেই মাটিগাড়া থানার সাদা পোশাকের পুলিশ মোবাইল ফোনগুলি উদ্ধার করে । সোমবার চুরি যাওয়া এবং হারিয়ে যাওয়া মোট ৪১ টি মোবাইল ফোন উদ্ধার করে মোবাইল মালিকদের ডেকে তাদের হাতে মোবাইল ফোনগুলি তুলে দেওয়া হয়। মোবাইল ফোন হাতে পেয়ে তারা মাটিগাড়া থানার পুলিশ প্রশাসনকে ধন্যবাদ জানিয়েছে।

প্যাঙ্গোলিন উদ্ধার

দুরন্ত বার্তা, আলিপুরদুয়ার, ১ জুলাই ঃ উদ্ধার বিলুপ্তপ্রায় প্রাণী প্যাঙ্গোলিন। এই ঘটনা ঘিরে চাঞ্চল্য ছড়িয়েছে এলাকায়। রবিবার রাত এই প্রাণীকে ঘিরে চাঞ্চল্য ছড়ায় ফালাকাটার কুঞ্জনগরের উত্তরপাড়া এলাকায়। জানা গেছে, এক স্থানীয় বাসিন্দা প্রথম প্যাঙ্গোলিনটিকে দেখে পেয়ে খবর দেন বন দফতরে। ঘটনাস্থলে বনকর্মীরা এসে ওই প্যাঙ্গোলিনকে উদ্ধার করে নিয়ে যান।

Office of the Purulia-II Panchayat Samiti
Vill. Bongabari, P.O: V.Nagar, Dist: Purulia (W.B), Phone No. 8373068635, E-mail ID: bdoeopurulia2@gmail.com

e-Tender is being invited by the Executive Officer, Purulia-II Panchayat Samiti & Block Development Officer, Purulia-II of village: Bongabari, Post: V.Nagar, Dist: Purulia, for the various development works under source of fund XV FC (Untied & Tied Grant), SBM(G) under Purulia-II PS vide Tender Notice (eNIT) No : WBPUR/EO/P-II/NIT(e): 02/ 2024-25, WBPUR/EO/P-II/NIT(e): 03/ 2024-25, WBPUR/EO/P-II/NIT(e)-04/ 2024-25, WBPUR/EO/P-II/NIT(e)-15/ 2023-24 3 rd Call, WBPUR/EO/P-II/ NIT(e)-22/2023-24 2 nd Call, WBPUR/ EO/P-II/NIT(e)-01/2024-25 2 nd Call, WBPUR/EO/P-II/NIT(e)-22/2023-24 3 rd Call. For more details requesting to follow the Office Notice Board or may contact General Section of the undersigned on office day & time and visit www.wbtenders.gov.in

Sd/- Executive Officer
Purulia-II Panchayat Samiti

রুপিক ক্যাপিটাল প্রাইভেট লিমিটেড

45/B, শুভম কমপ্লেক্স, ১ম A মেইন, জেপি নগর ৩য় ফেজ, বেঙ্গালুরু – 560078

স্বর্ণ নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা ঋণগ্রহীতা এবং সাধারন জনসাধারণকে জানানো হচ্ছে যে, নিচে উল্লেখিত ঋণের ক্ষেত্রে বন্ধক রাখা সোনা, বকেয়া পরিশোধ না করার কারণে নিলাম করা হবে। একটি অনলাইন পোর্টাল **https://gold.samil.in**-এর মাধ্যমে **13/07/2024** তারিখে নিলাম হবে।
I AFROZ HAYAT , S/O SAFDAR NAWAB KHAN, R/O 2D, TILJALA LANE, PO BALLYGUNGE, PS KARAYA, KOLKATA -700019, WEST BENGAL, SHALL HENCEFORTH BE KNOWN AS AFROZ HAYAT KHAN, VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 01/07/2024, THAT AFROZ HAYAT AND AFROZ HAYAT KHAN ALL ARE THE SAME AND ONE IDENTICAL PERSON

মুখ্যমন্ত্রীর নির্দেশে এবার ফুটপাথ দখল মুক্ত করতে কড়া পদক্ষেপ পূর্ব বর্ধমান জেলা প্রশাসন ও পৌরসভারঃ বিক্ষোভ

দুরন্ত বার্তা, বর্ধমান, ১ জুলাই ঃ গত সপ্তাহে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের কড়া নির্দেশের পর বর্ধমান পৌরসভা এলাকায় বিভিন্ন ব্যস্ততম রাস্তার ধার থেকে জবরদখল করে বসা হকারদের উচ্ছেদ অভিযান শুরু করা হল সোমবার থেকে। পূর্ব বর্ধমান জেলা প্রশাসন ও বর্ধমান পৌরসভার যৌথ উদ্যোগে রীতিমতো দোকান ভাঙতে বুলডোজার চলল শহরের বুকে। সোমবার বেলা থেকেই বুলডোজার নিয়ে বেআইনি ভাবে রাস্তা ও ফুটপাথ দখলমুক্ত করার কাজ শুরু করেন বর্ধমান পৌরসভার চেয়ারম্যান ও পৌরসভার আধিকারিকরা, সঙ্গে ছিলেন মহকুমাশাসক ও জেলা পুলিশের উচ্চ-আধিকারিকরা। এদিন শহরের জেলখানা মোড় এলাকা থেকে বুড়ির বাগান ও চার্চ মার্কেট পর্যন্ত জবরদখল উঠিয়ে ফুটপাত উদ্ধার করে পুলিশ এবং পৌরসভা। উচ্ছেদ নিয়ে চাঞ্চল্য ছড়ায় বর্ধমানে। অনেকেই দোকান পাট হারিয়ে বিক্ষোভ দেখান পৌরসভার প্রতি, রাজ্য সরকারের প্রতি। কিন্তু বিক্ষোভে কাজ হয় নি। বর্ধমান শহরের বিভিন্ন জায়গায় রাস্তা দখল হয়ে গেছে হকারদের জন্য। হকার উচ্ছেদ করার আগে তিন দিন ধরে লাগাতার এলাকায় মাইকিং করা হয়েছিল বর্ধমান পৌরসভার পক্ষ থেকে। মুখ্যমন্ত্রীর কড়া নির্দেশের পরে এই হকারদের সরে যাওয়ার জন্য বারবারই জানিয়েছিল পুলিশ ও পৌরসভা। কিন্তু তাতেও ফুটপাত খালি না হওয়ায়, সোমবার বেলায় বর্ধমান পৌরসভার বুলডোজার এনে একের পর এক ঝুপড়ি ও দোকান ভেঙে ফেলা হয়। হকারদের জিনিসপত্র গুঁড়িয়ে দেওয়া হয় এদিন। মহকুমাশাসক তীর্থঙ্কর বিশ্বাস বলেন, পৌরসভার সঙ্গে যৌথভাবে বর্ধমান জেলা-পুলিশ প্রশাসন অবৈধ হকার উচ্ছেদ করা হয়েছে। আগে থেকে এলাকায় মাইকিং করা হয়েছে, যারা সরেনি তাদের বুলডোজার দিয়ে সরিয়ে দেওয়া হবে। তিনি আরো বলেন, শহরের জেলখানা মোড় এলাকা থেকে বুড়ির বাগান ও চার্চ মার্কেট পর্যন্ত জবরদখল উঠিয়ে ফুটপাত পুণউদ্ধার করা হয়েছে। আগামী দিনে শহরের বিভিন্ন জায়গায় জবরদখল উচ্ছেদের অভিযান চলবে। বর্ধমান পৌরসভার চেয়ারম্যান পরেশ চন্দ্র সরকার জানিয়েছেন, বর্ধমান শহরে যেখানে সেখানে মানুষজন সরকারি জায়গার উপর বসে ব্যবসা করছিলেন। যার দরুন মানুষের যাতায়াত সাথে গাড়ি চলাচলের অসুবিধা হচ্ছিল। পৌরসভার পক্ষ থেকে দুই দিন ধরে মাইকিং করে সবাইকে অনুরোধ করা হয়েছিল যাতে তারা সরে যান, শহরের রাস্তায় স্বাচ্ছন্দ্যে মানুষ ও যানবাহন চলাচল করুক, শহর বর্ধমান যানজট মুক্ত হয়ে উঠুক। কিন্তু সোমবার রাস্তায় বেরিয়ে দেখা গেল পৌরসভার প্রচার সত্ত্বেও অনেকে রাস্তার উপর বসে আছেন, ফলে পুলিশ প্রশাসন তাদের সরিয়ে দেওয়ার কাজ করেছে। কাউকে জোর করে সরানো হয়নি উচ্ছেদও করা হয়নি। বর্ধমানবাসী কে চলার সুযোগ দিতে হবে, বর্ধমানের রাস্তায় গাড়ি চলতে দিতে হবে। রাজ্যের মুখ্যমন্ত্রী কড়া নির্দেশ পেয়েই জবর দখলকারীদের হটিয়ে দেওয়া হচ্ছে। তবে তারা কিন্তু হকার উচ্ছেদ করছেন না, যারা রাস্তা দখল করে ব্যবসা করছিলেন তাদের অবৈধ ছাউনি সরিয়ে ফেলা হচ্ছে। রাস্তাও বাঁচুক ব্যবসাও বাঁচুক এটাই পুরসভার লক্ষ্য বলে জানিয়েছেন পরেশবাবু। দোকানপাট ভেঙে দেওয়ায় ক্ষোভে ফেটে পরেন স্থানীয় দোকানদাররা। স্থানীয় এক মহিলা ব্যবসায়ী তিনি সাংবাদিকদের সম্মুখীন হয়ে জানান, এবার আমাদের চুরি করতে হবে। আমাদের আগেভাগে কিছুই জানানো হয়নি। শুধু মাইকিং করে জানানো হয়েছিল রাস্তার উপর থেকে জিনিসপত্র সরিয়ে নিতে, আমরা সরিয়ে নিয়েছিলাম, কিন্তু দোকান ভেঙে গুঁড়িয়ে দেবে সেটা আমরা জানতাম না। হঠাৎ করে এসেই ভেঙে দিল দোকান। এখন গরিব মানুষজন কোথায় যাবে! ১৭ বছর ধরে আমরা ব্যবসা করছিলাম কিন্তু এখন কোথায় যাব কি করব কিছুই জানি না। ব্যবসায়ী আজাদ আলী জানিয়েছেন, আমার দোকান শুধু শুধু ভাঙা হলো। আমাদের কোন নোটিশ দেওয়া হয়নি। আমরা আগে জানলে দোকান খুলে নিয়ে রাখতাম। এখন কি করব কিভাবে চালাবো আমাদের সংসার কিছুই বুঝতে পারছি না! পৌরসভা থেকে লোন নেওয়া আছে, কিভাবে পরিশোধ করব সেই লোন! এখন সুইসাইড করা ছাড়া আমাদের কোন উপায় নেই। উল্লেখ্য, লোকসভা নির্বাচনে গ্রাম বাংলার মানুষ দুই হাত তুলে তৃণমূল কে আশীর্বাদ করলেও রাজ্যের পৌর এলাকাগুলিতে কার্যত হারের সম্মুখীন হতে হয়েছে তৃণমূলকে। এত প্রকল্প ও সুবিধা দেওয়া সত্ত্বেও পৌর এলাকাগুলিতে মানুষ কেন তৃণমূলের থেকে মুখ ফিরিয়ে নিলেন তা পর্যালোচনা করতে গিয়ে খারাপ রাস্তা, পর্যাপ্ত পানীয় জলের অভাব, ফুটপাত জবরদখল, যানজট সহ একাধিক ইস্যুগুলি মুখ্যমন্ত্রীর নজরে আসে। তাই তিনি আগামি বিধানসভার আগেই শহরাঞ্চলের মানুষের বিশ্বাস অর্জন করতে এই নির্দেশ দিয়েছেন' মুখ্যমন্ত্রীর।

বিধায়ক হিসেবে কৃতিদের পাশে সবসময়ই থাকব ঃ চন্দ্রিমা ভট্টাচার্য্য

দুরন্ত বার্তা, নববারাকপুর, ১ জুলাই ঃ শিক্ষায় সার্বিক ভাবে সারা বাংলায় দমদম উত্তর বিধানসভার উত্তর দমদম এবং নববারাকপুর পুরসভা নিদর্শন হিসেবে এগিয়ে চলেছে। বিশেষ করে নববারাকপুর পুরসভা এলাকায় অনেক স্কুল কলেজ রয়েছে। অনেকটা এডুকেশন হাবের মতো। নববারাকপুরে কলোনী গার্লস হাইস্কুলে উচ্চ মাধ্যমিকে সর্বোচ্চ নম্বর প্রাপক মেয়েটি রাজ্যে ১৪ তম স্থান করেছে। ভাবতেই পারি আগামীতে ভারতবর্ষে তার ভূমিকা থাকবে। এলাকার এডুকেশনাল হাবকে আরও উন্নত করার চেষ্টা করব। বিধায়ক হিসেবে কৃতিদের সবসময়ই পাশে থাকব। বিধায়ক হিসেবে যা যা করার চেষ্টা করব। তাদের অন্তর দিয়ে ভালোবাসব। তারা আরো বড় হোক। ভালো হোক। এলাকার উন্নতি সাধনে সবাই মিলে কাজ করব। শিক্ষা প্রদানে আরো বেশি পথ প্রশস্ত করার চেষ্টা করব। সোমবার বিকেলে নববারাকপুর পুরসভার উদ্যোগে কৃষ্টি প্রেক্ষাগৃহে কৃতি বরণ অনুষ্ঠানে উপস্থিত থেকে কথা গুলি বলেন রাজ্যের অর্থমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য্য। মন্ত্রী বলেন, পুরসভা এলাকায় ৩৮০ জন কৃতি সন্তান দের সংবর্ধনার পাশাপাশি তাদের মায়েদের উৎসাহ প্রদান করছ। এটা একটা ভালো প্রয়াস। মায়েরা না থাকলে জীবনের প্রথম শিক্ষাদান হয় না। মা জীবনের প্রথম শিক্ষক হন। তাদের চেষ্টাতেই ছেলে মেয়েরা ভালো তৈরি হয়। এটা একটা বড় কথা। তাদের স্বীকৃতি দেওয়ার প্রয়োজন। সেটা করছে পুরসভা। মায়েদের সংবর্ধনা অত্যন্ত আনন্দের বিষয়। কৃতী পড়ুয়ারা ভবিষ্যত উজ্জ্বল হোক। দেশের নাগরিক হিসেবে বাংলার মুখ উজ্জ্বল করুক। উপস্থিত ছিলেন পুরসভার পুরপ্রধান প্রবীর সাহা, উপপুরপ্রধান স্বপ্না বিশ্বাস, নববারাকপুর প্রফুল্ল চঃদ্র মহাবিদ্যালয়ে অধ্যক্ষ ড. সুনিল কুমার বিশ্বাস, আচার্য প্রফুল্ল চঃদ্র কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ ড. সৈযদ্ রফিক আহমেদ, ব্যারাকপুর এসিএমওএইচ ডাঃ শশাঙ্ক পোদ্দার সহ দুটি কলেজের অধ্যাপক অধ্যাপিকা ও প্রধান শিক্ষক ও শিক্ষিকারা। উপস্থিত সকলেই কৃতি পড়ুয়াদের ও মায়েদের উৎসাহ প্রদান সম্মানিত করেন রবীন্দ্রনাথের মঞ্জরী, উপেন্দ্রনাথ রায়চৌধুরীর রচনা সামগ্রী, মেডেল শংসাপত্র কলম- গোলাপ ফুল দিয়ে এবং মায়েদের একটি করে কফি মগ প্রীতি উপহার তুলে দেওয়া হয়. এদিন। পড়ুয়াদের ও অভিভাবক দের উপস্থিতি ছিল চোখে পড়ার মতো।

NOTICE INVITING e-TENDER

Memo no- 1378 Date- 01/07/2024

Notice Inviting e-Tender No. WBPMID/DASP2/BDO/NIT-99(24-25), TENDER NO.- T-1 to T-4 /2024-2025)

The Block Development Officer, **Daspur-II Panchayat Samity** invites e-tender from qualified bidders For 04 Nos.Construction of **Additional Class Room work**, under **Daspur-II Block**. Details may be accessed and dully respond through **https://www.wbtenders.gov.in on and from 02/07/2024 (Tuesday) at 09.00 A.M. to 12/07/2024 (Friday) at 06.00 P.M.**

Sd/-Executive Officer
Daspur-II Panchayat Samity.
Sonakhali, Paschim Medinipur

পূর্ব রেলওয়ে

টেন্ডার নং. এসডিএসটিই-এলএইচএস-এজেড-পিআরডিজি-২৪-২৫, তারিখ ঃ ২৮.০৬.২০২৪। ডিভিসনাল রেলওয়ে ম্যানেজার, হাওড়া, পূর্ব রেলওয়ে, ডিআরএম বিল্ডিং, রেলওয়ে স্টেশনের নিকটে, হাওড়া-৭১১১০১ কর্তৃক নিম্নলিখিত কাজের জন্য টেন্ডার নং. এসডিএসটিই- এলএইচ-এজেড-পিআরডিজি- ২৪-২৫-এর পরিপ্রেক্ষিতে ওপেন ই-টেন্ডার আহ্বান করা হচ্ছে। **কাজের নাম ঃ** এইচডব্লুএইচ ডিভিসনে - কেডব্লুএই-এজেড শাখায় এজেড-পিআরডিজি-র মধ্যে এল.সি গেট নং ২৯/বি/টি -এর অনুষঙ্গে ১৭৮/২-৪ কিমিতে এলএইচএস নির্মাণ। **বিজ্ঞপ্তি মূল্য ঃ** ₹ ৮৮,৪৭,৭৭০.৩৯; **বায়না অর্থ ঃ** ₹ ১,৭৭,০০০.০০, **টেন্ডার নথির মূল্যঃ** ₹০.০০; **দরপ্রস্তাব প্রদান পদ্ধতিঃ** সিঙ্গল প্যাকেট; **দরপ্রস্তাব প্রদান শুরুর তারিখঃ** ১১.০৭.২০২৪। **প্রস্তাবের বৈধতা (দিন) ঃ** ৬০ দিন; **সম্পূর্ণ করার মেয়াদঃ** ১২ মাস; **টেন্ডার আপলোড করার তারিখ ও সময়ঃ** ২৮.০৬.২০২৪, বিকেল ৫ টা ৪৬ মিনিটে; **টেন্ডার বন্ধের তারিখ ও সময়ঃ** ২৫.০৭.২০২৪, বিকেল ৩টেয়। সম্পূর্ণ বিশদ রেলওয়ের ওয়েবসাইট **www.ireps.gov.in** -এ দেখা যাবে। দরপ্রস্তাবদাগণ তাঁদের প্রকৃত/সংশোধিত প্রস্তাব কেবলমাত্র বন্ধের তারিখ ও সময় পর্যন্ত দাখিল করতে পারবেন। এই টেন্ডারের প্রেক্ষিতে হাতে হাতে দরপ্রস্তাব প্রদান অনুমোদিত নয় এবং এরূপ হাতেহাতে দাখিল করা দরপ্রস্তাব গৃহীত হলেও গ্রাহ্য হবে না।

HWH-143/2024-25

টেন্ডার বিজ্ঞপ্তি ওয়েবসাইট www.er.indianrailways.gov.in / www.ireps.gov.in-এও পাওয়া যাবে।

আমাদের অনুসরণ করুন : @EasternRailway
@easternrailwayheadquarter

পুজোয় মা আসবে, কিন্তু শাহাজাদা কিনুদের তার আগেই ব্যবসা বন্ধে মন খারাপ

দুরন্ত বার্তা, বীরভূম, ১ জুলাই ঃ ঈদ ও পুজো এলেই শাহাজাদা কিনুদের মন আনন্দে ভরে ওঠে। কিন্তু এবার মন খারাপ। মহকুমা প্রশাসনের সঙ্গে দেখা করে এসে কান্নায় ভেঙে পড়লেন আই এন টিটিইউসির শহর সভাপতি শাহাজাদা কিনু। চোখের জলে বললেন, তিরিশ বছর হয়ে গেল ব্যবসা করছি। প্লাসটিকে করে রাস্তার ধারে ব্যবসা করেছি। রাতে মাথায় করে নিয়ে সেই মালপত্র রেলওয়ে পাড়ে গেছি। মালগাড়ি না পেরোনো পর্যন্ত অপেক্ষায় থেকেছি। কিন্তু ভেঙে দিতে হবে দশ দিনের মধ্যে প্রশাসনের নির্দেশ। কত করে বললাম বর্ষা পেরোতে দিন। পুজোটা যাক। কিন্তু প্রশাসন অন।। প্রশাসন শর্ত দিল, যদি নিজে না ভাঙি, তাহলে রেলওয়ের সঙ্গে যৌথভাবে রেলওয়ের জায়গাই হকার উচ্ছেদে সাহায্য করবে রেলপুলিশ। শুধু তাই নয়, চোদ্দ নং ওয়ার্ড তো পৌরসভার অন্তর্গত। বললাম, যদি হকারদের পুনর্বাসন করার ব্যবস্থা করুন, অন্যদের সাথে। পৌরসভা এক মাসের মধ্যে শুধুমাত্র রাজ্যসরকারের জায়গাই বসে থাকা হকারদের পুনর্বাসন দেবে। আমাদের অবস্থা খুব খারাপ। বলুন, দোকান ভেঙে ঠেলা গাড়িতে ছাতা মাথায় ব্যবসা করতে হবে। ত্রিপল টাঙানো যাবে না। এভাবে ব্যবসা করা সম্ভব? সোমবার অরাজনৈতিক ভাবে বিভিন্ন দলের ছয় প্রতিনিধি মহকুমা প্রশাসনিক দফতরে মহকুমা শাসক সৌরভ পাণ্ডে, রামপুরহাট পুরসভার চেয়ারম্যান সৌমেন ভকত, ডেপুটি স্পীকার আশীষ বন্দ্যোপাধ্যায়ের সাথে দেখা করেন। সেখানে সমাধান সূত্র হিসেবে দশ জুলাই পর্যন্ত হকারদের সময় দেওয়া হয়। তাদের বলা হয়, ১০ জুলাইয়ের মধ্যে নিজেদের দোকান ভেঙে দিতে হবে। তবেই ঠেলা গাড়িতে সেই জায়গাই ব্যবসা করা যাবে। বৃষ্টি - রোদে মাথায় ছাতা নেওয়া যাবে। কিন্তু কোনো ত্রিপল টাঙিয়ে দোকান দেওয়া যাবে না। তবেই তাদের নাম নথিভুক্ত হবে। একমাসের মধ্যে পশুহাসপাতালের ওখানে হকারদের জন্য আলাদা জোন করবে রাজ্য সরকার। ভেণ্ডিং করে নথিভুক্তদের দোকান ঘর দেওয়া হবে। উল্লেখ্য, এর আগে পরিবার নিয়ে হাতে থালা নিয়ে পথ অবরোধ করে মিছিল করে ফুটপাত ব্যবসায়ীরা। কিন্তু তাতেও সুরাহা হলো না, এমনটাই দাবি ব্যবসায়ীদের। এদিন হকারদের প্রশাসনের তরফে বলা হয় সারা রাজ্যের মধ্যে রামপুরহাটে ফুটপাত ব্যবসায়ীদের সাথে কথা বলে অর্ধসমাপ্ত ভাঙার কাজ সম্পূর্ণ হবে, বলে ব্যবসায়ী সূত্রে খবর। যদিও বৈঠক শেষে ডেপুটি স্পীকার আশীষ বন্দ্যোপাধ্যায় বলেন, ব্যবসায়ীরা আমাদের কথা মেনে নিয়েছেন।

নতুন রাস্তার শিলান্যাস করলেন রাষ্ট্রমন্ত্রী সাবিনা ইয়াসমিন

দুরন্ত বার্তা, মালদা, ১ জুলাই ঃ উন্নয়নমূলক কাজ করবে রাজ্য সরকার। বিপদে মানুষের পাশে থাকবে তৃণমূল। সোমবার ইংরেজবাজার ব্লকের কোতুয়ালি গ্রাম পঞ্চায়েত এলাকায় নতুন কয়েকটি রাস্তার কাজের শিলান্যাস করে এমনটাই বলেছেন রাজ্যের উত্তরবঙ্গ উন্নয়ন দপ্তরের রাষ্ট্রমন্ত্রী সাবিনা ইয়াসমিন। লোকসভা নির্বাচনে মালদায় তৃণমূলের ফলাফল খারাপ

হওয়াতেও দুঃখ প্রকাশ করেন মন্ত্রী সাবিনা ইয়াসমিন। তিনি বলেন , গোটা রাজ্য জুড়ে যখন তৃণমূলের জয়জয়কার। তখন মালদায় আমাদের মাথা নিচু করে থাকতে হয়েছে। ফলাফল খারাপ হলেও মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি এই জেলায় উন্নয়নের ক্ষেত্রে কোনরকম খামতি রাখেন নি। স্বাভাবিক কারণেই আগামী দিনে জেলায় দলের শক্তি বৃদ্ধি আরও করতে হবে। এদিন কোতুয়ালি গ্রাম পঞ্চায়েতের গোন্তিরা এলাকায় নতুন কয়েকটি রাস্তার কাজের শুভ শিলান্যাস করা হয়। মন্ত্রীর পাশাপাশি উপস্থিত ছিলেন মালদা জেলা পরিষদের সংশ্লিষ্ট এলাকার নির্বাচিত সদস্য প্রতিভা সিংহ সহ স্থানীয় পঞ্চায়েতের জনপ্রতিনিধিরা। মন্ত্রী সাবিনা ইয়াসমিন বলেন, উত্তরবঙ্গ উন্নয়ন দপ্তরের বরাদ্দ ৫০ লক্ষ টাকায় কোতুয়ালি গ্রাম পঞ্চায়েত এলাকার বেশ কয়েকটি নতুন কংক্রিটের ঢালাই রাস্তার কাজ করা হবে। তারই এদিন ফিতেকেটে শুভ সূচনা করা হয়েছে। গোটা রাজ্যের পাশাপাশি মালদার সার্বিক উন্নয়নের ক্ষেত্রেও সবরকম ভাবে নির্দেশ দিয়েছেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি। সেই মতোই উন্নয়নমূলক কাজ চলছে।

পথ দুর্ঘটনায় গুরুতর জখম ২, ট্রাফিক সিগন্যালের দাবি এলাকাবাসীর

দুরন্ত বার্তা, জলপাইগুড়ি, ১ জুলাই ঃ বাইক নিয়ে রাস্তা পার হতে গিয়ে সবজি বোঝাই পিক আপ ভ্যানের ধাক্কায় দুর্ঘটনায় গুরুতর জখম হল দুইজন। ঘটনাটি ঘটেছে, রবিবার রাত আনুমানিক সাড়ে সাতটা নাগাদ হুসলুডাঙ্গা বাস স্ট্যান্ড সংলগ্ন এলাকায়। ঘটনায় ব্যাপক চাঞ্চল্য ছড়ায় এলাকায়। জানা গেছে জখম দুই ব্যক্তির বাড়ি ময়নাগুড়ি ব্লকের সাপটি বাড়ি এবং পূর্বদেহর এলাকায়। স্থানীয় সূত্রে জানা যায়, এদিন রাত সাড়ে সাতটা নাগাদ বাইক নিয়ে রঞ্জন রায় এবং ভূপেন রায় রাস্তা পার হচ্ছিলেন। সেই সময় ট্রাফিকের দায়িত্বে থাকা সিভিক ভলেন্টিয়ার্সরা বাইকটিকে থামতে বললেও রাস্তা পার হওয়ার চেষ্টা করে। সেই সময় ময়নাগুড়ির দিক থেকে ধূপগুড়ি যাওয়ার রাস্তায় একটি সবজি বোঝাই পিকআপ ভ্যান এসে সজোরে ধাক্কা মারে। ঘটনাস্থলেই ছিটকে পড়েন বাইকে থাকা দুই ব্যক্তি। স্থানীয় এবং সিভিক কর্মীরা তাদের উদ্ধার করে ময়নাগুড়ি গ্রামীণ হাসপাতালে নিয়ে যাওয়ার ব্যবস্থা করেন। তবে আঘাত গুরুতর হওয়ায় তাদের একজনকে জলপাইগুড়ি সুপার স্পেশালিটি হাসপাতালে স্থানান্তরিত করা হয়েছে। ঘটনার খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছায় হাইওয়ে ট্রাফিক পুলিশ। পুলিশ সূত্রে জানা গেছে, পিক আপ ভ্যানের চাকা ব্লাস্ট হয়ে যাওয়ায় গাড়িটি নিয়ন্ত্রণ হারিয়েছে। এদিকে বাইক চালককে ট্রাফিকের কর্মীরা থামতে বললেও না থানায় এই দুর্ঘটনা। অন্যদিকে, ঘটনার পরেই ক্ষোভে ফেটে পড়েন এলাকার বাসিন্দারা। তারা দাবি তোলেন, গুরুত্বপুর্ন একটি ক্রসিং হওয়া সত্ত্বেও প্রশাসন এই এলাকায় পর্যাপ্ত ব্যবস্থা গ্রহণ করছেন না। এলাকায় যেভাবে দুর্ঘটনা ঘটছে তাতে এই ক্রসিংয়ে একটি সিগন্যালের ব্যবস্থা বসানোর দাবি তুলেছেন স্থানীয় বাসিন্দারা।

যুবককে খুনের অভিযোগ সাধুর বিরুদ্ধে

দুরন্ত বার্তা, মালদা, ১ জুলাই ঃ তন্ত্র সাধনা করতে গিয়ে এক যুবককে নির্মমভাবে হত্যা করার অভিযোগ উঠলো এক সাধুর বিরুদ্ধে। চাঞ্চ্যল্যকর ওই ঘটনাটি ঘটেছে পূর্ব বর্ধমান জেলার গলসি থানার দয়ালপুরে মাঠে ডাকাত কালীর থানে। যুবকের মৃতদেহ সোমবার ময়নাতদন্ত হলো বর্ধমান মেডিকেল কলেজ হাসপাতালের মর্গে । মৃত যুবকের নাম জিত কুমার দানা বয়স ২০ বছর । তার বাড়ি গলসি থানার খেতুরা গ্রামে। খেতুরা গ্রাম থেকে কিছুটা দূরে দোয়েল পুরের মাঠে ডাকাত কালী ঠাকুর এর কাছে তার পরিচিত এক সাধু তাকে ডাকে। সেই মতো শনিবার রাতে বাড়ির লোককে জানিয়ে ওই যুবক সেখানে গিয়েছিল তারপর থেকে তার আর খোঁজ মেলেনি। তার মোবাইলের ও সুইচ অফ ছিল। অনেক খোঁজাখুঁজির পর পরের দিন রবিবার ওই যুবকের মৃতদেহ দোয়েলপুরের মাঠে পড়ে থাকতে দেখে স্থানীয়রা। তারপর পরিবারের সদস্যদের খবর দেয়। পরিবারের লোকজন খবর পেয়ে গ্রামের মানুষজন একত্রিত হয়ে মাঠে গিয়ে দেখে উলঙ্গ অবস্থায় পড়ে রয়েছে তার মৃতদেহ এবং দেহের বিভিন্ন অঙ্গে আঘাতের চিহ্ন। খবর দেওয়া হয় গলসি থানায়। পরে পরিবারের লোকজন ও গ্রামের মানুষের সহায়তায় ওই সাধুকে ধরে ফেলে এবং জোর দিলে জানতে পারে তাকে সে মেরে ফেলেছে। গলসি থানার পুলিশ ওই সাধুকে গ্রেফতার করেছে।

পথশ্রী রাস্তা নির্মাণের শুভ সূচনা

দুরন্ত বার্তা, বীরভূম, ১ জুলাই ঃ ১ জুলাই সোমবার আনুমানিক দুপুর আড়াইটে নাগাদ নলহাটি দুই নম্বর ব্লকের বারা এক নম্বর গ্রাম পঞ্চায়েতের পথশ্রী প্রকল্পের আওতায় ঢালায় রাস্তার নির্মাণের শুভ সুচনা হয়। রাস্তাটি লোহাপুর বাজার থেকে হাসপাতাল পর্যন্ত আনুমানিক সাতশো মিটার ৩৫ লক্ষ অর্থ ব্যয়ে তৈরী হচ্ছে জেলা পরিষদের তত্বাবধানে। এই রাস্তার নির্মাণের শুভ সূচনায় উপস্থিত ছিলেন জেলা পরিষদের অধ্যক্ষ সিপিএম কংগ্রেস জোটের বিরোধী দলনেতা সাব্বির হোসেন, পঞ্চায়েত সমিতির সদস্য, ব্লকের তৃণমূলের ফাইভ ম্যান কমিটির সদস্য কুদরতে খোদা সহ অন্যান্যরা।

ভাটনি-অন্ধিহার সেকশনের দ্বিগুণ কাজের উইন্ডো ট্রেইলিং পরিদর্শনে জেনারেল ম্যানেজার

গোরখপুর, ১ জুলাই ঃ উত্তর-পূর্ব রেলওয়ের জেনারেল ম্যানেজার মিসেস সৌম্য মাথুর, ০১ জুলাই, ২০২৪-এ ভাটনি-অন্ধিহার সেকশনের দ্বিগুণ কাজের উইন্ডো ট্রেইলিং পরিদর্শন পরিচালনা করেছিলেন। তিনি বর্ষা মৌসুমে নিরাপদ ও নিরাপদ রেল চলাচলের জন্য ভালো সিগন্যাল দৃশ্যমানতা বজায় রাখারও নির্দেশ দেন। উইন্ডো ট্রেলিং পরিদর্শনের সময়, জেনারেল ম্যানেজার মিসেস সৌম্য মাথুর নিরাপত্তা সহ এই বিভাগে চলমান উন্নয়ন কাজের অগ্রগতি পর্যালোচনা করেন।তার পরিদর্শনের সময়, মহাব্যবস্থাপক, শ্রীমতি সৌম্য মাথুর বারাণসী সিটি স্টেশনে পৌঁছলেন যখন জানালার পিছনের দিকটি পরিদর্শন করলেন। বারাণসী সিটি স্টেশনের জেনারেল ম্যানেজার, মিসেস সৌম্য মাথুর বারাণসী সিটি স্টেশনে চলমান নির্মাণ কাজের পুঙ্খানুপুঙ্খ পরিদর্শন করেছেন। সিটি স্টেশনের সম্প্রসারণের পাশাপাশি তিনি সংস্কার করা প্রবেশদ্বার গেট, সার্কুলেটিং এরিয়া সম্প্রসারণ, প্লাটফর্ম শেড, নতুন পে অ্যান্ড ইউজ টয়লেট নির্মাণ, যাত্রীদের সুবিধার্থে ওয়েটিং রুমের সৌন্দর্যবর্ধন, বসার ব্যবস্থা, গ্লোশাইন স্টেশনের নাম বোর্ড, সংরক্ষিত-অসংরক্ষিত টিকিট কাউন্টার বিল্ডিং এবং অমৃত ভারত স্টেশন প্রকল্পের অধীনে করা উন্নয়ন কাজ পরিদর্শন, জল নিষ্কাশন.অমৃত ভারত যোজনার অধীনে, ৫৯.৮৭ কোটি টাকা ব্যয়ে বারাণসী সিটি রেলওয়ে স্টেশনকে পুনর্নির্মাণ এবং আধুনিক করা হচ্ছে। মহাব্যবস্থাপক মিসেস সৌম্য মাথুর কাজের পরিকল্পনাটি শারীরিকভাবে পরিদর্শন করেন এবং অমৃত ভারত স্টেশন প্রকল্পের অধীনে কাজ এবং উন্নয়নের জন্য চিহ্নিত স্থানগুলির ব্লু প্রিন্ট প্রস্তাব করেন। অমৃত ভারত যোজনার অধীনে, তিনি বারাণসী সিটি স্টেশনের ভবনের সৌন্দর্যায়ন, প্রচলন এলাকার সম্প্রসারণ ও সৌন্দর্যায়ন, নতুন ভবনে সংরক্ষিত এবং অসংরক্ষিত টিকিট কাউন্টার স্থাপন, এ.টি.ভি.এম., কিউ.আর. স্ক্যানার ও ইউ এর যাত্রী উন্নয়ন সহ যাত্রী সুবিধার বিভিন্ন কাজ পরিদর্শন করেন। টি.এস. কাউন্টারে সারিতে দাঁড়িয়ে থাকা যাত্রীদের এটিভিএম মেশিনের মাধ্যমে নিজেদের টিকিট তৈরি করতে উদ্বুদ্ধ করে অল্প সময়ের মধ্যেই তাদের টিকিট তৈরি করা হয়।এই উপলক্ষে একটি আনুষ্ঠানিক বক্তৃতায়, জেনারেল ম্যানেজার মিসেস মাথুর জানান যে বারাণসী শহর উত্তর-পূর্ব রেলওয়ের একটি গুরুত্বপূর্ণ স্টেশন, অমৃত ভারত স্টেশন হিসাবে বিকাশের কাজ চলছে। যাত্রীদের সুবিধার্থে সিটি স্টেশনে নতুন ওয়েটিং রুম, নতুন যাত্রী সংরক্ষণ কেন্দ্র ভবন এবং পে অ্যান্ড ইউজ টয়লেট নির্মাণের কাজ শেষ হয়েছে। বারাণসী সিটি স্টেশনে যাত্রীদের সুবিধার্থে পুরনো পিআরএস কেন্দ্র এবং পার্সেল অফিসের ল্যান্ডস্কেপিংয়ের কাজ চলছে। জেনারেল ম্যানেজার, মিসেস মাথুর ১২ মিটার ফুট ওভার ব্রিজ (এফওবি) এবং বারাণসী সিটি স্টেশনের উন্নয়নের জন্য অবশিষ্ট নির্মাণ কাজ নির্দিষ্ট সময়ের মধ্যে সম্পূর্ণ গুণমানের সাথে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাদের নির্দেশ দিয়েছেন। এই উপলক্ষ্যে ডিভিশনাল রেলওয়ে ম্যানেজার জনাব বিনীত কুমার শ্রীবাস্তব এবং চিফ প্রজেক্ট ম্যানেজার (গতিশক্তিঃ) জনাব কৌশলেশ সিং, সিনিয়র ডিভিশনাল ইঞ্জিনিয়ার (সমন্বয়) রাকেশ রঞ্জন, সিনিয়র ডিভিশনাল ইঞ্জিনিয়ার-৩ জনাব অনুজ ভার্মা, সিনিয়র ডিভিশনাল কমার্শিয়াল ম্যানেজার মি. শেখ রেহমান, সিনিয়র ডিভিশনাল অপারেশন ম্যানেজার অজয় প্রতাপ সিং, সিনিয়র ডিভিশনাল সিগন্যাল অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ার মিঃ রজত প্রিয়া, সিনিয়র ডিভিশনাল পার্সোনেল অফিসার মিঃ সমীর পাল, সিনিয়র ডিভিশনাল ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ার (জেনারেল) মিঃ পঙ্কজ কেশরওয়ানি, সিনিয়র ডিভিশনাল সিকিউরিটি কমিশনার। শ্রী এস. রামকৃষ্ণান, উপ-প্রধান প্রকৌশলী (গতিশক্তি) শ্রী আইসি সুভাষ, বিভাগীয় বাণিজ্যিক ব্যবস্থাপক শ্রী রমেশ পান্ডে এবং রেলওয়ের ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

ভারতীয় ন্যায় সংহিতার বিরোধিতা জলপাইগুড়ি বার অ্যাসোসিয়েশনের

দুরন্ত বার্তা, জলপাইগুড়ি, ১ জুলাই ঃ পূর্ব ঘোষিত কর্মসূচি অনুযায়ী ১ জুলাই থেকে দেশ জুড়ে ১ জুলাই থেকে চালু হয়েছে স্বাধীনতার ৭৫ বছর পর বৃটিশ আইন পরিবর্তন করতে দেশীয় আইনের পরিকাঠামো। তবে সোমবার থেকে এই নতুন ভারতীয় ন্যায় সংহিতার বিরোধিতা করে দেশের বিভিন্ন আদালতে চলছে প্রতিবাদ বিক্ষোভ, তারই অংশ হিসেবে সোমবার জলপাইগুড়ি জেলা আদালতে বার অ্যাসোসিয়েশনের পক্ষ থেকে এর বিরোধিতা করা হয়, এই প্রসঙ্গে জেলার বিশিষ্ট আইনজীবি তথা রাজ্যে বার কাউন্সিলের সদস্য গৌতম দাস জানান, দেশে আইনের পরিবর্তন আসবে এটা নতুন কিছু নয়, তবে যে পদ্ধতিতে কেন্দ্রীয় সরকার লোকসভা থেকে বিরোধী সদস্যদের কার্যত বার করে দিয়ে এই আইন পরিবর্তনের বিল অনুমোদন করেছে আমরা সেই প্রক্রিয়ার বিরোধিতা করা পাশাপশি এই স্বৈরাচারী মনোভাবকে ধিক্কার জানাচ্ছি।

বিজেপির মিথ্যে মামলা ও চক্রান্তের বিরুদ্ধে তৃণমূল কংগ্রেসের ডাক

দুরন্ত বার্তা, মালদা, ১ জুলাই ঃ বিজেপির মিথ্যে মামলা ও চক্রান্তের বিরুদ্ধে তুফানগঞ্জ বিধানসভা তৃণমূল কংগ্রেসের ডাকে তুফানগঞ্জ শহরে তৃণমূল কংগ্রেসের প্রতিবাদ মিছিল। সোমবার তুফানগঞ্জ মহাবিদ্যালয়ের মাঠ থেকে মিছিলটি শুরু হয় এরপর তুফানগঞ্জ শহরের বিভিন্ন এলাকা পরিক্রমা করার পর তুফানগঞ্জ ব্লক তৃণমূল কার্যালয়ের সামনে এসে মিছিলটি শেষ হয়। কোচবিহার জেলা তৃণমূল কংগ্রেস সভাপতি অভিজিত দে ভৌমিক বলেন তুফানগঞ্জ বিধানসভা টি যেহতু আলিপুরদুয়ার লোকসভা কেন্দ্রের অন্তর্গত এবং সেখানে আমরা জয়লাভ করতে পারিনি। সেই কারণেই তৃণমূল কংগ্রেস কর্মীদের নামে মিথ্যে মামলা দিচ্ছে ও চক্রান্ত করছে। সেই কারণেই আজ তুফানগঞ্জ বিধানসভা তৃণমূল কংগ্রেসের ডাকে তুফানগঞ্জ শহরে প্রতিবাদ মিছিল হচ্ছে।

আটক বাংলাদেশী

দুরন্ত বার্তা, শিলিগুড়ি, ১ জুলাই ঃ দু দেশের নাগরিকত্ব নিয়ে সীমান্তরক্ষীর জালে এক বাংলাদেশী নাম মানিক ইসলাম। দুই দেশের নাগরিকতা নিয়ে বাংলাদেশ থেকে ফুলবাড়ী বাংলাবান্ধা সিমান্ত পার করে যখন ভারতে আসছিলেন সেই সময় ফুলবাড়ী বিএসএফ তাকে আটক করে জিজ্ঞাসাবাদ শুরু করে এবং তার কাছ থেকে দু দেশেরই নাগরিকতার বেশ কিছু নথিপত্র উদ্ধার হয়। পরবর্তীতে ধৃতকে নিউ জলপাইগুড়ি থানা হাতে তুলে দেয় বিএসএফ। তবে কিভাবে দু দেশের নাগরিকত্ব পেল তার তদন্ত শুরু করেছে পুলিশ। সোমবার জলপাইগুড়ি আদালতে পেশ করা হয়।

যাত্রী সেজে বাসে উঠে দুঃসাহসিক ছিনতাই এর ঘটনা কোচবিহারে

দুরন্ত বার্তা, কোচবিহার, ১ জুলাই ঃ দিনের বেলায় যাত্রী সেজে বাসে উঠে দুঃসাহসিক ছিনতাই এর ঘটনা ঘটলো কোচবিহারের ঘোকসাডাঙ্গা থানার অন্তর্গত রাইস মিল এলাকায়। বেসরকারি বাসে উঠে ছিনতাই করে পালালো দুষ্কৃতীরা। ছিনতাই চলাকালীন বাসের মধ্যে গুলি চালায় দুষ্কৃতীরা। বাসের পিছনে সিটে ঘুমিয়ে থাকা বাসের প্রথম ড্রাইভারকে মারধর করে ওই দুষ্কৃতীরা। বাসের কোন যাত্রী থেকে কোনরকম লুটপাট না করলেও বাসের ড্রাইভার কন্টাকটার এর ব্যাগ নিয়ে চম্পট দেয় দুষ্কৃতীরা। প্রাথমিকভাবে জানা যাচ্ছে সেই ব্যাগের মধ্যে বাসের স্টাফদের জামা কাপড়ের পাশাপাশি ছিল বেশ কয়েকটি পার্সেল। অনুমান করা হচ্ছে সেই পার্সেল লুট করতে এসেছিল দুশ্চিন্তারা। সেই জায়গা থেকে প্রশ্ন উঠছে কি ছিল সেই পার্সলে? যার জন্য দুষ্কৃতীরা এই লুটপাট চালায়। ইতিমধ্যেই পুলিশ সুপার সহ পুলিশের বিভিন্ন আধিকারিকরা ঘটনাস্থলে পৌঁছে ঘটনা তদন্ত শুরু করেছে। নবদ্বীপ থেকে কোচবিহারগামী বেসরাকারি যাত্রীবাহী বাসের চালকের মাথায় বঃদুক ঠেকিয়ে জিনিসপত্র লুঠ করল চার- পাঁচজনের একটি দুষ্কৃতীর দল। ঘটনায় গুরুতর জখম হয়েছেন একজন। এই ঘটনার পরই এলাকায় এসেছেন মাথাভাঙার অতিরিক্ত পুলিশ সুপার সন্দীপ গড়াই। তার কিছুক্ষণের মধ্যেই ঘটনাস্থলে পৌঁছান কোচবিহার পুলিশ সুপার দ্যুতিমান ভট্টাচার্য, উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন সংস্থার চেয়ারম্যান পার্তপ্রতিম রায়, তৃণমূলের যুব সভাপতি কমলেশ অধিকারী সহ অন্যান্যরা। জানা গিয়েছে, রানাঘাট থেকে কোচবিহার অভিমুখে ২৫-৩০ জন যাত্রী নিয়ে একটি বেসরকারি বাস আসছিল। সোমবার সকাল ১০টা নাগাদ পুণ্ডিবা।ি ফালাকাটা জাতীয় স।কের মাঝে ঘোকসাডাঙ্গা হিমঘর চৌপতি এলাকা অতিক্রম করার পর রাইস মিল সংলগ্ন এলাকায় দুঃসাহসিক ঘটনাটি ঘটে। ফিল্মি কায়দায় বাসচালক সিটল গোপের মাথায় আগ্নেয়াস্ত্র ঠেকিয়ে ডাকাতি শুরু করে দুষ্কৃতীরা। বাসের আরেক চালক অসিত পালকে ধারাল অস্ত্রের কোপ দেয়। তারপরই বাসে থাকা চার পাঁচটি ব্যাগ নিয়ে মাত্র কয়েকটি মিনিটের মধ্যেই সেখান থেকে নেমে ছোট গাড়িতে করে পালিয়ে যায় ডাকাত দল। ঘটনায় গুরুতর জখম হয়েছেন অসিত পাল। বর্তমানে তাঁকে কোচবিহার এমজেএন মেডিকেল কলেজ ও হাসপাতালে ভর্তি করা হয়েছে। তবে বাসে উপস্থিত বাকি যাত্রীদের কোনও ক্ষতি করেনি বলে জানা গিয়েছে। ঘটনার পর থেকে জেলাজুড়ে জাতীয় সড়ক, রাজ্য সড়ক সহ বিভিন্ন এলাকায় নাকা চেকিং শুরু করেছে পুলিশ। অন্যদিকে, ঘটনার কথা স্বীকার করলেও, গুলি চালানোর ঘটনা ঘটেনি বলে দাবি কোচবিহার পুলিশ সুপার দ্যুতিমান ভট্টাচার্যের। সমস্ত ঘটনার তদন্ত করে দেখছে পুলিশ।

পূর্ব রেলওয়ে

নং. ও-এসি-টি-১০২ থেকে ১০৫-২৪-২৫ (ওপেন) আসানসোল, তারিখঃ ২৮.০৬.২০২৪। ডিভিসনাল রেলওয়ে ম্যানেজার, পূর্ব রেলওয়ে, আসানসোল ডিভিসন, স্টেশন রোড, আসানসোল, পিন-৭১৩৩০১ কর্তৃক নিম্নলিখিত কাজের জন্য ই-টেন্ডার (ওপেন) আহ্বান করা হচ্ছে ঃ **ক্র. নং.১. কেস নং. ও-এসি-টি- ১০২-২৪-২৫, কাজের নামঃ** সিনিয়র ডিইএন/৩/ আসানসোল-এর আওতাধীনে লাইনের ক্ষমতার সর্বোচ্চ ব্যবহারের জন্য দুর্গাপুর-আসানসোল শাখায় বিভিন্ন স্থানে পাথওয়ের ব্যবস্থা করার ওপেন টেন্ডার; **টেন্ডারের মূল্যঃ** ₹১,৮৬,৪০,৬৭৫.০৫; **বায়না অর্থ ঃ** ₹২,৪৩,২০০.০০/-; **কাজ সম্পূর্ণ করার মেয়াদঃ** ০৮ মাস, **ক্র. নং. ঃ ২. কেস নং. ও-এসি-টি-১০৩-২৪-২৫। কাজের নাম ঃ** সিনিয়র ডিইএন/৪/ আসানসোল-এর আওতাধীনে এইএন/২/ ইউডিএল-এর অধীনে অণ্ডাল-সাঁইথিয়া শাখায় মোট ১৭ কিমি (ট্র্যাকের উভয় পার্শ্বে)নিরাপত্তা প্রাচীরের ব্যবস্থার জন্য ওপেন টেন্ডার; **টেন্ডারের মূল্যঃ** ₹৬,৭৯,৭৫,১১৬.২৫; **বায়না অর্থ ঃ** ₹৪,৮৯,৯০০.০০/-; **কাজ সম্পূর্ণ করার মেয়াদ ঃ** ১২ মাস, **ক্র. নং. ঃ ৩. কেস নং. ও-এসি-টি-১০৪-২৪-২৫। কাজের নাম ঃ** সিনিয়র ডিইএন/৪/ আসানসোল-এর আওতাধীনে আসানসোল ডিভিসনে রাস্তার উপরিতল, গেট লজ, হাইট গেজ এবং সব লেভেল ক্রসিং-এ বাধ্যতামূলক সাইন বোর্ড-এর পরিকাঠামো উন্নয়নের জন্য ওপেন টেন্ডার; **টেন্ডারের মূল্যঃ** ₹৯৩,৯৭,৯৬৭.৫৫; **বায়না অর্থ ঃ** ₹১,৮৮,০০০.০০/- **কাজ সম্পূর্ণ করার মেয়াদ ঃ** ১২ মাস; **ক্র. নং. ঃ ৪. কেস নং. ও-এসি-টি-১০৫-২৪-২৫। কাজের নাম ঃ** সিনিয়র ডিইএন/৪/ আসানসোল-এর আওতাধীনে লাইনের ক্ষমতার সর্বোচ্চ ব্যবহারের জন্য অণ্ডাল- সাঁইথিয়া শাখায় বিভিন্ন স্থানে পাথওয়ের ব্যবস্থা করার জন্য ওপেন টেন্ডার; **টেন্ডারের মূল্যঃ** ₹১,৮৬,৪০,৬৭৫.০৫; **বায়না অর্থ ঃ** ₹২,৪৩,২০০.০০/- **কাজ সম্পূর্ণ করার মেয়াদ ঃ** ০৮ মাস; **টেন্ডার বন্ধের তারিখ ও সময় ঃ** ২৪.০৭.২০২৪ তারিখ দুপুর ১২ টা। সম্পূর্ণ টেন্ডার রেলওয়ের ওয়েবসাইট **ireps.gov.in** -এ দেখা যাবে।

ASN-99/2024-25

টেন্ডার বিজ্ঞপ্তি ওয়েবসাইট www.er.indianrailways.gov.in / www.ireps.gov.in-এও পাওয়া যাবে।

আমাদের অনুসরণ করুন : @EasternRailway
@easternrailwayheadquarter

GOSWAMI MALIPARA GRAM PANCHAYAT
Vill & P.O-Goswami Malipara
P.S-Dadpur, Dist-Hooghly, Pin-712305
NOTICE INVITING e-TENDER

For and on behalf of the Goswami Malipara Gram Panchayat, Prodhan invites tenders through E- tendering for total 12 (Twelve) Nos. works. Last date of Submission of Bid 08.07.2024 at 12.00 Noon. Date of Opening of Bid(online) on: 10.07.2024 at 3.00 PM. For details visit website www.wbtenders.gov.in

Sd/- Pradhan
Goswami Malipara Gram Panchayat

NOTICE INVITING e-TENDER

The Notice Inviting e-Tender, vide NIeT No.-WBPUR/EO/PARA/NIT(e)-02/2024-25 of the Office of the Para Panchayet Samity, P.O-Para, District-Purulia, 05 (Five) nos. works/ Schemes under 15 th CFC Fund in the portal: www.wbtenders.gov.in. Tender ID: 2024_DM_703946_1 to 2024_DM_703946_5. Document download/ sell starting from 01.07.2024 up to 08.07.2024 16.00 PM. Bid submission starting from 01.07.2024 up to 08.07.2024 at 16:00 PM. And Opening on 10.07.2024 at 10:05 A.M. For details please visit website.

Sd/- Executive Officer
Para Panchayat Samity

NIeT-05/MGP/2024-25 & NIT-06/MGP/2024-25
Pradhan, Medinipur Gram Panchayat

Invites E-Tenders of 17 nos Construction & Installation works in Medinipur GP area within 06/07/2024. Details of which are available at www.wbtenders.gov.in website and the Notice Board of Medinipur Gram Panchayat, P.O.- Medinipurgram, Dist.-Bankura.

Sd/-Pradhan
Medinipur Gram Panchayat

GOSWAMI MALIPARA GRAM PANCHAYAT
Vill & P.O-Goswami Malipara
P.S-Dadpur, Dist-Hooghly, Pin-712305
NOTICE INVITING e-TENDER

For and on behalf of the Goswami Malipara Gram Panchayat, Prodhan invites tenders through E- tendering for total 16 (Sixteen) Nos. works. Last date of Submission of Bid 08.07.2024 at 12.00 Noon. Date of Opening of Bid (online) on: 10.07.2024 at 3.00 PM. For details visit website www.wbtenders.gov.in

Sd/- Pradhan
Goswami Malipara Gram Panchayat

প্রোটিয়াদের তছনছ করে কিংবদন্তি ঝুলন গোস্বামীর রেকর্ডে ভাগ বসালেন স্নেহ রানা

বেঙ্গালুরু, ১ জুলাইঃ ভারতীয় কিংবদন্তি ঝুলন গোস্বামীর এক রেকর্ড চেন্নাইয়ে ভাঙলেন স্নেহ রানা। এমএ চিদাম্বরম স্টেডিয়ামে একমাত্র টেস্ট ম্যাচ খেলছে ভারত ও প্রোটিয়া মহিলা টিম। যেখানে প্রথম ইনিংসে পাহাড় প্রমাণ ৬ উইকেটে ৬০৩ রান তুলেছিল টিম ইন্ডিয়া। তারপর ইনিংস ডিক্লেয়ার করেন হরমনপ্রীত কৌর। এরপর প্রথম ইনিংসে ২৬৬ রানে অল আউট হয় প্রোটিয়ারা। নেপথ্যে স্নেহ রানার ৮ উইকেট। অবশ্য ৮ উইকেটেই থেমে থাকেননি স্নেহ। দক্ষিণ আফ্রিকার দ্বিতীয় ইনিংসে ২টি উইকেট নিয়ে এক টেস্টে ঝুলিতে মোট ১০ উইকেট ভরেছেন স্নেহ। তাতেই ঝুলনের রেকর্ডে ভাগ বসিয়েছেন। ভারতের ডান হাতি বোলার স্নেহ রানা দক্ষিণ আফ্রিকার বিরুদ্ধে প্রথম ইনিংসে ২৫.৩ ওভারে ৭৭ রান খরচ করে ৮টি উইকেট নিয়েছিলেন। তাতে ছিল ৪ ওভার মেডেন। আর তিনি প্রোটিয়াদের বিরুদ্ধে দ্বিতীয় ইনিংসে ৪০ ওভারে ১১১ রান দিয়ে নেন ২টি উইকেট। ফলো অন খেয়ে দ্বিতীয় ইনিংসে ৩৭৩ রান তোলে প্রোটিয়ারা। ভারতের জার্সিতে কোন মহিলা ক্রিকেটাররা টেস্টে সবচেয়ে বেশি উইকেট নিয়েছেন? এই তালিকায় প্রথমেই রাখতে হয় ভারতীয় কিংবদন্তি ঝুলন গোস্বামীর নাম। তিনি টনটনে ২০০৬ সালে ইংল্যান্ডের বিরুদ্ধে ১০ উইকেট নিয়েছিলেন। এরপর এই তালিকায় রয়েছেন স্নেহ রানা। তিনি চেন্নাইয়ে দক্ষিণ আফ্রিকার বিরুদ্ধে ভারতের একমাত্র টেস্টে ১০টি উইকেট নিয়েছেন। এই তালিকায় তিন, চার ও পাঁচ নম্বরে রয়েছেন যথাক্রমে-দীপ্তি শর্মা (২০২৩ সালে মুম্বইয়ে ইংল্যান্ডের বিরুদ্ধে), হরমনপ্রীত কৌর (২০১৪ সালে মাইসোরে দক্ষিণ আফ্রিকার বিরুদ্ধে) এবং নীতু ডেভিড (১৯৯৫ সালে জামশেদপুরে ইংল্যান্ডের বিরুদ্ধে)।

সাদা বলে খেলা চালিয়ে যাবেন বিরাট-রোহিত!

মুম্বই, ১ জুলাইঃ ভারতের বিশ্বকাপ জয়ের আনন্দের মাঝেই বিষাদের সুর বাজিয়ে অবসরের পথে হেঁটেছেন টিম ইন্ডিয়ার তিন সুপারস্টার। নতুন করে বলার অপেক্ষা রাখে না, তাঁরা কারা। বিরাট কোহলি, রোহিত শর্মা টি-২০ বিশ্বকাপ জেতার পরই দেশের হয়ে আর টি-২০ ক্রিকেটে খেলবেন না বলে জানিয়েছিলেন। রবিবার বিকেলে রবীন্দ্র জাডেজাও আন্তর্জাতিক টি-২০ ক্রিকেটকে বিদায় জানিয়েছেন। এই পরিস্থিতিতে ভারতীয় ক্রিকেট প্রেমীদের মনে উঁকি দিয়েছে একটা প্রশ্ন, আগামী চ্যাম্পিয়ন্স ট্রফিতে কি খেলবেন বিরাট-রোহিত? এ নিয়ে বড় আপডেট দিয়েছেন বিসিসিআই সেক্রেটারি জয় শাহ। রোহিত-বিরাটরা বিশ্বকাপ জেতার পর বিসিসিআই সেক্রেটারি জয় শাহ পিটিআইকে

বড় আপডেট দিলেন জয় শাহ

জানিয়েছেন, টিমের সিনিয়র ক্রিকেটাররা আগামী চ্যাম্পিয়ন্স ট্রফির অংশ হতে চলেছেন। তিনি বলেন, ''আমি চাই ভারত সব খেতাব জিতুক। আমাদের রিজার্ভ বেঞ্চও বেশ শক্তিশালী। বিশ্বকাপ জয়ী টিমের মাত্র ৩ জন ক্রিকেটার জিম্বাবোয়ে যাচ্ছে। যদি প্রয়োজন হয় আমরা তিনটে দল তৈরি করতে পারি। আমাদের টার্গেট বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপ ফাইনাল এবং চ্যাম্পিয়ন্স ট্রফি। সেখানে একই রকম স্কোয়াড দেখা যেতে পারে। সিনিয়াররাও সেখানে থাকবে।'' টিম ইন্ডিয়া টি-২০ বিশ্বকাপ জেতার পর গৌতম গম্ভীর প্রশংসা করেছিলেন রোহিত-বিরাটের। তিনি জানিয়েছিলেন, তাঁর মনে হয় টি-২০ থেকে তাঁরা অবসর নিলেও বাকি দুই ফর্ম্যাটে অবদান রেখে যাবেন। দেশকে সাফল্য এনে দেবেন। গম্ভীরের এই কথার সূত্র ধরে মনে হতেই পারে, তাঁর এ কথা বলার কারণ কী? তিনি কোচ হচ্ছেন বলে? হতেই পারে। গম্ভীরের সঙ্গে হয়তো আগামী চ্যাম্পিয়ন্স ট্রফি নিয়ে বোর্ডের আলোচনা হয়ে গিয়েছে। বিরাট-রোহিত অবশ্য এক বারের জন্যও বলেননি, তাঁরা ওডিআই ক্রিকেটে আর খেলবেন না। হঠাৎ আন্তর্জাতিক টি-২০ ক্রিকেটকে তাঁরা বিদায় জানানোয় জল্পনা তৈরি হয়েছিল। যে তাঁরা চ্যাম্পিয়ন্স ট্রফিতে হয়তো খেলবে না। কে বলতে পারে, এই দুই সিনিয়র প্লেয়ারের জন্য আগামী চ্যাম্পিয়ন্স ট্রফি হতেই পারে শেষ ওডিআই টুর্নামেন্ট।

ইউরো কাপ ২০২৪

বেলিংহাম-কেইনে ঘুরে দাঁড়ানোর গল্প লিখে কোয়ার্টারে ইংল্যান্ড

গেলসেনকির্চেন, ১ জুলাইঃ রিয়াল মাদ্রিদে যোগ দিতে না দিতেই ঘুরে দাঁড়ানোর ডিএনএ ভালোভাবেই শরীরে ঢুকিয়ে নিয়েছিলেন বেলিংহাম। গত মরসুমে রিয়ালকে বেশ কয়েকটি ম্যাচ একক নৈপুণ্যে জিতিয়েছিলেন, পিছিয়ে পড়েও দলকে একাধিকবার ম্যাচে ফিরিয়েছিলেন। গেলসেনকির্চেনের আউফশালকে স্টেডিয়ামে ইংল্যান্ডকে ইউরোয় টিকিয়ে রাখতে বেলিংহামকে 'রিয়ালের বেলিংহাম' হিসেবে আবির্ভূত হতে হতো। তবে এ ক্ষেত্রে একক নৈপুণ্যের চেয়ে যে শব্দ দুটি সবচেয়ে উপযুক্ত মনে হয়, তা হলো 'ইনডিভিজুয়্যাল ব্রিলিয়ান্স'। বেলিংহাম সেটাই করে দেখালেন। স্লোভাকিয়ার বিপক্ষে নির্ধারিত ৯০ মিনিটের পর যোগ করা সময়ের চতুর্থ মিনিট পর্যন্তও ১-০ ব্যবধানে পিছিয়ে থাকা ইংল্যান্ড যখন বিদায়ের প্রহর গুনছে, তখনই বাইসাইকেল কিকে বেলিংহামের গোল! ১-১ সমতা চলে আসা ম্যাচটা এরপর অতিরিক্ত সময়ে গড়াল। সেখানে জয়সূচক গোল করলেন অধিনায়ক

হ্যারি কেইন। ঘুরে দাঁড়ানোর দারুণ এক গল্প লিখে ইংল্যান্ড পৌঁছে গেল কোয়ার্টার ফাইনালে। আগামী শনিবার রাতে সেমিফাইনালে ওঠার লড়াইয়ে বেলিংহাম-কেইনদের প্রতিপক্ষ গতবারের চ্যাম্পিয়ন ইতালিকে বিদায় করা সুইজারল্যান্ড। শুরু থেকে স্লোভাকিয়ার রক্ষণভাগকে ব্যতিব্যস্ত রাখে ইংল্যান্ড। তবে খেলার ধারার বিপরীতে গোল পেয়ে যায় স্লোভাকিয়াই। ২৫ মিনিটে দলকে এগিয়ে দেন ইভান শরাঞ্জ। পিছিয়ে পড়েই বিরতি যায় ইংল্যান্ড। গোল শোধ করতে মরিয়া হয়ে ওঠা ইংল্যান্ড দ্বিতীয়ার্ধের শুরুতেই ম্যাচে ফিরতে পারত। সদ্য তৃতীয় সন্তানের বাবা হয়ে দলে যোগ দেওয়া ফিল ফোডেন ৫০ মিনিটে স্লোভাকিয়ার জাল খুঁজে নেন। কিন্তু অফসাইডে থাকার ফোডেনের গোলটি বাতিল হয়ে যায়। এরপর অনেক চেষ্টা করেও যখন সমতাসূচক গোলটা পাওয়া হচ্ছিল না, তখন বিশেষ কিছু করা ছাড়া উপায় ছিল না ইংল্যান্ডের। শেষ পর্যন্ত যোগ করা সময়ের পঞ্চম মিনিটে কাইল ওয়াকারের লম্বা থ্রো থেকে বক্সের জটলায় গুয়েহি হেড করেন। এরপর বল চলে যায় বক্সের মাঝ বরাবর দাঁড়িয়ে থাকা বেলিংহাম। বলের উচ্চতা বুঝে নিয়েই তাঁর সেই বাইসাইকেল কিক। এরপর অতিরিক্ত সময়ের প্রথম মিনিটেই বদলি ইভান টনির কাছ থেকে বল পেয়ে হেডে অধিনায়ক কেইনের জয়সূচক গোল।

হৃদস্পন্দন বাড়লেও রোহিতদের বিশ্বজয়ে আপ্লুত ধোনি

রাঁচি, ১ জলাইঃ এতদিন ভারতের একমাত্র টি-টোয়েন্টি বিশ্বকাপজয়ী ক্যাপ্টেন ছিলেন মহেন্দ্র সিং ধোনি। এ বার তাঁর সঙ্গী হয়েছেন রোহিত শর্মা। বার্বাডোজে রোহিত ব্রিগেড বিশ্বজয় করার পর চুপ থাকতে পারেনি মাহি। তিনি এমনিতে সোশ্যাল মিডিয়ায় সক্রিয় নন। কালে ভদ্রে পোস্ট করেন নেটদুনিয়ায়। তাঁর ইন্সটাগ্রামে ঢুঁ মারলে দেখা যায় শেষ পোস্ট ২০২৩ সালের ৮ জুলাই। এ বার বিরাট-রোহিতরা টি-২০ বিশ্বকাপ জেতার পর ধোনি হঠাৎ সক্রিয় হন নেটদুনিয়ায়। ভারতের বিশ্বজয়ের জন্য নিজের সোশ্যাল মিডিয়া সাইট থেকে শুভেচ্ছা বার্তা জানিয়েছেন ধোনি। কোটি কোটি ভারতবাসী যেন হৃদয় হাতে নিয়ে বিশ্বকাপ ফাইনালে চোখ রেখেছিলেন। মহেন্দ্র সিং ধোনিও চাপমুক্ত ছিলেন না। সে কথা নিজেই জানিয়েছেন। ইন্সটাগ্রামে ভারতীয় টিমের ট্রফি নিয়ে সেলিব্রেশনের একটি ছবি পোস্ট করে ধোনি লিখেছেন, 'বিশ্বকাপ চ্যাম্পিয়ন। ম্যাচের সময় আমার হৃদস্পন্দন বেড়ে গিয়েছিল। প্রতিকূল মুহূর্তে শান্ত থেকে অদম্য ইচ্ছাশক্তির জোরে অসাধারণ জয় ছিনিয়ে নিয়েছ তোমরা। এই সাফল্যের জন্য অভিনন্দন। বিশ্বকাপ আবার ঘরে ফিরিয়ে আনার জন্য ভারত এবং বিশ্বের প্রতিটি প্রান্তে থাকা ভারতবাসী তোমাদের অভিনন্দন জানাচ্ছে। অসংখ্য শুভেচ্ছা।' মাহি অবশ্য এখানেই থেমে থাকেননি। একইসঙ্গে তিনি লেখেন, 'অত্যন্ত মূল্যবান জন্মদিনের উপহারের জন্য ধন্যবাদ।' আসলে ৭ জুলাই ভারতের প্রাক্তন অধিনায়ক মহেন্দ্র সিং ধোনির জন্মদিন। যে কারণে, মাহি মনে করছেন, ভারতের এই বিশ্বকাপ জয় তাঁর জন্মদিনের আগাম উপহার।

রাহুল টোটকা

প্রাক্তন কোচ হওয়ার আগে বিরাটকে 'শেষ কাজ' দিয়ে গেলেন দ্রাবিড়

বার্বাডোজ, ১ জুলাইঃ ভারতকে টি-২০ বিশ্বকাপ জিতিয়ে কোচিং কেরিয়ারের শেষটা সোনায় মুড়িয়ে রাখলেন রাহুল দ্রাবিড়। প্লেয়ার হিসেবে রাহুল দ্রাবিড় বিশ্বকাপ জয়ের স্বাদ পাননি। কিন্তু কোচ হিসেবে তাঁর সেই স্বপ্ন পূরণ করেছেন বিরাট কোহলি, রোহিত শর্মারা। টি-২০ বিশ্বকাপ অবধি রাহুল দ্রাবিড় টিম

ইন্ডিয়ার হেড কোচ ছিলেন। এ বার থেকে তাঁর নামের পাশে প্রাক্তন জুড়বে। টিম ইন্ডিয়ার প্রাক্তন কোচ হওয়ার ঠিক আগের মুহূর্তে বিরাট কোহলিকে 'শেষ কাজ' দিয়ে গেলেন রাহুল দ্রাবিড়। জানেন তা কী? আইসিসির ইন্সটাগ্রামে ভারতের ড্রেসিংরুমের এক ভিডিয়ো শেয়ার করা হয়েছে। যেখানে বিরাট কোহলিকে ভারতের হেড স্যার দ্রাবিড় বলেন, ''সাদা বলে তিনটে টিক হয়ে গিয়েছে। একটা লাল বাকি রয়েছে। সেটায় টিক করো।'' রাহুল দ্রাবিড় আসলে বিরাট কোহলিকে বলতে চেয়েছিলেন, তিনি তো টি-২০ বিশ্বকাপ, ওডিআই বিশ্বকাপ এবং চ্যাম্পিয়ন্স ট্রফি জিতেছেন। বাকি শুধু বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপ ফাইনাল। সেটাই এ বার জিততে হবে বিরাটকে। এখনও অবধি মোট দু'বার বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপ ফাইনাল খেলেছে টিম ইন্ডিয়া। প্রথম বার নিউজিল্যান্ডের কাছে হেরেছিল ভারত। তখন টিম ইন্ডিয়ার ক্যাপ্টেন ছিলেন বিরাট কোহলি ও কোচ রবি শাস্ত্রী। গত বছর বিশ্ব টেস্ট ফাইনালে অজিদের কাছে হেরেছে ভারত। তাতে টিম ইন্ডিয়ার কোচ ছিলেন দ্রাবিড় এবং ক্যাপ্টেন রোহিত। দু'বার ফাইনাল খেলেও বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নের খেতাব জিততে পারেনি ভারত। এ বার তাই বিদায়বেলায় টিম ইন্ডিয়ার ট্রফি ক্যাবিনেটে বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপ ট্রফি আনার আবদার কোহলির কাছে রেখে গেলেন দ্রাবিড়।

পরিস্থিতির চাপে পড়েই কি অবসর নিতে বাধ্য হলেন রোহিত?

মুম্বই, ১ জুলাইঃ টি-২০ বিশ্বকাপ চ্যাম্পিয়ন হয়েই বিরাট কোহলি, রোহিত শর্মারা যে ভাবে এই ফর্ম্যাট থেকে অবসর নিয়েছেন, তা অনেকের হজম হচ্ছে না। রো-কো জুটিকে দেশের হয়ে আর টি-২০ ক্রিকেট খেলতে দেখা যাবে না, এ কথা ভেবে মন খারাপ করছেন তাঁদের অনুরাগীরা। এরই মাঝে রোহিত শর্মার এক ভিডিয়ো ভাইরাল। যেখানে তাঁকে বলতে শোনা গিয়েছে, তিনি এখনই টি-২০ ক্রিকেট থেকে অবসর নিতে চাননি। পরিস্থিতির চাপে পড়ে অবসরের পথে হেঁটেছেন। তারপর থেকে এই প্রশ্ন জোরাল হয়েছে যে, ভারতের হবু হেড কোচ গৌতম গম্ভীরের জন্যই কি তিনি এই সিদ্ধান্ত নিয়েছেন। সোশ্যাল মিডিয়ায় ভাইরাল ভিডিয়োতে রোহিত শর্মাকে বলতে শোনা যায়, ''এ বারের বিশ্বকাপ উপভোগ করেছি। আমি ভাবিনি টি-২০ ক্রিকেট থেকে অবসর নেব। কিন্তু পরিস্থিতি এমন চলে এসেছে। তাই নিতে হল। মনে হল এটাই সঠিক সময়। বিশ্বকাপ জিতে বিদায় জানানোর থেকে ভালো আর কিছু হতে পারে না।'' ওই ভিডিয়োতেই শোনা যায় রোহিতকে একজন প্রশ্ন করেন, ''আপনি আইপিএল খেলবেন তো?'' সঙ্গে সঙ্গে উত্তরে রোহিত বলেন, ''হ্যাঁ ১০০ শতাংশ।'' গৌতম গম্ভীরের ভারতের কোচ হওয়া সময়ের অপেক্ষা। এর আগে গৌতমের এক ঝাঁক শর্ত সামনে এসেছিল। যে গুলি তিনি ভারতীয় টিমের কোচ হলে বলবৎ করতে চান। সেখানেই গৌতম জানিয়েছিলেন, তরুণদের ভারতীয় টিমে সুযোগ দিতে চান তিনি। তাই হয়তো দল থেকে বাদ পড়ার সময় আসার আগে নিজেই সরে যাওয়া শ্রেয় মনে করেছেন রোহিত।

ইউরো কাপ ২০২৪

দুর্দান্ত স্পেন কোয়ার্টার ফাইনালে, থামল জর্জিয়ার পথচলা

কোলেন, ১ জুলাইঃ প্রতিপক্ষ তিনবারের ইউরো এবং একবারের বিশ্ব চ্যাম্পিয়ন। এবারের ইউরোতেও শিরোপার বড় দাবিদার। দলটার নাম স্পেন। সেই প্রতিপক্ষের সামনে এই ম্যাচে খুব একটা পাত্তা পাওয়ার কথা না প্রথমবারের মতো ইউরো খেলতে আসা জর্জিয়ার। হ্যাঁ, প্রথমবার খেলতে এসেই শেষ ষোলোতে উঠে যাওয়া একটা বড় চমক। কিন্তু জর্জিয়ার পথচলা আসলে এখানে থামারই কথা, থামলও। দুর্দান্ত খেলেই স্পেন ম্যাচ জিতে নিল ৪-১ গোলে, ওঠে গেল ইউরোর কোয়ার্টার ফাইনালে। তবে বিদায় নেওয়ার আগে জর্জিয়াও উপহার দিয়ে গেল মুগ্ধ হওয়ার মতো কিছু মুহূর্ত। চিরাচরিত টিকি-টাকা থেকে সরে গিয়ে এবার ইউরোতে স্পেন খেলছে গতিময় দৃষ্টিনন্দন ফুটবল। মুগ্ধ করে যাচ্ছে ফুটবলপ্রেমীদের। সেই মুগ্ধতা থাকল জর্জিয়ার বিপক্ষে ম্যাচেও। যদিও কোলনে আজ প্রথম গোলটা স্পেনই খেয়েছে এবং সেটা কিছুটা খেলার বিপরীত স্রোতেই। ১৮ মিনিটে

রবিন লে নরমান্দের আত্মঘাতী গোলে পিছিয়ে পড়ার পর একে একে স্পেনের হয়ে চারটি গোল করেছেন রদ্রি, ফাবিয়ান রুইস, নিকো উইলিয়ামস ও দানি ওলমো। গ্রুপ পর্বে সবচেয়ে ব্যস্ত গোলকিপার ছিলেন জর্জিয়ার জর্জি মামারদাশভিলি। তাঁর সেই ব্যস্ততা থাকল এই ম্যাচেও এবং একেবারে শুরু থেকেই। ১০ মিনিটের মধ্যেই পেদ্রি ও দানি কারভাহালকে তিনি হতাশ করেন দারুণ দুটি সেভ করে। এর কিছুক্ষণ পরেই খেলার ধারার বিপরীতে গিয়ে গোল খেয়ে যায় স্পেন। ১৮ মিনিটে জর্জিয়ার কাকাবাদজের ক্রস বিপদমুক্ত করতে গিয়ে উল্টো নিজেদের জালে বল পাঠিয়ে দেন রবিন লে নরমান্দ। গ্রুপ পর্বে তিন ম্যাচে কোনো গোল না খাওয়া স্পেনের নকআউট পর্বে শুরুটা হলো আত্মঘাতী গোল খেয়ে। তবে ওই গোলটাই, এর পরে আর জর্জিয়াকে খুব একটা সুযোগ দেয়নি স্পেন। উইলিয়ামসের কাটব্যাক থেকে রদ্রি সমতা ফেরান ম্যাচের ৩৯ মিনিটে। ৫১ মিনিটে ইয়ামালের ক্রস থেকে স্পেনকে এগিয়ে দেওয়া গোলটা করেন রুইস। ৭৫ মিনিটে স্পেনের এর পরের গোলটার পাস বাড়িয়েছেন রুইস নিজেই, এবার গোলদাতা উইলিয়ামস। আর ম্যাচের ৮৩ মিনিটে মিকেল ওইয়ারসাবালের পাস থেকে ৪-১ করেন দানি ওলমো। ইউরোতে জর্জিয়ার গল্পটাও শেষ হয়ে যায় সেখানেই।

আর্জেন্টিনার বিপক্ষে 'আরেকটি ফাইনালের' জন্য উন্মুখ একুয়েডর

মেক্সিকোকে বিদায় করে কোপা আমেরিকার নকআউট পর্বে জায়গা করে নেওয়া একুয়েডরের সামনে প্রতিপক্ষ আর্জেন্টিনা। শক্তি, সামর্থ্যে অনেক এগিয়ে থাকা বিশ্ব চ্যাম্পিয়নদের মোটেও ভয় পাচ্ছেন না ফেলিক্স সানচেস। একুয়েডরের এই স্প্যানিশ কোচ জানিয়েছেন, বিশ্ব চ্যাম্পিয়ন ও বিশ্বের সেরা দলের মুখোমুখি হওয়ার জন্য উন্মুখ তারা।

ইউরো কাপ

নিউ জার্সি, ১ জুলাইঃ ভারতীয় সময় সোমবার সকালে 'বি' গ্রুপের ম্যাচে মেক্সিকোর সঙ্গে গোলশূন্য ড্র করে একুয়েডর। দুই দলেরই পয়েন্ট সমান-চার। গোল পার্থক্যে এগিয়ে থেকে নকআউট পর্বে জায়গা করে নেয় লাতিন আমেরিকার দেশটি। একই গ্রুপ থেকে টানা দুই জয়ে আগেই শেষ আটে খেলা নিশ্চিত করে ভেনেজুয়েলা। শেষ ম্যাচে জামাইকাকে ৩-০ গোলে হারিয়ে গ্রুপ সেরা হয়েছে তারা। কোয়ার্টার ফাইনালে তাদের প্রতিপক্ষ কানাডা। দুই ম্যাচ শেষে গোল পার্থক্যে এগিয়ে থাকায় মেক্সিকোর বিপক্ষে হার এড়ালেই চলত একুয়েডরের। সেই কাজ ঠিকঠাকই করতে পেরেছে তারা। এখন তাদের ভাবনায় কেবলই আর্জেন্টিনা। হিউস্টনের এনআরজি স্টেডিয়ামে ভারতীয় সময় আগামী শুক্রবার সকালে সেমিফাইনালে যাওয়ার লড়াইয়ে শিরোপাধারীদের মুখোমুখি হবে একুয়েডর। কদিন আগে প্রীতি ম্যাচে আর্জেন্টিনার বিপক্ষে ১-০ গোলে হেরেছিল তারা। কোচ সানচেস এবারও আরও বেশি লড়াই চান। ''আমরা জানি দুই প্রতিপক্ষ তুলনীয় নয়। আমরা জানি, এটা কতটা কঠিন হতে যাচ্ছে। আমাদের খেলোয়াড়রা পরের ধাপে যেতে পেরে খুশি। আমরা দেখব সামনে সব কীভাবে ঘটে। আমাদের জন্য এটা হবে আরেকটা ফাইনাল। আমরা বিশ্ব চ্যাম্পিয়ন ও বিশ্বের সেরা দলের সঙ্গে লড়াইয়ের চেষ্টা করব আমার বিশ্বাস এই ম্যাচে ছেলেরা ভীষণ

অনুপ্রাণিত থাকবে এবং তাদের মনোবল উচ্চ থাকবে।'' মেক্সিকোর বিপক্ষে রক্ষণ ঠিকঠাক সামাল দিলেও আক্রমণে তেমন সুবিধা করতে পারেনি একুয়েডর। সানচেস মানছেন, আসরে এখন পর্যন্ত কোনো গোল হজম না করা আর্জেন্টিনার বিপক্ষে অনেক উন্নতি করতে হবে তাদের। ''আমরা জানি যে, আমাদের উন্নতির জন্য এখনও অনেক কাজ করতে হবে। তবে এটা কোপা আমেরিকা এবং আজকে পরের ধাপে খেলা নিশ্চিত করার মধ্য দিয়ে আমরা অনেক উন্নতি করেছি। আমাদের খেলোয়াড়দের উপর আমার পূর্ণ আস্থা আছে। জানি, গত তিন ম্যাচের মতো পরের ম্যাচেও ওরা নিজেদের সেরাটা দেবে। আমরা জানি, এটা কতটা কঠিন। তবে ম্যাচ হবে ১১ বনাম ১১। জয়ের জন্য যা করা প্রয়োজন, আমরা তা করব।'' আগেই কোয়ার্টার ফাইনাল নিশ্চিত করে ফেলা ভেনেজুয়েলা ৯ পয়েন্ট নিয়ে গ্রুপসেরা হয়ে শেষ আটে পেয়েছে কানাডাকে। ৬ জুলাই ভেনেজুয়েলা-কানাডা ম্যাচের জয়ী দল সেমিফাইনালে খেলবে আর্জেন্টিনা-ইকুয়েডরের মধ্যে জয়ী দলের বিপক্ষে। 'এ' ও 'বি' গ্রুপের সব ম্যাচ শেষ হয়ে কোয়ার্টারের সমীকরণ মিলে গেলেও 'সি' ও 'ডি' গ্রুপের শেষ ম্যাচ এখনো বাকি। আগামীকাল 'সি' গ্রুপের ম্যাচে খেলবে যুক্তরাষ্ট্র-উরুগুয়ে ও বলিভিয়া-পানামা। বলিভিয়া ছাড়া বাকি তিন দলই এখনো কোয়ার্টার ফাইনালের দৌড়ে আছে। উরুগুয়ের পয়েন্ট ৬, যুক্তরাষ্ট্র ও পানামার ৩ করে। 'ডি' গ্রুপের ম্যাচ হবে ভারতী. সময় বুধবার সকালে। যেখানে ব্রাজিলের প্রতিপক্ষ কলম্বিয়া, প্যারাগুয়ের প্রতিপক্ষ কোস্টারিকা। এই গ্রুপে প্যারাগুয়ে এরই মধ্যে ছিটকে পড়েছে। কলম্বিয়া ৬ পয়েন্ট নিয়ে শীর্ষে, ব্রাজিল ৪ পয়েন্ট নিয়ে দুইয়ে ও কোস্টারিকা ১ পয়েন্ট নিয়ে তৃতীয় স্থানে আছে।



দুরন্ত প্রকাশন প্রাইভেট লিমিটেডের পক্ষে প্রকাশক ও মুদ্রক অলোক কুমার নস্কর কর্তৃক সত্যযুগ এমপ্লয়িজ কো-অপারেটিভ ইন্ডাস্ট্রিয়াল সোসাইটি লিমিটেড, ১৩, প্রফুল্ল সরকার স্ট্রিট, কলকাতা-৭২ হইতে মুদ্রিত ও ৯৪ ফিয়ার্স লেন, ৫ম তল, কলকাতা-৭০০০১২ হইতে প্রকাশিত, সম্পাদক-অলোক কুমার নস্কর Ph. No. 033-2237-0488, 9830217166
Printed & Published by Aloke Kumar Naskar on behalf of Duranta Prakashan Pvt. Ltd. and printed at Satyajug Employees Co Operative Industrial Society Limited, 13, Prafulla Sarkar Street, Kolkata-700072 and Published at 94, Phears Lane, 4th Floor, Kolkata-700012, Dist.-Kolkata, Editor: Aloke Kumar Naskar E-mail: dailydurantabarta@gmail.com